

**রোটারিয়ান প্রফেসর ডা. তৃপ্তীশ চন্দ্র ঘোষ**


বাংলাদেশের টাংগাইল জেলার নাগরপুরে এক সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহন করেন। তিনি চট্টগ্রাম মেডিক্যাল কলেজ থেকে চিকিৎসা বিজ্ঞানে স্নাতক - এমবিবিএস ডিগ্রি অর্জন করেন। তিনি সরকারী স্কলারশিপে তৎকালীন সোভিয়েত ইউনিয়নের তাসখন্দ থেকে ১৯৯২ সালে কার্ডিওলোজিতে পিএইচ.ডি ডিগ্রি লাভ করেন। তিনি ২০০৫ সালে আমেরিকান কলেজ অব কার্ডিওলোজি এবং ২০০৭ সালে রয়েল কলেজ অব ফিজিশিয়ানস অব এডিনবার্গ থেকে ফেলোশিপ ডিগ্রি অর্জন করেছেন। এ ছাড়াও হৃদরোগ চিকিৎসা ও গবেষণায় বিশেষ অবদানের জন্য ইউরোপিয়ান সোসাইটি অব কার্ডিওলোজি ২০০৬ সালে তাকে সম্মানসূচক ফেলোশিপ প্রদান করেন।

ডা. তৃপ্তীশ চন্দ্র ঘোষ একজন কার্ডিওলোজির প্রফেসর এবং সাবেক অধ্যক্ষ, ময়নামতি মেডিকেল কলেজ। বর্তমানে তিনি কুমিল্লা সিডি প্যাথ এন্ড হস্‌পিটালে হৃদরোগ বিশেষজ্ঞ হিসেবে চিকিৎসা সেবা প্রদান করছেন।

ডা. তৃপ্তীশ চন্দ্র ঘোষ-এর বহু বৈজ্ঞানিক গবেষণা প্রবন্ধ দেশীয় ও আর্ন্তজাতিক জার্নালে প্রকাশিত হয়েছে। এ পর্যন্ত তাঁর লেখা তিনটি কাব্যগ্রন্থসহ ১১টি বই প্রকাশিত হয়েছে।

তিনি হৃদরোগ প্রতিরোধ, চিকিৎসা, পুণর্বাসন ও গবেষণামূলক প্রতিষ্ঠান - হার্ট কেয়ার ফাউন্ডেশন, কুমিল্লা, বাংলাদেশ -এর প্রতিষ্ঠাতা ও সভাপতি। যার মাধ্যমে তিনি হৃদরোগ বিষয়ে জনসচেতনতার পাশাপাশি লক্ষাধিক দুঃস্থ জনগোষ্ঠীকে চিকিৎসা সেবা দিচ্ছেন।

তিনি পৃথিবীর অন্যতম বৃহৎ আর্ন্তজাতিক সেবামূলক সংগঠন রোটারি ইন্টারন্যাশনাল এর হয়ে দীর্ঘদিন যাবত সেবামূলক কাজের সাথে জড়িত। তিনি ২০০৭-০৮ রোটাবর্ষে রোটারি ক্লাব অব কুমিল্লা'র প্রেসিডেন্ট ছিলেন। বর্তমানে তিনি রোটারি ডিস্ট্রিক্ট-৬৫, বাংলাদেশ এর ডিস্ট্রিক্ট কো-অর্ডিনেটর। রোটারিয়ান ডা. তৃপ্তীশ চন্দ্র ঘোষ একজন পল হ্যারিস ফেলো বেনিফ্যাক্টর এবং মেজর ডোনার।




ROTARY INTERNATIONAL
BYAKTI THEKE BISHWA
INDIVIDUAL TO UNIVERSE
by Dr. Triptish Chandra Ghose
Cover-Abdullah Al Mahmood
July 2020
Price-U$ 6
ISBN-978-984-8068-99-1

2ND ADDITION March 2024

978- 984- 8068- 99- 1


রোটারি ইন্টারন্যাশনাল ব্যক্তি থেকে বিশ্ব ■ ডা. তৃপ্তীশ চন্দ্র ঘোষ

Rotary

## রোটারি ইন্টারন্যাশনাল

# ব্যক্তি থেকে বিশ্ব

ডা. তৃপ্তীশ চন্দ্র ঘোষ

Rotary International

# INDIVIDUAL TO UNIVERSE

Dr. Triptish Chandra Ghose

Rotary

রোটারি ইন্টারন্যাশনাল

# ব্যক্তি থেকে বিশ্ব

রোটারিয়ান ডা. তৃপ্তীশ চন্দ্র ঘোষ

Rotary International

# INDIVIDUAL TO UNIVERSE

RTN. DR. TRIPTISH CHANDRA GHOSE

Rotary

রোটারি ইন্টারন্যাশনাল

# ব্যক্তি থেকে বিশ্ব

©
ডা. তৃপ্তীশ চন্দ্র ঘোষ

প্রথম প্রকাশ **জুলাই ২০২০**
দ্বিতীয় সংস্করণ **মার্চ ২০২৪**

প্রকাশনায়
**য়ারোয়া বুক কর্ণার**
৮০৫, রোজভিউ প্লাজা লি.
১৮৫ বীর উত্তম সি আর দত্ত রোড
ধানমন্ডি, ঢাকা।
ফোন: ০১৭২৬৭৪০৮৬৮
ISBN-978-984-8068-99-1

প্রাপ্তিস্থান
**রোটারী ক্লাব অব কুমিল্লা**
আজিজুল হক রোটারী সেন্টার
বাগিচাগাঁও, কুমিল্লা।
+৮৮ ০৮১ ৬৮০৫৭
+৮৮ ০১৭১৮ ২৪৪১৮৩
rotaryclubofcomilla6@gmail.com

প্রচ্ছদ ইলাস্ট্রেশন
**আব্দুল্লাহ আল মাহমুদ**

**মুদ্রণ**
কে এল গ্রাফিক্স, কুমিল্লা।
০১৯১১৯১১৫৪৬

**মূল্য**
৳৪০০ টাকা মাত্র

উৎসর্গ

**পল পি হ্যারিস**

প্রতিষ্ঠাতা রোটারি ইন্টারন্যাশনাল



রোটারি ইন্টারন্যাশনাল

# ব্যক্তি থেকে বিশ্ব

সূচিপত্র CONTENT সূচিপত্র CONTENT সূচিপত্র CONTENT সূচিপত্র CONTENT সূচিপত্র CONTENT সূচিপত্র CONTENT সূচিপত্র CONTENT


ভূমিকা/Preface ০৭-০৮
রোটারি ইন্টারন্যাশনাল ০৯-১০
রোটারির জন্ম ইতিহাস ১১
প্রথম রোটারির ঘটনাবলি ১২
রোটারি কি? ১৫
রোটারির সংজ্ঞা ১৬
রোটারির 'চার-উপায়ে পরীক্ষা' ১৭
রোটারি প্রত্যয়/রোটারির উদ্দেশ্য/রোটারির লক্ষ্য ১৮
ব্যবসা এবং পেশায় রোটারিয়ানদের ঘোষণা/ রোটারির আদর্শ ১৯
রোটারির সেবার পথগুলি বা সার্ভিস এভিনিউ ২০-২১
রোটারির সেবার অংশীদার ২২
রোটারিতে মহিলাদের অন্তর্ভুক্তিকরণ ২৩
একজন রোটারিয়ানের আন্তর্জাতিক দায়িত্ব ২৪
ভিন্নমত সহিষ্ণুতা ২৫
বিশেষায়িত রোটারি মাস ২৭
রোটারি পতাকা ৩০
রোটারির প্রতীক হুইল / চক্র ৩১
সাধারণ রোটারি ক্লাব সংবিধান ৩২
একটি নতুন সদস্যের স্পনসর বা প্রস্তাবক ৩২
শ্রেণীবিভাগের নীতি ৩৪
রোটারি ক্লাব সদস্য/ সদস্য কে হবেন ৩৫
রোটারির নীতি অনুসারে একজন সম্ভাব্য সদস্য হবেন ৩৬
কীভাবে সদস্য হবেন ৩৭
সদস্য হওয়ার কী সুবিধা/ সদস্য হওয়ার আরো সুবিধা হলো ৩৮
সদস্যপদের স্থায়ীত্ব/ সক্রিয় সদস্য ৩৯
সম্মানীয় সদস্যপদটি / বিকল্প ধরণের সদস্যপদ প্রস্তাব ৪০
কর্পোরেট সদস্যপদ/ পারিবারিক সদস্যপদ ৪১
সহযোগী / তরুণ সদস্যপদ/ রোটারেক্টরা কি এখন রোটারিয়ান? ৪২
কোন ব্যক্তিগত সুযোগ সুবিধা নেই/ রোটারির সাংগঠনিক কাঠামো ৪৩
ক্লাবের দায়িত্ব/ বন্ধুত্বের সুযোগ ৪৪

৪৫ সদস্য সংগ্রহ ও সংরক্ষন/ নতুন সদস্যদের সঙ্গে মতবিনিময়
৪৬ নিয়মিত উপস্থিতি
৪৬ মেক আপ/ V ক্লাবগুলির সভা কত ঘন ঘন করা উচিত?
৪৯ নতুন ধরণের ক্লাব
৫০ স্যাটেলাইট ক্লাব কীভাবে কাজ করবে?
৫১ পাসপোর্ট ক্লাব কী?
৫২ ক্লাবের সমাবেশের প্রার্থনা/ ক্লাব নেতৃত্ব পরিকল্পনা
৫৩ কার্যকর ক্লাবের বৈশিষ্ট্য
৫৫ ক্লাব সভাপতির ভূমিকা ও দায়িত্ব
৫৬ ক্লাব সেক্রেটারীর ভূমিকা ও দায়িত্ব
৫৮ ক্লাব ট্রেজারারের ভূমিকা ও দায়িত্ব
৫৯ নতুন ক্লাব সংগঠন ও রোটারি প্রসারণ
৬০ ডিস্ট্রিক্ট-জেলা/ জেলা গর্ভণর
৬২ সহকারী গভর্ণরদের ভূমিকা
৬৩ ডিস্ট্রিক্ট অ্যাসেম্বলি জেলা সমাবেশ
৬৪ ডিস্ট্রিক্ট কনফারেন্স জেলা সম্মেলন
৬৫ নির্বাচিত সভাপতি প্রশিক্ষণ কর্মশালা/ রোটারি ইন্টারন্যাশনাল আরআই বোর্ড
৬৬ সম্পাদক মন্ডলি সেক্রেটারিয়েট/ আরআই কার্যক্রম / গ্লোবাল নেটওয়ার্কিং গ্রুপস
৬৭ রোটারি বন্ধুত্ব বিনিময়/ গ্রুপ-স্টাডি এক্সচেঞ্জ (জিএসই)
৬৮ রোটারি কমিউনিটি কর্পস RCC
৬৯ রোটারি স্বেচ্ছাসেবক/ রোটারি যুব বিনিময়
৭০ যুব নেতৃত্ব পুরষ্কার/ বিশ্ব সমাজ সেবা/ সেবামূলক কাজ/ জনহিতকর অনুদান
৭১ ম্যাচিং গ্র্যান্টস/জেলা সরলিকৃত অনুদান/ স্বেচ্ছাসেবা অনুদান/
স্বাস্থ্য, ক্ষুধা ও মানবতা অনুদান
৭২ অ্যামবাসেডরিয়াল স্কলারশিপ/ রোটারি শান্তি ফেলোশিপ
৭৩ রোটারি ফাউন্ডেশন
৭৪ রোটারি ফাউন্ডেশনের সূত্রপাত/ পল হ্যারিস ফেলো
৭৫ রোটারি ফাউন্ডেশনের স্থায়ী তহবিল
৭৬ আরআই ওয়ার্ল্ড হেডকোয়ার্টার/ অফিসিয়াল ডাইরেক্টরি
৭৭ ইন্টারন্যাশনাল অ্যাসেম্বলি/ আন্তর্জাতিক সমাবেশ

সূচিপত্র CONTENT সূচিপত্র CONTENT সূচিপত্র CONTENT সূচিপত্র CONTENT


আন্তর্জাতিক সম্মেলন রোটারি ইন্টারন্যাশনাল কনভেনশন ৭৮
প্রেসিডেন্ট নির্বাচন ৭৮
কাউন্সিল অন লেজিসলেশন ৭৯
রোটারি ইন্টারন্যাশানালের সদস্যপদ ৮০
উৎকৃষ্ট সেবার স্বীকৃতি এবং বিশিষ্ট সেবা পুরস্কার ৮১
একে অপরকে যে নামে ডাকেন/ বার্ষিক আরআই ভাবনা ৮২
গভর্ণরদের রঙীন জ্যাকেট/দি রোটারিয়ান এবং ৮৩
রোটারি ওয়ার্ল্ড ম্যাগাজিন প্রেস ৮৩
রোটারির জনসম্পর্ক ৮৪
আরআই ওয়েব সাইট ৮৫
স্বাক্ষরতা কর্মসূচী ৮৬
পোলিও ও রোটারি ৮৭
পোলিওপ্লাস কর্মসূচী ৮৮
ROTARY'S AREAS OF FOCUS ৯১
বিরোধ বা সংঘাতকে চিহ্নিত করা ৯২
সংঘাত প্রতিরোধ, বিরোধ মীমাংসা এবং শান্তি স্থাপন ৯৩
রোগ প্রতিরোধ ও চিকিৎসা ৯৪
স্বাস্থ্য সেবা/ পানি ও পয়নিষ্কাশন ব্যবস্থা ৯৫
মাতৃ ও শিশু স্বাস্থ্য ৯৭
মৌলিক শিক্ষা ও স্বাক্ষরতা ৯৯
অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন ১০১
পরিবেশ সংরক্ষণ ১০২


রোটারি ইন্টারন্যাশনাল
ব্যক্তি থেকে বিশ্ব





# ভূমিকা

পৃথিবীর প্রথম সেবামূলক সংগঠন রোটারি ইন্টারন্যাশনাল। যার মূল উদ্দেশ্য ছিল বিভিন্ন পেশাজীবীদের মধ্যে পারস্পরিক বন্ধুত্বের চেতনাকে উজ্জীবিত করে নিজেদের পেশাগত এবং সামাজিক কর্মকান্ড আরও সুচারুরূপে পালন করার মাধ্যমে মানবসেবা করা। তাই একজন পেশাজীবি এবং বন্ধুবৎসল মানুষ হিসাবে এই সংগঠনের সাথে জড়িয়ে পড়েছিলাম সহজেই। প্রায় দুই দশকের অভিজ্ঞতায় যে বিষয়টি আমার কাছে গুরুত্বপূর্ণ মনে হয়েছে তা হলো প্রথমত: রোটারি শুধুই একটি ক্লাব নয়, রোটারি হচ্ছে একটি জীবন দর্শন। সুতরাং একজন রোটারিয়ানকে অবশ্যই এই দর্শনকে জানতে হবে, ভালোভাবে বুঝতে হবে এবং ব্যক্তিজীবন থেকে শুরু করে ব্যবসায়িক-পেশাগত জীবনে তার চর্চা করতে হবে। দ্বিতীয়ত: একটি আন্তর্জাতিক সংগঠন হিসাবে রোটারির দাপ্তরিক ভাষা হচ্ছে ইংলিশ। যদিও পরবর্তিতে মোট আটটি ভাষা রোটারির দাপ্তরিক ভাষার মর্যাদা পেয়েছে তথাপি পৃথিবীর সপ্তম সর্বাধিক মানুষের ভাষা হিসাবে বাংলা এখনও রোটারির দাপ্তরিক ভাষার মর্যাদা পায়নি। যে কারণে অনেক বাংলা ভাষাভাষি মানুষের কাছে রোটারি পৌঁছাতে পারেনি। আর যারা রোটারির সদস্য হয়েছেন ঠিকই তাদের একটা বড় অংশ কিন্তু রোটারিকে পুরোপুরি আত্মস্থ করতে ব্যর্থ হচ্ছেন। ফলে আদর্শিক জায়গায় রোটারি বার বার হোচট খাচ্ছে এবং স্বার্থের আবর্তে ঘূরপাক খাচ্ছে। সেই বাস্তবতায় আমি রোটারির সংক্ষিপ্ত ইতিহাস, দর্শন, সংগঠন, কর্মসূচী এই বিষয়গুলোকে বাংলায় রোটারির সদস্য, সম্ভাব্য সদস্য এবং সাধারণ মানুষের কাছে তুলে ধরতে চেয়েছি।

এই কাজে শুরু থেকেই আমাকে উৎসাহ দিয়েছেন-
পিডিজি এম এ আহাদ। আর নৈতিক সমর্থন দিয়েছেন বর্তমান, আগামী এবং প্রাক্তন গভর্ণরসহ সকল পর্যায়ের রোটারী নেতৃবৃন্দ।

সবশেষে আমার দুটি চাওয়া সবিনয়ে বলতে চাই। প্রথমটি রোটারিয়ানদের কাছে - আপনারা বইটি পড়ুন এবং জেনে বুঝে রোটারি করুন। আর দ্বিতীয়টি রোটারি ইনাটারন্যশনাল-এর কাছে - প্রায় তিন'শ মিলিয়ন মানুষের মুখের ভাষা বাংলাকে রোটারির দাপ্তরিক ভাষার মর্যাদা দিন।

সকলের মঙ্গল হোক।

Rotary International
**INDIVIDUAL TO UNIVERSE**

# Preface

Rotary International is the world's first service organization. The main purpose of this organization is to do humanitarian works more precisely by creating a bond of friendship between professionals. That's why, as a professional and an amiable person, I became engaged with this organization easily. In my almost 2 decades of experience, subjects that I have found most important are, firstly, Rotary is not just a club, Rotary is a philosophy of life. So, a Rotarian should know about this philosophy. He should understand and practice it in his personal and professional life. Secondly, being an international organization, Rotary's official language is English. Though, later on, eight languages in total have been ranked as the official language of Rotary. However, Bangla being ranked seventh in the list of the most spoken languages in the world still has not been ranked as the official language of Rotary. For that reason, Rotary has not been reached to mass people who speak Bangla. On the other hand, a handful of people who became members of Rotary find difficult to understand. As a result, Rotary is stumbling in it's way in the ideological point of view. In that reality, I am highlighting briefly about Rotary's history, philosophy, organization and program to the members, prospective members and common people. From the very beginning, PDG M. A. Ahad has encouraged me to do this work. Besides the moral support has been given to me by present, past and future governors and leaders of Rotary from all stages.

Finally, my humble request to you-

The first one is to the Rotarians- please read the book and do Rotary by understanding it properly.

The second one is to The Rotary International- Please rank Bangla as one of the official language of Rotary which is the language of about 300 million people.

Rotary



Rotary

# রোটারি ইন্টারন্যাশনাল

পৃথিবীর প্রথম সেবামূলক সংগঠন রোটারি ক্লাব এর জন্ম হয় ১৯০৫ সালের ২৩ ফেব্রুয়ারি আমেরিকার শিকাগো শহরে। এর প্রতিষ্ঠাতা ছিলেন আমেরিকার একজন এটর্নি মিঃ পল পারসিভাল হ্যারিস। এই ক্লাব প্রতিষ্ঠার পেছনে মূল উদ্দেশ্য ছিল বিভিন্ন পেশাজীবীদের মধ্যে পারস্পরিক বন্ধুত্বের চেতনাকে উজ্জীবিত করে নিজেদের পেশাগত এবং সামাজিক কর্মকান্ড আরও সুচারুরূপে পালন করা। অত্যন্ত কার্যকরী ও উপকারী সংগঠন হিসেবে অতি অল্প সময়ে শিকাগো থেকে আমেরিকার অন্যান্য স্থানের মতো বিশ্বের বিভিন্ন দেশে নতুন নতুন  রোটারি ক্লাব গঠিত হতে থাকে বিধায় এক পর্যায়ে তা আন্তর্জাতিক স্বীকৃতি লাভ করে এবং এর নামকরণ করা হয় "রোটারি ইন্টারন্যাশনাল"।

কালের আবর্তে রোটারি ইন্টারন্যাশনাল শুধু রোটারিয়ানদের পেশাগত ও সামাজিক স্বার্থ রক্ষার মধ্যে সীমাবদ্ধ না থেকে ঠিক করে নেয় মূল উদ্দেশ্য তা হলো - সেবা। সেই সাথে নির্ধারণ করে মূল নীতিবাক্য Service Above Self অর্থাৎ "স্বার্থের উর্ধ্বে সেবা"। ব্যক্তি স্বার্থের উর্ধ্বে উঠে মানব সেবার মূল মন্ত্রে দীক্ষিত হন রোটারিয়ানরা। আর ক্লাবগুলি এই সেবার কাজ পরিচালনা করে  পাঁচটি সার্ভিস এভিনিউ বা  সেবার পথের মাধ্যমে, সেগুলি হলো - ক্লাব সার্ভিস, ভোকেশনাল সার্ভিস, কমিউনিটি সার্ভিস, ইন্টারন্যাশনাল সার্ভিস এবং নিউ জেনারেশন সার্ভিস। রোটারির চারটি লক্ষ্য স্থির করে রোটারিয়ানগনণ নিজ নিজ পেশায় ও ব্যবসায় ৮টি নৈতিক বিষয়ে ঘোষণাপূর্বক কাজে সেগুলো বাস্তবায়ন করেন। সেই সাথে রোটারিয়ানদের নৈতিক মান বজায় রাখার লক্ষ্যে গ্রহণ করেন রোটারীর Four-Way Test বা চার-উপায়ে পরীক্ষার নীতিমালা এবং অঙ্গীকারবদ্ধ হন রোটারীর আদর্শিক প্রত্যয়ে।

১৯৪৫ সনের দ্বিতীয় বিশ্বযুদ্ধ চলাকালীন সময়ে ও যুদ্ধ পরবর্তীতে রোটারি আন্তর্জাতিক 'বিশ্ব সমঝোতা' সৃষ্টিতে গুরুত্বপূর্ণ অবদান রাখে। যুদ্ধ শেষে ৪৯ জন রোটারিয়ান ২৯ টি দলে বিভক্ত হয়ে 'জাতিসংঘ সনদ' তৈরিতে মুখ্য ভূমিকা পালন করেন। উল্লেখযোগ্য কর্মকান্ডগুলো রোটারি ইন্টারন্যাশনাল এর নিয়মিত প্রকাশনায় প্রকাশিত হয়।
তাছাড়াও যুব উন্নয়ন, রোটারি পরিবার ও রোটারির ইমেজ বা ভাবমূর্তি বৃদ্ধির লক্ষ্যে জনসম্পৃক্ততা বৃদ্ধিকরণের মতো পূর্বের এ প্রকল্পগুলোকেও সমান গুরুত্ব দেয়া হয়। এ মহৎ লক্ষ্য অর্জনে সারা পৃথিবীতে বর্তমানে ২০০ টিরও বেশী দেশে ৩৫ হাজার রোটারি ক্লাবের মাধ্যমে প্রায় ১২.২ লক্ষ রোটারিয়ান কাজ করে যাচ্ছেন। ১৯৮৫ সন থেকে পোলিওমুক্ত বিশ্ব গড়ে তোলার লক্ষ্যে জাতিসংঘের অঙ্গ সংস্থা UNICEF কে উক্ত কাজে মোট খরচের সিংহ ভাগ অর্থ দান করে বিশ্বে অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছে রোটারি ইন্টারন্যাশনাল।
সুতরাং রোটারির আদর্শ এবং কর্মতৎপরতা সকল রোটারিয়ানদের পাশাপাশি সাধারণ জনগণের মাঝে ছড়িয়ে দেওয়ার লক্ষ্যে আসুন আমরা সবাই মিলে কাজ করি। একটি সুখী-সমৃদ্ধ ন্যায় ও কল্যাণধর্মী বিশ্ব গড়ার লক্ষ্যে বিশ্বের সকল জাতি-গোষ্ঠীর মানুষকে উদ্বুদ্ধ করি - সেবার মহান আদর্শে।






# রোটারির জন্ম ইতিহাস


বাম থেকে হিরাম শোরে, সিলভেস্টার স্কিলি, গুস্তাভাস লোহর ও পল হ্যারিস

শতবর্ষেরও বেশী আগে ১৯০৫ সালে বিশ্বের সর্ব বৃহৎ সেবাধর্মী ক্লাব রোটারির জন্ম হয়। আমেরিকার ইলিনয় অঙ্গরাজ্যের শিকাগো শহরের একজন একাকী অ্যাটর্নি পল পারসিভাল হ্যারিস তার আরও তিন ব্যবসায়ীবন্ধু মিলে এর সূচনা করেছিলেন। ১৯০৫ সালের ২৩ ফেব্রুয়ারি সন্ধ্যেবেলা শিকাগোর কেন্দ্রস্থলে ১২৭ নর্থ ডিয়ারবর্ন স্ট্রীট-এ অবস্থিত পুরানো ইউনিটি বিল্ডিং এর ৭১১ নম্বর ঘরে বসে তারা মিটিং করেন। তাদের আলোচনায় একটি সাধারণ বিষয় উঠে আসে যে, তারা তাদের পরিচিত লোকদের সাথে আচরনের ক্ষেত্রে বন্ধুত্ব এবং বিশ্বাসযোগ্যতার অভাব বোধ করছেন। সেই রাতেই তারা এমন একটি ক্লাব গঠনের সিদ্ধান্ত নেয় যেখানে তারা একে অপরের সাথে বন্ধুত্ব ও বিশ্বাসের সাথে কারবার করতে পারবে। এই মিটিং-এ পল পারসিভাল হ্যারিস ছাড়াও তার আরও তিন বন্ধু উপস্থিত ছিলেন, তারা হলেন - কয়লা ব্যবসায়ী সিলভেস্টার স্কিলি, খনি প্রকৌশলী গুস্তাভাস লোহর এবং হিরাম শোরে যিনি ছিলেন একজন দর্জি ব্যবসায়ী। প্রাথমিকভাবে এই মিটিংগুলো বিভিন্ন মেম্বারদের অফিসে ঘুরে ঘুরে হওয়ার কারনে সংগঠনের নাম দেয়া হয় - রোটারি।
ক্লাবের প্রাথমিক লক্ষ্যগুলির মধ্যে একটি ছিল সদস্যদের একে অপরের মধ্যে ব্যবসা বিনিময় করা। তবে নদীর স্রোত যেমন কখনও কখনও দিক পরিবর্তন করে তেমনি সেবার আনন্দ আবিষ্কারের মাধ্যমে রোটারি ক্লাবও সহসাই লক্ষ্য পরিবর্তন করেছিল। শীঘ্রই কমিউনিটিতে তাদের সেবা, তাদের গ্রাহক, কর্মচারী, শিশু সবার মধ্যে এমন গতির সঞ্চার করে যে রোটারি অল্প কিছুদিনের মধ্যেই 'সার্ভিস ক্লাব' বা 'সেবাধর্মী ক্লাব' -এর পরিচিতি পেয়ে যায়। তিন বছরের মধ্যে রোটারি ক্লাব অব শিকাগোর সদস্য সংখ্যা বেড়ে হয় ২০০। এমনি করেই রোটারি শিকাগো থেকে আমেরিকার অন্যান্য শহরেও ছড়িয়ে পরে। ধীরে ধীরে আমেরিকার গন্ডি পেরিয়ে গ্রেট বৃটেন, ইউরোপ, এশিয়া, আফ্রিকাসহ সারা পৃথিবীতে দুই শতাধিক দেশে রোটারি বিস্তৃতি লাভ করেছে। যদিও পল হ্যারিস ১৯০৫ সালে শিকাগোতে প্রথম রোটারি ক্লাবের প্রতিষ্ঠাতা এবং সংগঠক ছিলেন, তবুও প্রথম সভাপতি হিসাবে অন্য আর একজন প্রতিষ্ঠাতা সদস্য সিলভেস্টার স্কিলি নির্বাচিত হন।

১৯১০ সাল নাগাদ, সেখানে ১৬টি রোটারি ক্লাব ছিল, যেগুলি ন্যাশনাল অ্যাসোসিয়েশন অফ রোটারি ক্লাব নামের একটি প্রতিষ্ঠান গড়ে তোলে।
দুই বছর পরে, কানাডা, ইংল্যান্ড, আয়ারল্যান্ড এবং স্কটল্যান্ডেও ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন অফ রোটারি ক্লাব হয়।
১৯২২ সালে নামটি সংক্ষিপ্ত হয়ে রোটারি ইন্টারন্যাশনাল হয়।
**১৯১০ সালে** প্রথম যখন রোটারি ক্লাবগুলির প্রতিষ্ঠানটির সৃষ্টি হয়, তখন **পল হ্যারিস প্রথম সভাপতি নির্বাচিত**। তিনি ১৯১০ সাল থেকে ১৯১২ সাল পর্যন্ত দু'বছর এই পদটিতে ছিলেন। এভাবেই, রোটারি ধারনার প্রতিষ্ঠাতা, যিনি প্রথম ক্লাবের সভাপতি হতে অস্বীকার করেন, তিনি বিশ্বব্যাপী প্রতিষ্ঠান, রোটারি ইন্টারন্যাশনালের প্রথম সভাপতি হন।
রোটারি একটি প্রশস্ত এবং গভীর নদীর মতো প্রবহমান কোথায় এর শেষ কেউ জানে না, তবে যারা এর জলের দিকে তাকিয়ে আছেন তারা সকলেই এর উৎস নিয়ে গর্বিত হতে পারেন।

## প্রথম রোটারির ঘটনাবলি

**১৯০৫** সালের ২৩ ফেব্রুয়ারি শিকাগোতে রোটারি ক্লাবের প্রথম সভা হয়েছিল। সান ফ্রান্সিসকোতে দ্বিতীয় ক্লাব গঠিত হয়।
**১৯০৭** সালে রোটারির প্রথম কমিউনিটি সার্ভিস প্রজেক্ট - শিকাগোর রোটারিয়ানরা সিটি হলের বাইরে জনগনের জন্য একটি বিশ্রামকক্ষ স্থাপন করেছিলেন।
**১৯০৯** রোটারি ক্লাব অফ নিউ ইয়র্ক সংগঠিত হয়।
প্রথম নিয়মিত মধ্যাহ্নভোজের সভা করেছিল ক্যালিফোর্নিয়ার রোটারি ক্লাব অব ওকল্যান্ড।
**১৯১০** সালের আগস্টে শিকাগোতে প্রথম রোটারি কনভেনশন হয়েছিল।
**১৯১০** আমেরিকার বাইরে প্রথম রোটারি ক্লাব: ১৯১০ সালের নভেম্বরে তৈরি হয়েছিল রোটারি ক্লাব অব ইউনিপেগ, মানিটোবা, কানাডায়।
**১৯১১** সালে, ডাবলিন, আয়ারল্যান্ড এ উত্তর আমেরিকার বাইরে প্রথম রোটারি ক্লাব তৈরি হয়।
**১৯১২** শিকাগোতে প্রথম রোটারি কনভেনশন অনুষ্ঠিত হয়
**১৯১৬** সালে, একটি ইংরেজিতে কথা না বলা দেশ হিসাবে হাভানা, কিউবা'য় প্রথম রোটারি ক্লাব তৈরি হয়।
**১৯১৭** সালে প্রতিষ্ঠিত রোটারি এনডাউমেন্ট ফান্ড যেটি ছিল দি রোটারি ফাউন্ডেশন -এর অগ্রদূত।
**১৯১৮** সালে, দক্ষিণ আমেরিকার মন্টিভিডিও, উরুগুয়ে-তে, প্রথম রোটারি ক্লাবটিকে সনদ দেওয়া হয়।



**১৯১৯** সালে, রোটারি ক্লাব অব ম্যানিলা ছিল এশিয়ায় প্রথম ক্লাব। কেউ কেউ আবার বলে থাকেন রোটারি ক্লাব অব সাংহাই -এর মাধ্যমে এশিয়ায় রোটারির যাত্রা শুরু হয়। ১৯১৯ সালের ২৬ সেপ্টেম্বর যাত্রা শুরু করেছিলো এশিয়ার আরও একটি ক্লাব, রোটারি ক্লাব অব কোলকাতা।
**১৯২১** সালে, মেলবোর্ন- এ অস্ট্রেলিয়ার প্রথম রোটারি ক্লাবটিকে সনদ দেওয়া হয়। জোহানেসবার্গে, দক্ষিণ আফ্রিকার প্রথম ক্লাব যাত্রা শুরু করে।
**১৯৩২** সালে শিকাগোর রোটারিয়ান হার্বার্ট জে. টেলর প্রণয়ন করেন নৈতিকতা পরীক্ষার অনবদ্য মাইলফলক দি ফোর-ওয়ে টেস্ট বা চারধারা পরীক্ষা।




**১৯৩৮** সালে ২৬ ফেব্রুয়ারি সনদ পাওয়ার মাধ্যমে যাত্রা শুরু করেছিলো বাংলাদেশের প্রথম ক্লাব রোটারি ক্লাব অব ঢাকা।
**১৯৪৫** উনপঞ্চাশ জন রোটারিয়ান সান ফ্রান্সিসকোতে বসে জাতিসংঘের সনদের খসড়া তৈরিতে সহায়তা করেন।
**১৯৪৭** রোটারির প্রতিষ্ঠাতা পল হ্যারিস মারা যান।
প্রথম ১৮টি রোটারি ফাউন্ডেশন স্কলারশিপ দেওয়া হয়।
**১৯৫৭** সালে দি রোটারি ফাউন্ডেশনে ১০০০ ডলার অনুদান প্রদানকারীদের জন্য প্রথম পল হ্যারিস ফেলো স্বীকৃতির ব্যবস্থা করা হয়।
**১৯৬২** মেলবোর্ন, ফ্লোরিডায় গঠিত হয় প্রথম ইন্টার্যাক্ট ক্লাব।
**১৯৬৫** রোটারি ফাউন্ডেশন ম্যাচিং গ্র্যান্ট এবং গ্রুপ স্টাডি এক্সচেঞ্জ প্রোগ্রাম চালু করে।

**১৯৭৮** টোকিওতে রোটারি ইন্টারন্যাশনালের-এর বৃহত্তম সম্মেলন অনুষ্ঠিত হয়। যেখানে ৩৯,৮৩৪ জন রোটারিয়ান নিবন্ধন করেন।

**১৯৮৫** (i) বিশ্বের সমস্ত শিশুদের পোলিওর বিরুদ্ধে টিকা দেয়ার জন্য রোটারি পোলিওপাস কর্মসূচি ঘোষণা করে।
(ii) কাউন্সিল অন লেজিসলেশন মহিলাদের জন্য রোটারির সদস্যপদ উন্মুক্ত করে।

**১৯৮৯** প্রায় ৫০ বছরের মধ্যে প্রথমবারের মতো বুদাপেস্ট, হাঙ্গেরি এবং পোল্যান্ডের ওয়ারশ'র রোটারি ক্লাবগুলি চার্টার্ড পায়।

**১৯৯০** সোভিয়েত ইউনিয়নের প্রথম ক্লাব হিসেবে চার্টার্ড পায় রোটারি ক্লাব অফ মস্কো।

**১৯৯৪** পশ্চিম গোলার্ধকে পোলিও মুক্ত ঘোষণা করা হয়।

**১৯৯৯** শান্তি ও সংঘাত সমাধানে আন্তর্জাতিক অধ্যয়নের জন্য রোটারি সেন্টার প্রতিষ্ঠিত হয়।

**২০০০** পশ্চিম প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলকে পোলিও মুক্ত ঘোষণা করা হয়।

**২০০২** (i) ইউরোপকে পোলিও মুক্ত ঘোষণা করা হয়।
(ii) ৭০ জন রোটারি পিস স্কলারের প্রথম শ্রেণীর অধ্যয়ন শুরু হয়।

**২০০৩** রোটারিয়ানরা পোলিও নির্মূলের চূড়ান্ত পর্যায়ে সহায়তার জন্য US$ ১১৮ মিলিয়নের বেশি অর্থ সংগ্রহ করে।

**২০০৫** (i) ২৩ ফেব্রুয়ারি ২০০৫: রোটারি ক্লাব অফ শিকাগো এবং রোটারি ইন্টারন্যাশনাল চারজন মানুষের প্রথম বৈঠকের শতবর্ষ উদযাপন করেছে যাদের সমাবেশ বিশ্বব্যাপী আন্দোলনে পরিণত হয়েছিল।
(ii) "রুম ৭১১" সভার শতবর্ষ এবং রোটারি ইন্টারন্যাশনাল ১৯-২২ জুন ২০০৫ শিকাগো, ইলিনয়, রোটারির জন্মস্থানে শতবর্ষীয় কনভেনশন আহ্বান করে।

**২০০৬** মাত্র চারটি পোলিও-এন্ডেমিক দেশ রয়ে গেছে: আফগানিস্থান, ভারত, নাইজেরিয়া এবং পাকিস্তান। ১৯৮৫ সাল থেকে বিশ্বব্যাপী পোলিওর ঘটনা ৯৯ শতাংশ কমেছে।

**২০০৭** রোটারি ফাউন্ডেশন ৩৪ জন ব্যক্তিকে স্বীকৃতির মাধ্যমে মিলিয়নতম পল হ্যারিস ফেলো উদযাপন করে। প্রতিটি রোটারি জোন থেকে একজন করে দাতা তাদের অবদানের জন্য ফলক এবং সার্টিফিকেট পান।

**২০০৮** রোটারি আনুষ্ঠানিকভাবে পোলিও নির্মূলের জন্য বিল অ্যান্ড মেলিন্ডা গেটস ফাউন্ডেশন থেকে US$ ১০০ মিলিয়ন ডলার চ্যালেঞ্জ অনুদান মেলানোর প্রচেষ্টা শুরু করে।

**২০০৯** রোটারি ইংল্যান্ডের বার্মিংহামে ১০০ তম রোটারি ইন্টারন্যাশনাল কনভেনশন উদযাপন করেছে।

**২০১০** ১৯৯,০০০ এরও বেশি মহিলা বিশ্বব্যাপী রোটারি ক্লাবের সদস্য হয়।



**২০১২** এলিজাবেথ এস ডেমারে কোষাধ্যক্ষ হিসাবে তার মেয়াদ শুরু করেন। যিনি এই পদে কাজ করা প্রথম মহিলা।

**২০১৩** অ্যান এল. ম্যাথিউস রোটারি ইন্টারন্যাশনালের প্রথম মহিলা ভাইস প্রেসিডেন্ট হিসেবে তার মেয়াদ শুরু করেন।

**২০১৩-২০১৫** আর্জেন্টিনার সেলিয়াডি গিয়া এবং উইসকনসিন থেকে মেরি অ্যান গ্রোনি-সেলিন আরআই ডিরেক্টর হন।

**২০১৭** ব্রেন্ডা এম. ক্রেসি, TRF ট্রাস্টি (২০১৭-২০২১) কোষাধ্যক্ষ হিসাবে তার মেয়াদ শুরু করেছেন।

**২০২০** জেনিফার ই. জোন্স, রোটারি ক্লাব অফ উইন্ডসর-রোজল্যান্ড, কানাডার অন্টারিওর সদস্য, ২০২২-২৩-এর জন্য রোটারি ইন্টারন্যাশনালের সভাপতি নির্বাচিত হন। রোটারি ইন্টারন্যাশনালের ১১৬ বছরের ইতিহাসে তিনিই প্রথম মহিলা প্রেসিডেন্ট।







## রোটারি কি?

রোটারি হচ্ছে ১২ লক্ষেরও বেশী বন্ধু, প্রতিবেশী, নেতা এবং সমস্যা সমাধানকারী মানুষের একটি আন্তর্জাতিক সংগঠন যেখানে মানুষ একত্রিত হয় দীর্ঘমেয়াদী পরিবর্তনের জন্য, পরিবর্তন বিশ্বব্যাপী তথা আমাদের সমাজের এবং নিজেদের পরিবর্তন। সত্যিকারের সমস্যা সমাধানের লক্ষ্যে দূরদৃষ্টি ও অঙ্গীকার নিয়ে কাজ করে রোটারি। প্রায় ১১৫ বছর ধরে রোটারীর সদস্যরা তাদের আবেগ, শক্তি উদ্যম, বুদ্ধিমত্তা দিয়ে টেকসই প্রজেক্ট - স্বাক্ষরতা ও শান্তি থেকে পানি ও স্বাস্থ্যসেবা সবকিছু নিয়েই রোটারি কাজ করে একটি সুন্দর পৃথিবী গড়ার জন্য এবং এই উদ্দেশ্য সাধনে রোটারিয়ানরা শেষ পর্যন্ত অঙ্গীকারবদ্ধ।

রোটারিয়ানরা বিশ্বাস করে যে পৃথিবীর বিদ্যমান সমস্যা সমাধানের লক্ষ্যে আমাদের সকলের দায়িত্ব রয়েছে।

## রোটারির সংজ্ঞা

রোটারি নামক প্রতিষ্ঠানটিকে এক কথায় বর্ণনা করা খুবই কঠিন। একটি রোটারি ক্লাবের বহু রকমের বৈশিষ্ট্য যেমন আছে, তেমনি এখানে বারো লাখেরও বেশি সংখ্যক রোটারিয়ানের কার্যক্রমও যুক্ত আছে। এখানে সেবা, আন্তর্জাতিকতা, বন্ধুত্ব, প্রতিটি বৃত্তির শ্রেণীবিভাগ, সুনাম এবং সার্বজনীন বোঝাপড়া, উদ্বিগ্ন হওয়া এবং আরও অনেক কিছু বৈশিষ্ট্য আছে।

১৯৭৬ সালে রোটারি ইন্টারন্যাশনাল এর বোর্ড অফ ডাইরেক্টররা রোটারির মৌলিক দৃষ্টি-ভঙ্গিগুলির একটি সংক্ষিপ্ত সংজ্ঞা দিতে আগ্রহী হন। আর আই এর পাবলিক রিলেশন কমিটির তৎকালীন দায়িত্বপ্রাপ্ত যে ৩ জন ব্যক্তি ছিলেন এরা তাঁদের দারস্থ হন এবং রোটারির জন্য একটি একপংক্তি বিশিষ্ট সংজ্ঞা প্রস্তুত করতে অনুরোধ করেন। একাধিক খসড়া রচিত হওয়ার পর, কমিটি এই সংজ্ঞা উপস্থাপিত করে, যা তারপর থেকে বিভিন্ন রোটারির প্রকাশনায় ব্যবহার হয়ে আসছে:

**"রোটারি হল ব্যবসায়ী এবং পেশাজীবিদের একটি আন্তর্জাতিক সংগঠন যেটি মানবসেবা প্রদান করে, সকল প্রকার পেশার ক্ষেত্রে উচ্চ নৈতিক মানসম্পন্ন হতে উৎসাহিত করে এবং সারাবিশ্বে সৌভ্রাতৃত্ব ও শান্তি গড়ে তুলতে সাহায্য করে।"**

## বৈচিত্র, সমতা এবং অর্ন্তভুক্তি

### Diversity, Equity & Inclusion

রোটারি একটি আন্তর্জাতিক সংগঠন হিসেবে এমন একটি বিশ্ব গড়ার সংগ্রাম করে যাচ্ছে যেখানে সারা পৃথিবীর মানুষ ঐক্যবদ্ধ হয়ে কাজ করবে একটি স্থায়ী পরিবর্তনের জন। রোটারি বৈচিত্রকে ধারণ করে এবং সকল স্তরের মানুষের জাতি, ধর্ম, বর্ণ, লিঙ্গ, বয়স ও অর্থনৈতিক সামর্থ্যের ভিন্নতার বিচার ছাড়াই সকলের অবদানকে উৎযাপন করে।

**রোটারিয়ানরা পার্থক্য গড়তে চায়**

**রোটারিয়ানরা দেখে ভিন্নভাবে** - বিভিন্ন শাখার পর্যবেক্ষণের পরিপ্রেক্ষিতে যেকোন চ্যালেঞ্জ মোকাবেলায় একটি অনন্য পন্থা অবলম্বন করে।

**রোটারিয়ানরা চিন্তা করে ভিন্নভাবে** - রোটারির নেতৃত্ব ও বিশেষজ্ঞরা সমাজের বিভিন্ন সমস্যার একটি অনন্য সমাধান খোঁজার চেষ্টা করে।

**রোটারিয়ানরা দায়িত্ব নিয়ে কাজ করে** -রোটারিয়ানদের আবেগ উদ্যোম একটি স্থায়ী পরিবর্তনের সূচনা করে।

আমরা আমাদের ঘরে, সমাজে এবং সাড়া বিশ্বে পার্থক্য গড়তে চাই।



## রোটারির 'চার-উপায়ে পরীক্ষা'

### THE 4-WAY TEST

ব্যবসায়িক নৈতিকতার ক্ষেত্রে বিশ্বে সর্বাধিক মুদ্রিত এবং উদ্ধৃত বিবৃতি হচ্ছে এই চারি-উপায়ে পরীক্ষা। বার্তাটি সকল রোটারিয়ানের জানা এবং অনুসরন করা উচিৎ। যে সকল বিষয়ে আমরা চিন্তা করি, বলি বা কাজ করি -

| | |
|---|---|
| Is it the truth? | ইহা কি সত্য? |
| Is it Fair to all concern | ইহা কি সংশ্লিষ্ট সকলের জন্য ন্যায়সঙ্গত? |
| Will it build Goodwill & better Friendship | ইহা কি সৌহার্দ্য এবং অধিকতর বন্ধুত্ব গড়ে তুলবে? |
| Will it be Beneficiary with all concern | ইহা কি সংশ্লিষ্ট সকলের জন্য কল্যানকর? |

আমি একজন ব্যক্তি হিসাবে নিজেকে প্রশ্ন করতে হবে যে, আমি যা ভাবছি, তা কি ন্যায়সংগত? যা বলছি, তা কি সত্য বলছি? যা করছি সেটা কি ঠিক করছি বা ভালো করছি? সেটা কি আমাদের বন্ধুত্বকে আরও সুদৃঢ় করবে? সেটা কি সকল মানুষের জন্য কল্যাণকর হবে?

প্রতিটি চিন্তা, কথা বা কাজের পূর্বে যদি আমরা নিজেকে এই প্রশ্নগুলি করি এবং এগুলির ইতিবাচক উত্তর নিয়ে তবেই কাজ শুরু করি তাহলে একজন মানুষের পক্ষে মিথ্যা বলা, খারাপ কাজ করা বা কারো প্রতি অন্যায় করা কঠিন হবে।

১৯৩২ সালে রোটারিয়ান হারবার্ট জে টেলর এই চার-উপায়ে পরীক্ষাটি সৃষ্টি করেন যখন শিকাগো ভিত্তিক দেউলিয়া অবস্থায় পড়া ক্লাব এ্যালুমিনিয়াম কোম্পানির কর্মভার তাঁকে নিতে বলা হয়। সংগ্রামরত কোম্পানিটিকে বাঁচানোর জন্য একটি উপায়ের সন্ধানে, টেলর সকল কর্মচারীর জন্য তাদের ব্যবসা এবং কর্মজীবনে অনুসরণ করার জন্য একটি ২৪ শব্দযুক্ত নৈতিক বিধি প্রস্তুত করেন। বিক্রয়, উৎপাদন, প্রচার এবং ডিলার ও ক্রেতাদের সকল প্রকার সর্ম্পকের জন্য চার-উপায়ে পরীক্ষাটি নির্দেশিকায় পরিণত হয়েছিল। পরবর্তীতে কোম্পানীটি টিকে থাকার জন্য এই সরল দর্শনটি অনুসরণ করাকেই কৃতিত্ব দেওয়া হয়েছিল।

১৯৪৩ সালে চার-উপায়ে পরীক্ষাটি রোটারির দ্বারা গৃহীত হয় এবং ১০০ এর চেয়েও বেশি ভাষায় অনুবাদ করা হয় এবং হাজার রকমে প্রকাশিত হয়।

১৯৫৪-৫৫ সালে হার্ব টেলর রোটারি ইন্টারন্যাশনালের সভাপতি হন।

# রোটারি প্রত্যয়

## Rotary INVOCATION

We the Rotarians are dedicated to the ideal of service to maintain a high ethical standard in our business and profession and to dignify our vocation by enhancing international understanding goodwill and peace through people united in the ideal of service

"আমরা রোটারিয়ানবৃন্দ সেবার আর্দশে উৎসর্গীকৃত এবং আমাদের ব্যবসায় ও পেশায় উঁচু নৈতিকমান বজায় রেখে ও সমাজ সেবার সুযোগ গ্রহণ করে আমাদের পেশাকে মহিম্বান্বিত করবো বলে বদ্ধপরিকর এবং সেবার আদর্শে উদ্বুদ্ধ ও একতাবদ্ধ মানুষের মাধ্যমে আন্তর্জাতিক সমঝোতা, সৌহার্দ্য ও শান্তির অগ্রগতি সাধন করবো।"

-প্রথাগতভাবে রোটারিয়ানদের সকল নিয়মিত ক্লাবসভা থেকে শুরু করে সকল ধরনের সভা-সমাবেশের শুরুতে রোটারি প্রত্যয় পাঠ করার রেওয়াজ চালু আছে।

# রোটারির উদ্দেশ্য

## Mission of Rotary

ব্যবসায়ী, পেশাজীবি ও সামাজিক নেতৃবৃন্দের সাথে বন্ধুত্ব ও সহমর্মিতা দিয়ে মানবসেবার মাধ্যমে উন্নত বিশ্ব সমঝোতা, মঙ্গল কামনা ও শান্তি প্রতিষ্ঠাই রোটারির উদ্দেশ্য।

# রোটারির লক্ষ্য

## Object of Rotary

রোটারির লক্ষ্য হলো - "সফল উদ্যোগের ভিত্তি হিসাবে সেবার আর্দশকে উৎসাহ দান ও প্রতিপালন করা"। এরপর এই বিবৃতিটি চারটি ক্ষেত্রকে চিহ্নিত করে যার মাধ্যমে এই সেবার আদর্শ প্রতিপালিত হয়, তা হলো:

**প্রথমত** সেবার সুযোগ হিসাবে পরিচিতি বৃদ্ধি করা।

**দ্বিতীয়ত** ব্যবসা এবং পেশায় উঁচু নৈতিক মান রক্ষা করা, সকল দরকারি পেশার উপযুক্ততার স্বীকৃতি প্রদান করা এবং প্রতিটি রোটারিয়ানের পেশাকে সমাজ সেবার সুযোগ হিসাবে মর্যাদা পূর্ণ করা।

**তৃতীয়ত** প্রত্যেকের ব্যক্তিগত, ব্যবসায়িক এবং সামাজিক জীবনে সেবার আর্দশ প্রয়োগ করা।

**চতুর্থত** সেবার আর্দশে ঐক্যবদ্ধ ব্যবসায়ী ও পেশাজীবি মানুষের বিশ্ব বন্ধুত্বের মাধ্যমে আন্তর্জাতিক সমঝোতা, সুনাম এবং শান্তির প্রসার ঘটানো।



# ব্যবসা এবং পেশায় রোটারিয়ানদের ঘোষণা

## ব্যবসা অথবা পেশায় নিয়োজিত একজন রোটারিয়ান হিসেবে আমার করণীয়

- আমার বৃত্তিকে সেবা প্রদানের আরও একটি সুযোগ হিসেবে গণ্য করা।
- আমার পেশার নীতিমালা, আমার দেশের আইন এবং সমাজের মানুষের নৈতিক মানের প্রতি আক্ষরিক এবং আত্মিক অর্থে বিশ্বস্ত থাকা।
- আমার শক্তি ও সার্মথ্য অনুযায়ী যতটুকু সম্ভব নিজের পেশাকে মর্যাদাপূর্ণ করা এবং আমার নির্বাচিত পেশায় নৈতিকতার সর্বোচ্চ মান উন্নয়নে সচেষ্টা থাকা।
- ব্যবসা এবং পেশা সংক্রান্ত বিষয়ে যাদের সঙ্গে আমার সম্পর্ক তাদের সহ আমার নিয়োগকর্তা, কর্মচারীবৃন্দ, সহযোগীবৃন্দ, প্রতিযোগী, ক্রেতা সাধারণ এবং জনসাধারণের প্রতি ন্যায্য আচরণ করা।
- যে সকল পেশা সমাজের উপকারে আসে তাদের মর্যাদা ও সম্মানকে স্বীকৃতি দেওয়া।
- আমার পেশাগত দক্ষতা তরুণদের কাজের সুযোগ সৃষ্টির জন্য, কারো বিশেষ কোন প্রয়োজনে সাহায্য করা এবং আমার সমাজে জীবনযাত্রার মান উন্নয়নের জন্য প্রদান করা।
- আমার ব্যবসা অথবা পেশার বিজ্ঞাপন প্রকাশ অথবা জনসাধারণের কাছে পরিচিতি দেওয়ার সময় সত্যনিষ্ঠ হওয়া।
- ব্যবসা বা পেশাগত সম্পর্কে সাধারণত: অপরকে দেওয়া যায় না এমন কোন সুযোগ ও সুবিধা কোন সতীর্থ রোটারিয়ানের নিকট থেকে প্রত্যাশা বা তাকে প্রদান না করা।

# রোটারির আদর্শ

## Motto of Rotary International

রোটারি হলো জীবনের একটি দর্শন যা নিজের লাভের আকাংখা আর তার কর্তব্য এবং অন্যের সেবা করার নিরন্তর প্রবণতার মধ্যে চিরকালীন সংঘাতের পুনর্মিলন ঘটায়। এই দর্শন হলো সেবার দর্শন এর উপর ভিত্তি করেই তৈরী

রোটারি ইন্টারন্যাশনালের আদর্শ -

**'Service Above Self'** অর্থাৎ **'স্বার্থের উর্ধ্বে সেবা'** এবং

**'One profits most who serves best'** অর্থাৎ


**'সেই সবচেয়ে বেশি লাভবান হন যে সবচেয়ে ভাল সেবা প্রদান করেন'**

১৯৮৯ সালে কাউন্সিল অন লেজিসলেশন **'স্বার্থের উর্ধ্বে সেবা'** - এটিকেই রোটারির প্রধান নীতিবাক্য হিসাবে প্রতিষ্ঠিত করে যেহেতু এটি নিঃস্বার্থভাবে স্বেচ্ছাসেবী সেবার দর্শনটিকে উৎকৃষ্টভাবে ব্যাখ্যা করে। আর ২০১০ সালে কাউন্সিল অন লেজিসলেশন দ্বিতীয় নীতিবাক্যটিও গ্রহন করে -One Profits Most Who Serves Best.
**"সেই সবচেয়ে বেশি লাভবান হন যে সবচেয়ে ভাল সেবা প্রদান করেন"**

# রোটারির ৫ টি সেবার পথ

## 5 AVENUE OF SERVICE

রোটারির ৫ টি সেবার পথ হলো ক্লাব কার্যক্রমের জন্য রোটারির দর্শনের ব্যবহারিক কাঠামো। রোটারির মূল নীতি "স্বার্থের উর্ধ্বে সেবা" এর মাধ্যমে সে তার স্বেচ্ছাশ্রমের সময় ও মেধাকে প্রয়োজন মতো ব্যবহার করতে পারে। রোটারির পাঁচটি সেবার পথ হলো - ক্লাব সার্ভিস বা ক্লাব সেবা, ভোকেশনাল সার্ভিস বা বৃত্তিমূলক সেবা,কমিউনিটি সার্ভিস বা গোষ্ঠীমূলক সেবা, ইন্টারন্যাশনাল সার্ভিস বা আন্তর্জাতিক সেবা এবং নিউজেনারেশন সার্ভিস বা নতুন প্রজন্ম সেবা - যেগুলি রোটারির লক্ষ্যকে সমর্থন করে।






**ক্লাব সেবা**
**Club Service**

রোটারিয়ানরা তাদের ক্লাবের কার্যক্রমকে সফলভাবে সম্পাদনের জন্য যে সকল কাজ করেন তা সবই এই ক্লাব সেবার অন্তর্ভূক্ত।

**বৃত্তিমূলক সেবা**
**Vocational Service**

সেবার দ্বিতীয় পথটি হল বৃত্তিমূলক সেবা। এই সেবার মাধ্যমে প্রতিটি রোটারিয়ান তার অন্য ক্লাবসদস্যদের কাছে তার নিজের পেশা বা বৃত্তির মূল্য এবং মর্যাদা উপস্থাপন করার সুযোগ পায়। পাশাপাশি ওই ক্লাবেরও দায়িত্ব বর্তায় তার সদস্যদের বৃত্তিকে ভিত্তি করে বিভিন্নরকম সার্ভিস প্রজেক্ট গ্রহন করা, যেমন ভোকেশনাল ট্রেইনিং, ভবিষ্যৎ কর্মজীবন পরিকল্পনা এবং কর্মস্থলে উচ্চনৈতিক মানবৃদ্ধির প্রচারাভিযান জাতীয় প্রকল্প। রোটারিয়ানরা এটি উপলব্ধি করেন যে একটি ব্যবসা বা পেশাগত দৈনিক কাজকর্মের মধ্য দিয়ে একটি আরো ভাল সমাজ গড়ে তুলতে প্রতিটি ব্যক্তিই মূল্যবান ভূমিকা পালন করে থাকেন। অনেকেই তাদের কমিউনিটিতে কর্মরত ব্যক্তিদের দৃষ্টান্তমূলক সেবাকে শ্রদ্ধা জানানোর মাধ্যমে চাকরির মর্যাদাকে স্বীকৃতি দেন। চার উপায়ে পরীক্ষাটিসহ অন্যান্য নৈতিক ব্যবসাগত ধ্যান-ধারণাগুলি প্রায়শই কর্মজগতে প্রবেশরত তরুণ ব্যক্তিদের মধ্যে ছড়িয়ে দেয়া হয়।

**গোষ্ঠীগত সেবা**
**Community Service**

সেই সকল ক্রিয়াকলাপ সম্পর্কে বলে যেগুলি রোটারিয়ানরা তাদের কমিউনিটিতে জীবনের মান উন্নয়নের জন্য করে থাকেন। এই সেবার কার্যক্রমে প্রায়শঃই অন্তর্ভূক্ত হয় সমাজের সেইসব তরুণ, বয়স্ক, পঙ্গু এবং অন্যান্য ব্যক্তিদের সহায়তা করা যারা একটি সুন্দরজীবনের জন্য আশার উৎস হিসাবে রোটারির দিকে চেয়ে আছেন।

**আন্তর্জাতিক সেবা**
**International Service**

অনেক ধরনের কার্যক্রম যেগুলি আন্তর্জাতিক বোঝাপড়া, সুনাম এবং শান্তি বৃদ্ধি করতে রোটারিয়ানরা গ্রহণ করে থাকেন আন্তর্জাতিক সেবা সেগুলিকেই বর্ণনা করে। উন্নয়নশীল বিশ্বের মানবিক প্রয়োজনগুলি পূরণ করা বা ধ্বংসাত্মক ঘটনার পরে উদ্ধার এবং পুনরুদ্ধার কার্যের কর্মপ্রচেষ্টায় সহায়তা করার জন্য আন্তর্জাতিক সেবার অনেক প্রকল্প গুলিরই পরিকল্পনা করা হয়।

**নতুন প্রজন্ম সেবা**
**New Generation Service**

সমাজের তরুন-যুবকদের নেতৃত্বের উন্নয়ন, সামাজিক এবং আন্তর্জাতিক সেবা প্রকল্পে অংশগ্রহনের মাধ্যমে বিশ্ব শান্তি ও সাংস্কৃতিক বোঝাপড়া বিনিময়ের কারনে সমাজে যে ভালো পরিবর্তনগুলির সূচনা হয় তাকে স্বীকৃতি দেয়।

যখন কোন রোটারিয়ান এই পাঁচটি সেবার পথগুলি বুঝতে পারেন এবং অতিক্রম করেন, তখন রোটারির লক্ষ্য আরো বৃহত্তর অর্থ ধারণ করে।

# রোটারির সেবার অংশীদার

## Partners-in-Service of Rotary

রোটারি ইন্টারন্যাশনাল বিশ্বে সুযোগ্য নাগরিক গড়ে তোলার লক্ষ্যে বিভিন্ন বয়সের তরুণ-তরুণী এবং যুবক-যুবতীদের নিয়ে গঠন করেছে 'ইন্টার্যাক্ট ক্লাব' ও 'রোটার্যাক্ট ক্লাব' যারা রোটারির Partners-in-Service অর্থাৎ 'সেবার অংশীদার' হিসেবে পরিচিত।

### ইন্টার্যাক্ট ক্লাব

১২ থেকে ১৮ বছরের বয়সি কিশোর-তরুণদের পড়ালেখার পাশাপাশি নেতৃত্বে বিকাশের সুযোগ সৃষ্টির জন্য 'ইন্টার্যাক্ট ক্লাব গঠন করা হয় ১৯৬২-৬৩ রোটারি বর্ষে। রোটারি ক্লাব জামিনদার হয়ে ইন্টার্যাক্ট ক্লাব গঠন করে। প্রথম আমেরিকার ফ্লোরিডার মেলবোর্ন শহরে প্রথম ইন্টার্যাক্ট গঠন করা হয়। বর্তমানে ১৫৯ টি দেশে ২০ হাজার ৩৭২ টি ক্লাব আছে এবং প্রায় ৪ লক্ষ ৬৮ হাজার ৫৫৬ জন ইন্টার্যাক্টর এই ক্লাবগুলির সাথে সম্পৃক্ত আছে।

### রোটার্যাক্ট ক্লাব

নিজ ব্যক্তিত্ব বিকাশে ১৮ থেকে ৩০ বছরের যুবক যুবতীদের জ্ঞান ও কর্মদক্ষতা বৃদ্ধির সুযোগ সৃষ্টি এবং সুযোগ্য নাগরিক হিসেবে সমাজসেবার লক্ষ্যে রোটার্যাক্ট ক্লাব গঠন করা হয়। ১৯৬৮ইং সনে রোটার্যাক্টরদের মূল মন্ত্র হচ্ছে Fellowship Through Service । অর্থাৎ সেবার মাধ্যমে সখ্যতা। বর্তমানে ১৮৪ টি দেশে ১০ হাজার ৯০৪ টি ক্লাব আছে এবং প্রায় ২ লক্ষ ৫০ হাজার ৭৯২ জন রোটার্যাক্টর এই ক্লাবগুলির সাথে সম্পৃক্ত আছে।

#### এছাড়াও রোটারি পার্টনার ইন সার্ভিসে অন্তর্ভূক্তিতে আছে

### আর্লিএক্ট ক্লাব

স্কুল ভিত্তিক ৫-১২ বছরের শিশুদের জন্য আর্লিএক্ট ক্লাব গঠিত। যদিও এটা রোটারি ইন্টারন্যাশনাল কর্তৃক দাপ্তরিকভাবে স্বীকৃত নয় তবে রোটারী থেকে কোন বাধাও নেই। কোন কোন রোটারি জেলা এ ধরনের ক্লাব সৃষ্টি করে শিশুদের মাঝে কাজ করে যাচ্ছে। ইন্টার্যাক্ট ক্লাবের মতই আর্লিএক্ট ক্লাব শিশুদের সুপ্ত প্রতিভার বিকাশের পাশাপাশি তাদের মধ্যে মানবিকতাবোধ জাগ্রত করার লক্ষ্যে কাজ করে থাকে।



# যুবকদের সাথে কাজ ও আচরণের বিবৃতি

যে সকল যবক রোটারির কর্মকান্ডে অংশ নেয় তাদের জন্য রোটারি ইন্টারন্যাশনাল নিরাপদ পরিবেশ তৈরী করে এবং রক্ষণাবেক্ষনের চেষ্টা করে।
এক্ষেত্রে রোটারি ইন্টারন্যাশনাল থেকে বিশেষ নির্দেশনা হলো-
রোটারিয়ান, রোটারিয়ানদের স্ত্রী, অংশীদার এবং অন্যান্য স্বেচ্ছাসেবীদের তাদের সামর্থ্যের সবটুকু দিয়ে অবশ্যই তাদের সংস্পর্শে আসা শিশু এবং তরুণ-যুবকদের শারীরিক, যৌন ও মানসিক নির্যাতনের হাত থেকে রক্ষা করতে হবে।

# রোটারিতে মহিলাদের অন্তর্ভূক্তিকরণ

১৯৮৯

১৯৮৯ সাল পর্যন্ত রোটারি ইন্টারন্যাশনালের সংবিধানটি এবং আইনগুলি বলেছে যে কেবলমাত্র পুরুষরাই রোটারি ক্লাবের সদস্য হতে পারবে।

১৯৭৮ সালে রোটারি ক্লাব অফ ডুয়ার্তে, ক্যালিফোর্নিয়া, ইউএসএ তিনজন মহিলাকে সদস্য হওয়ার জন্য আমন্ত্রন জানায়। আরআই বোর্ডটি আরআই সংবিধান অবমাননা করার জন্য সেই ক্লাবটির সনদ তুলে নেয় বা চার্টার বাতিল করে। ব্যবসাগত প্রতিষ্ঠান বা জনগণের স্বাচ্ছন্দ্যবিধানের স্থানগুলিতে যে কোন প্রকারের বৈষম্য প্রতিহত করার যে 'রাজ্য নাগরিক অধিকার আইন' আছে সেটি অবমাননা করার জন্য দায়ী করে ক্লাবটি আরআই এর বিরুদ্ধে আপিল করে। আপিল আদালতটি এবং ক্যালিফোর্নিয়া সুপ্রীম কোর্ট রোটারি ক্লাব অফ ডুয়ার্তের অবস্থান সমর্থন করে যে, শুধুমাত্র মহিলাদের ক্লাবে স্থান দেওয়ার জন্য রোটারি ক্লাবটির সনদ অপসারণ করতে পারে না। ইউ এস সুপ্রীম কোর্ট ক্যালিফোর্নিয়া কোর্টের পক্ষাবলম্বন করে বলে যে, রোটারি ক্লাবগুলির একটি ব্যবসামূলক লক্ষ্য আছে এবং কোন না কোনভাবে জনকল্যানমূলক প্রতিষ্ঠান। ১৯৮৭ সালের এই পদক্ষেপটি জনগণের স্বাচ্ছন্দ্যবিধানের স্থানগুলি'র মতো একইরকম সংবিধির যে কোন অধিকারের ক্ষেত্রে মহিলাদের রোটারিয়ান হওয়ার অনুমতি দেয়। ১৯৮৯ সালে কাউন্সিল অন লেজিসলেশন একটি ভোটের সাহায্যে 'রোটারি কেবলমাত্র পুরুষের জন্য' এই বন্দোবস্তটি অপসারণ করে আরআই সংবিধান পরিবর্তন করে। সেই সময় থেকে, মহিলারা বিশ্ব জুড়ে সর্বত্র রোটারি ক্লাবের সদস্য এবং নেতৃত্বে নির্বাচিত হয়ে আসছেন।

# একজন রোটারিয়ানের আন্তর্জাতিক দায়িত্ব

একটি আন্তর্জাতিক প্রতিষ্ঠান হিসাবে, রোটারি তার প্রত্যেক সদস্যকে অদ্বিতীয় সুযোগ সুবিধা এবং দায়িত্ব দিয়ে থাকে। যদিও প্রত্যেক রোটারিয়ানের প্রথম দায়িত্ব হলো তার নিজের দেশের নাগরিক হিসাবে বাধ্যবাধকতাগুলির পক্ষালম্বন করা, তবুও একজন রোটারিয়ানকে আন্তর্জাতিক ভাবনায় দীক্ষিত হতে সাহায্য করে রোটারি। ১৯৫০ সালের গোড়ার দিকে আন্তর্জাতিক বিষয়ে রোটারি একটি দর্শন গ্রহণ করেছিল। যাতে বর্ণিত হয়

## একজন বিশ্ব-মনস্ক রোটারিয়ান

- সংকির্ণ দেশপ্রেমের উর্ধ্বে উঠে আন্তর্জাতিক সমঝোতা, সুনাম এবং শান্তি প্রসারের জন্য তার নিজেরও দায়িত্ব আছে বলে বিবেচনা করেন;
- জাতীয় এবং জাতিগত শ্রেষ্ঠত্ব প্রদর্শনমূলক কাজের প্রবণতাতে বাধা দান করেন
- অন্য দেশের মানুষের সঙ্গে সহমত হওয়ার জন্য সাধারণ ক্ষেত্রগুলির সন্ধান করেন এবং তা গড়ে তোলেন;
- যাতে কোন ব্যক্তি তার চিন্তা করা, কথা বলা এবং সমাবেশ করার স্বাধীনতা উপভোগ করতে পারেন এবং নির্যাতন, আগ্রাসন, চাহিদা ও ভয় থেকে মুক্ত থাকতে পারেন সেই জন্য ব্যক্তি-স্বাধীনতা রক্ষায় প্রণীত আইনের পক্ষে অবস্থান নেন।
- দেশগুলির মধ্যে শান্তি বজায় রাখতে সর্বদা সচেষ্ট হন এবং এই আদর্শটির জন্য ব্যক্তিগত ত্যাগ স্বীকার করতেও প্রস্তুত থাকেন।
- আর্ন্তজাতিক সুনামের একটি পদক্ষেপ হিসাবে অন্যের বিশ্বাসকে বোঝা এবং তা অনুশীলন করার মানসিকতা ধারণ করেন এটি অনুধাবন করে যে, সেখানেও কিছু মূল নৈতিক এবং আধাত্মিক মান আছে যা একটি সমৃদ্ধতর, পূর্ণাঙ্গ জীবন নিশ্চিত করবে। এটি যে কোন রোটারিয়ানের পক্ষে চিন্তায় এবং কর্মে অনুশীলন করার মতো যথেষ্ট একটি নির্দেশ।
- সকল মানুষের জন্য জীবনের মান উন্নয়ন করার লক্ষ্য নিয়ে করা কাজগুলিতে সহায়তা করেন, এটি অনুধাবন করে যে কোন একটি স্থানের দারিদ্রতা সর্বত্র সমৃদ্ধিকে বিপন্ন করে তোলে।
- মানবজাতির কল্যাণে প্রণীত ন্যায়বিচারের নীতিগুলিকে সমর্থন করেন।



# ভিন্নমত সহিষ্ণুতা

## Tolerance of difference

রোটারিয়ানরা ভিন্নমত সহিষ্ণুতার নীতিতে বিশ্বাস করে। কখনও কখনও, অন্য কোন দেশের আইন, প্রথা বা ঐতিহ্য যেগুলিকে বিষ্ময়করভাবে আমাদের নিজেদের থেকে ভিন্নতর বলে মনে হয় সেগুলির সমালোচনা করার প্রবণতা দেখা যায়। কিছু ঘটনা, অভ্যাস বা প্রথা, যেগুলি কোন একটি দেশে বেআইনি সেগুলিই অন্য একটি দেশে সম্পূর্ণরূপে আইনসঙ্গত এবং গ্রহণযোগ্য হতে পারে।

তাই একটি আন্তর্জাতিক প্রতিষ্ঠানের সদস্য হিসাবে বিশ্ব বোঝাপড়া এবং শান্তির ব্যাপারে উৎসর্গীকৃত হওয়ার কারণে অন্য দেশ থেকে আগত আমাদের রোটারি বন্ধু এবং নাগরিকদের ব্যবহার অস্বাভাবিক মনে হলেও তাদের সাথে আচরনের ক্ষেত্রে এই ভিন্নমত সহিষ্ণুতার নীতি রোটারিয়ানদের সংযত করে।



# রোটারির মূল মূল্যবোধ

## Rotary's Core Values

রোটারির মূল মূল্যবোধ সংগঠনের সংস্কৃতির দিকনির্দেশক নীতিগুলিকে প্রতিনিধিত্ব করে, যার ভিতর সংগঠনের মধ্যে সদস্যদের অগ্রাধিকার ভিত্তিক কাজকে নির্দেশিত করে। এই মানগুলি কৌশলগত পরিকল্পনার ক্রমবর্ধমান গুরুত্বপূর্ণ উপাদান কারণ এগুলোই সংগঠনের নেতৃত্বের অভিপ্রায় এবং নির্দেশনার চালিকাশক্তি।

**সহমর্মিতা | Fellowship**

আমরা বিশ্বাস করি যে কোন একক প্রচেষ্টা একটি স্বতন্ত্র প্রয়োজনের দিকে মনোনিবেশ করে, তবে সম্মিলিত প্রচেষ্টা মানবতার সেবায় কাজে আসে। সম্মিলিত প্রচেষ্টার শক্তি অসীম, এতে সহায়তার উৎস আরও বিস্তৃত হয় এবং জীবন ও দৃষ্টিভঙ্গি প্রশস্ত করে; ফেলোশিপ বর্ণ-জাতিগত-সকল সীমানা ছাড়িয়ে সহনশীলতার দিকে পরিচালিত করে।

### অখন্ডতা | Integrity

আমাদের প্রচেষ্টার ফলাফল এবং লক্ষ্য অর্জনে আমরা যে প্রক্রিয়াগুলি ব্যবহার করি এই উভয় ক্ষেত্রেই আমরা আমাদের নেতৃত্বের এবং সহযোগী সদস্যদের কাছ থেকে জবাবদিহিতা প্রত্যাশা করি এবং আমরাও প্রতিশ্রুতিবদ্ধ। আমাদের কাজ এবং ব্যক্তিগত সম্পর্কের ক্ষেত্রে উচ্চ নৈতিকমান ও পেশাদারিত্ব মেনে চলি। আমরা আমাদের মিথস্ক্রিয়াগুলিতে ন্যায্য এবং শ্রদ্ধাশীল এবং আমাদের উপর অর্পিত দায়িত্ব দৃঢ়তার সাথে পরিচালনা করি।

### বৈচিত্র্য | Diversity

আমরা বিশ্বাস করি যে রোটারি সেবার আদর্শের পিছনে বিশ্বব্যাপী সকলকে ঐক্যবদ্ধ করে। আমরা আমাদের সদস্যপদে এবং আমাদের ক্রিয়াকলাপ এবং সেবা কার্যক্রমে বিভিন্ন পেশার বৈচিত্র্যকে উৎসাহিত করি। একটি ক্লাব তার ব্যবসায়ী ও পেশাজীবি সম্প্রদায়কে প্রতিফলিত করছে এবং সেটাই তার ভবিষ্যতের চাবি।

### সেবা | Service

আমরা বিশ্বাস করি যে আমাদের সেবা কার্যক্রম এবং কর্মসূচীগুলি বিশ্বব্যাপী বৃহত্তর বোঝাপড়া এবং শান্তি নিয়ে আসে। পরিষেবা আমাদের মিশনের একটি প্রধান উপাদান। পৃথক ক্লাবগুলির পরিকল্পনা এবং ক্রিয়াকলাপের মাধ্যমে আমরা আমাদের সংগঠন জুড়ে সেবার সংস্কৃতি গড়ে তুলি যা যারা সেবা দেয় তাদের জন্য অতুলনীয় প্রশান্তি দেয়।

### নেতৃত্ব | Leadership

আমরা এমন ব্যক্তিদের একটি বিশ্বব্যাপী ফেলোশিপ যারা তাদের প্রচেষ্টার ক্ষেত্রে শীর্ষস্থানীয়। আমরা যেমন নেতৃত্বের বিকাশের গুরুত্বে বিশ্বাস করি এবং নেতৃত্বকে সদস্যদের গুণমান হিসাবে বিবেচনা করি। রোটারিয়ান হিসাবে, আমরা আমাদের মূল মূল্যবোধগুলি বাস্তবায়নে নেতৃত্ব দিচ্ছি।

এই সমস্ত মূল মানগুলি প্রতিবিম্বিত হয়েছে রোটারির উদ্দেশ্য এবং চার-উপায়ে পরীক্ষায়, যা আমরা আমাদের দৈনন্দিন জীবনে চর্চা করি। এটা আমাদের মানব সম্পর্কের ক্ষেত্রে অখন্ডতা বজায় রাখতে এবং সেবাদানের আদর্শকে উৎসাহিত এবং সমর্থন করতে উদ্বুদ্ধ করে।







## বিশেষায়িত রোটারি মাস


রোটারি ক্যালেন্ডার রোটারি ইন্টারন্যাশনালের প্রধান কার্যক্রম ও কর্মসূচীর উপরে গুরুত্ব আরোপের জন্য বছরের কিছু সপ্তাহ ও মাস নির্দিষ্ট করে।




**জুলাই নতুন নেতৃত্ব মাস।** নতুন রোটাবর্ষে নতুন নেতৃত্ব কাজ শুরু করে এই মাসে।




**আগস্ট হল সদস্যতা ও নতুন ক্লাব গঠন মাস,** এটা নতুন সদস্য সংগ্রহের মাধ্যমে রোটারির ক্রমাগত বৃদ্ধির চাহিদার উপরে মনোনিবেশের সময়, এবং বর্তমান সদস্যদের সক্রিয় ও আগ্রহী রাখার জন্য কাজ করা এবং নতুন ক্লাব গঠনের সময়।




**সেপ্টেম্বর হল মৌলিক শিক্ষা ও স্বাক্ষরতা মাস।** এই সময়ে ক্লাবগুলি তাদের নিজস্ব স্বাক্ষরতা কমসূচী তৈরী করবে এবং নিরক্ষরতা দূরীকরণের জণ্য রোটারিয়ানদের বিশ্বব্যাপী প্রচেষ্টা সম্বন্ধে সচেতনতা বৃদ্ধি করবে।




**অক্টোবর হল অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন মাস** এই সময়ে ক্লাবগুলি প্রত্যেক রোটারিয়ানের ব্যবসা ও পেশাদারী জীবনের গুরুত্বকে শিরোনামে আনে এবং রোটারির উচ্চ নৈতিক মানদন্ডগুলির উপরে গুরুত্ব আরোপ করে।




**নভেম্বর হল রোটারি ফাউন্ডেশন মাস**। ক্লাব ও জেলাগুলি রোটারি ফাউন্ডেশনের কার্যক্রমগুলির প্রতি মনোযোগ আর্কষণ করে এবং প্রায়শঃই 'পল হ্যারিস ফেলো' ও 'রোটারি ফাউন্ডেশন সাস্টেইনিং মেম্বার' -এর জন্য অনুদানের প্রচারনার মাধ্যমে অতিরিক্ত আর্থিক সহায়তা প্রার্থনা করে। ৫ নভেম্বর ইন্টার‍্যাক্ট ক্লাব প্রতিষ্ঠা দিবস উপলক্ষে নভেম্বরের ১ম সপ্তাহে বিশ্ব ইন্টার‍্যাক্ট সপ্তাহ উদযাপিত হয়, এই সময়ে রোটারি ক্লাবগুলি তাদের স্পনসর করা  ইন্টার‍্যাক্ট ক্লাবগুলির সাথে যৌথ কর্মসূচীর পরিকল্পনা করতে পারে।




**ডিসেম্বর হল রোগ প্রতিরোধ ও চিকিৎসা মাস**। এ মাসে স্বাস্থ্য সচেতনা বিষয়ক কর্মসূচির পাশাপাশি চিকিৎসা সেবা কার্যক্রম গ্রহণ করা যেতে পারে।




**জানুয়ারি হল হল বৃত্তিমূলক সেবা মাস মাস**।
এই সময়ে ক্লাবগুলি প্রত্যেক রোটারিয়ানের ব্যবসা ও পেশাদারী জীবনের গুরুত্বকে শিরোনামে আনে এবং রোটারির উচ্চ নৈতিক মানদন্ডগুলির উপরে গুরুত্ব আরোপ করে।




**ফেব্রুয়ারি হল শান্তি ও বিরোধ প্রতিরোধ ও মীমাংসা মাস**। এই মাসটি বেছে নেওয়া হয়েছিল কারণ এই মাসেই রোটারির প্রতিষ্ঠা দিবস ২৩ শে ফেব্রুয়ারি পড়ে। রোটারি ক্লাবগুলিকে অনুরোধ করা হয় এমন কার্যক্রম উপস্থাপন করার জন্য যা বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় আন্তর্জাতিক বোঝাপড়া এবং মঙ্গলকামনা প্রচার করবে।






**মার্চ হল পানি ও পয়ঃনিষ্কাশন মাস**। এই মাসে সুপেয় পানি সরবরাহ ও সেনিটেশন সংক্রান্ত কমসূচি গ্রহণ করা হয়। এই মাসে অন্য একটি উল্লেখযোগ্য সময় হল ১৩ই মার্চ ওয়ার্লড রোটার‍্যাক্ট সপ্তাহ। এই সময়ে রোটারি ক্লাব ও জেলাগুলি তাদের রোটার‍্যাক্ট ক্লাবের সাথে কর্মসূচীতে যোগ দিয়ে রোটার‍্যাক্টকে শিরোনামে তুলে ধরে।




**এপ্রিল হল মা ও শিশু স্বাস্থ্য মাস**। এ মাসে মা ও শিশু স্বাস্থ্য সচেতনা বৃদ্ধি এবং হেলথ ক্যাম্প কর্মসূচি গ্রহণ করা যেতে পারে। উল্লেখ্য এ মাসের ১৯ তারিখ রোটারির প্রতিষ্ঠাতা পল হ্যারিসের জন্মদিন।





**মে মাস হল যুব সেবা মাস**। বিশ্বের রোটারি ক্লাবগুলি এমন অনেক স্পনসরড কার্যক্রমকে বিশেষ গুরুত্ব দেয় যে গুলি তরুণ-যুবকদের সেবা দেয়। এ মাসে নতুন রোটার‍্যাক্ট বা ইন্টার‍্যাক্ট ক্লাব স্পনসর করা যেতে পারে এবং ভবিষ্যত প্রজন্মের সমস্যা ও চাহিদা বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করা যায়।




**জুন হল রোটারি ফেলোশিপ মাস,**  এটা কয়েক ডজন রোটারি ফেলোশিপের কোন একটির প্রতি আগ্রহ ও সদস্যতা বাড়ানোর সময় এবং সাধারণ শখ ও পেশার মাধ্যমে সেবার আদর্শ উদযাপনের সময়। এ মাসে আন্তঃক্লাব সভা করা যেতে পারে।

এই বিশেষ সময়গুলির প্রতিটি রোটারির দুনিয়ায় অসাধারণ সেবা কার্যক্রমগুলির কয়েকটি সম্বন্ধে রোটারিয়ানদের মধ্যে সচেতনতা বাড়ায়।

# রোটারি পতাকা




১৯২৯ সালে আমেরিকার টেক্সাস অঙ্গরাজ্যের ডালাস শহরে অনুষ্ঠিত আরআই কনভেনশনে রোটারি ইন্টারন্যাশনাল আনুষ্ঠানিকভাবে সংগঠনের একটি পতাকা গ্রহণ করে। রোটারি পতাকাটিতে একটি সাদা রঙের ক্ষেত্র আছে যেটির কেন্দ্রে একটি চক্র প্রতীক স্বর্ণবর্ণে পরিশোভিত আছে। রোটারি চক্রটির প্রান্ত ভাগের অবনিম্ন চারটি স্থানের রঙ হলো রাজকীয় নীল। চক্রটির প্রান্ত ভাগের উপরিভাগ এবং নিম্ন ভাগের অবনিম্ন স্থানটিতে রোটারি ইন্টারন্যাশনাল নামটিও স্বর্ণবর্ণে মুদ্রিত আছে। চক্রকেন্দ্রের দন্ডটি এবং চক্রটির চাবির প্রবেশ স্থলটির রঙ সাদা। রোটারি পতাকাটি ১৯১৫ সালে ইউএসএ এর মিশৌরীর কানসাস শহরে প্রথম উড়ানো হয়েছিলো বলে জানা যায়। কতগুলি রোটারি ক্লাব আবার এই রোটারি পতাকাগুলিকে তাদের ক্লাবের সভার ব্যানার হিসাবে ব্যবহার করেন। এই সকল ক্ষেত্রগুলিতে, রোটারি ক্লাব শব্দগুলি চক্রের চিহ্নটির উপরে এবং ক্লাবের নাম প্রতীকটির নিচে মুদ্রিত করা যথাযথ হবে। রোটারি পতাকা সবসময়ই খুব লক্ষনীয়ভাবে প্রদর্শিত হয় আরআই'র প্রধান কার্যালয়ে এবং সকল আরআই'র কনভেনশন ও সকল আধিকারিক অনুষ্ঠানগুলোতে।







## রোটারির প্রতীক

### হুইল / চক্র

একেবারের শুরুর দিনগুলি থেকেই একটি চক্র রোটারির চিহ্ন হয়ে আসছে। প্রথম নকশাটি করেছিলেন শিকাগোর রোটারিয়ান মন্টাগু বিয়ার, একজন খোদাইকার যিনি ভূমি এবং গতি দেখাতে কয়েকটি রেখার সাহায্যে একটি সাধারণ ওয়াগনের চাকা একেঁছিলেন। চক্রটি সভ্যতা এবং গতি বোঝাতে ব্যবহৃত হয়েছিল। অধিকাংশ প্রাচীন ক্লাবেরই তাদের প্রকাশনা এবং লেটারহেড- এ কোন না কোন রূপের ওয়াগন চক্র ছিল। ১৯২২ সালে, সিদ্ধান্ত নেওয়া হয় যে রোটারিয়ানদের স্বতন্ত্র প্রতীক হিসাবে সকল রোটারি ক্লাবগুলি একটি মাত্র ডিজাইন গ্রহণ করবে। এইভাবে, ১৯২৩ সালে ২৪টি খাঁজ এবং ছয়টি স্পোকযুক্ত বর্তমান গিয়ারচক্রটি রোটারি ইন্টারন্যাশনালের দ্বারা গৃহীত হয়। ইঞ্জিনিয়ারদের একটি দল পরামর্শ দেন যে গিয়ারচক্রটি যান্ত্রিকভাবে সুদৃঢ় নয় এবং একটি শক্তিদন্ডের সাথে যুক্ত করার জন্য গিয়াটির কেন্দ্রে অবস্থিত একটি চাবির প্রবেশস্থল ছাড়া এটি কাজ করবে না। তাই, চাবির প্রবেশস্থলটি যুক্ত করা হয়েছিল, এবং আমরা বর্তমানে যে ডিজাইনটি জানি সেটি অফিস সংক্রান্ত রোটারি প্রতীক হিসাবে আনুষ্ঠানিকভাবে গ্রহণ করা হয়েছিল।



## সাধারণ রোটারি ক্লাব সংবিধান


রোটারি ক্লাবগুলি দুই শতাধিক দেশে এবং ভৌগলিক অঞ্চলে বিদ্যমান আছে এবং তা এক ডজনেরও বেশী ভাষা, রাজনৈতিক এবং সামাজিক গঠন, প্রথা, ধর্ম এবং ঐতিহ্যের মধ্য দিয়ে এগিয়ে যাচ্ছে। তাহলে এটি কিভাবে সম্ভব যে বিশ্বের ৩৫০০০ এরও বেশি সংখ্যক এই ক্লাবগুলি প্রায় একটি ধাঁচে চালিত হবে? প্রাথমিক উত্তরটি হল- 'সাধারণ রোটারি ক্লাব সংবিধান'। একটি চার্টার বা সনদ পেতে হলে, একটি সম্ভাব্য রোটারি ক্লাবকে প্রথমেই ১৯২২ সালে গৃহীত 'সাধারণ রোটারি ক্লাব সংবিধান'টি অবশ্যই গ্রহণ করতে হবে। এই নথিটি সাপ্তাহিক সভাগুলির আয়োজন করা, সদস্যপদ এবং শ্রেণীবিভাগের জন্য পদ্ধতিগুলি, উপস্থিতির শর্ত, বকেয়া অর্থ প্রদান করা এবং জনগণের বিষয়গুলি ও রাজনৈতিক অবস্থান সম্পর্কিত অন্যান্য নীতিগুলি অনুসরণ করার জন্য পরিচালনামূলক কৌশলগুলির ধারণা দেয়।
যখন সাধারণ রোটারি ক্লাব সংবিধানটি গৃহীত হয়, তখন সকল বিদ্যমান ক্লাবগুলি এই সংবিধানটি অনুসরণ করে চলার জন্য সম্মত হয়।

এটি www.rotary.org এই ওয়েব সাইটে গিয়ে ডাউনলোড করা যাবে।

## একজন নতুন সদস্যের স্পনসর বা প্রস্তাবক

সদস্যই রোটারির প্রাণ। আর প্রস্তাবক বা স্পনসর হলেন রোটারির প্রসার এবং অগ্রগতির মূল ব্যক্তি। একজন প্রস্তাবক ছাড়া, কোন ব্যক্তি কখনোই একজন রোটারিয়ান হওয়ার সুযোগ পাবেন না। কাউকে রোটারিতে যোগ দেওয়ার জন্য অবশ্যই আমন্ত্রন জানানো উচিত। তাই প্রতিটি সদস্যেরই দায়িত্ব হল সম্ভাব্য সদস্যদের সনাক্ত করা এবং আমন্ত্রণ জানানো। ক্লাবের সচিবকে বা মেম্বারশীপ কমিটিকে একটি নাম জমা দিয়েই স্পনসরের কাজ শেষ হয়ে যাওয়া উচিত নয়। যদিও রোটারি স্পন্সরদের জন্য কোন প্রথাগত দায়িত্ব দেয়নি, তবুও একজন মর্যদাবান ও দায়িত্বশীল ব্যক্তিকে সদস্য করার আগে প্রস্তাবকের করণীয় হচ্ছে:

- সদস্যপদের জন্য কোন একজন ব্যক্তির নাম প্রস্তাব করার পূর্বে উক্ত ব্যক্তিকে ক্লাব সভায় আমন্ত্রন জানানো।
- কোন পরিচিতিমূলক এবং তথ্যমূলক এক বা একাধিক অনুষ্ঠানে সম্ভাব্য সদস্যটিকে সঙ্গ দেয়া।
- প্রথমেই নতুন সদস্যটিকে অন্যান্য ক্লাব সদস্যদের সাথে পরিচয় করিয়ে দেয়া।
- ক্লাবের চলমান সমাজসেবামূলক কর্মকান্ডে অংশগ্রহণ করতে নতুন সদস্যটিকে উৎসাহ দেয়া।
- ক্লাবটির দ্বারা পরিচালিত রোটার‍্যাক্ট বা ইন্টার‍্যাক্ট ক্লাবগুলির সভায় উপস্থিত থাকতে নতুন সদস্যটিকে অনুপ্রাণিত করা।
- নতুন সদস্যকে গ্রুপ-স্টাডি এক্সচেঞ্জ বা রোটারি ইয়ুথ এক্সচেঞ্জ- এর মতো আন্তর্জাতিক কার্যক্রমে অংশ নেয়ার সুযোগ করে দেয়া।
- বন্ধুত্ব বৃদ্ধির উদ্দেশ্যে প্রতিবেশী ক্লাবগুলোর সভায় নতুন সদস্যকে উপস্থিত হতে উৎসাহিত করা এবং সঙ্গ দেয়া।
- নতুন সদস্য এবং তার সঙ্গী (স্ত্রী/স্বামী)-কে ক্লাবের সামাজিক অনুষ্ঠান, ডিনার কিংবা অন্যান্য বিশেষ অনুষ্ঠানগুলিতে সঙ্গ দেয়া।
- নতুন সদস্য এবং তার সঙ্গীকে ডিস্ট্রিক্ট কনফারেন্স বা জেলা সম্মেলনে স্পনসরের সঙ্গে উপস্থিত থাকতে পরামর্শ দেয়া।
- নতুন সদস্যটি যাতে একজন সক্রিয় রোটারিয়ান হয়ে ওঠেন তা নিশ্চিত করতে একজন বিজ্ঞ পরামর্শদাতার ভূমিকা নেয়া।
- যখন কোন নতুন সদস্য ক্লাবের কর্মকান্ডে সম্পৃক্ত এবং সংযুক্ত হন তখন ক্লাব ও নতুন সদস্য উভয়ই আরো শক্তিশালী হয়।




# CLASSIFICATIONS

## শ্রেণীবিভাগের নীতি

মূলতঃ রোটারির সকল সদস্যপদই ক্লাসিফিকেশন বা শ্রেণীবিভাগ এর ওপর ভিত্তি করে হয়। একটি রোটারি ক্লাবের প্রত্যেক সক্রিয় সদস্য শ্রেণীবিন্যস্ত হয় তাদের ব্যবসা, পেশা বা সমাজসেবার ধরনের সাথে সামঞ্জস্য রেখে।

যাইহোক, রোটারি শ্রেণীবিভাগের নীতিটি আরো কিছুটা নির্দিষ্ট এবং বৈশিষ্টপূর্ণ। রোটারিয়ানের শ্রেণীবিভাগটি তিনি যে ব্যবসায়িক সংস্থা, কোম্পানী বা প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত তার প্রধান এবং স্বীকৃত কার্যকলাপ অথবা সক্রিয় সদস্যটির প্রধান এবং স্বীকৃত ব্যবসা বা পেশাগত ক্রিয়াকলাপ অথবা সদস্যটির সমাজসেবার ধরনকে বর্ণনা করে। অন্য কথায়, শ্রেণীবিভাগগুলি কোন একজন নির্দিষ্ট ব্যক্তির প্রতিষ্ঠার চেয়ে সমাজে তার ক্রিয়াকলাপ বা সেবার দ্বারাই নির্ধারণ করা হয়। উদাহরণস্বরূপ, কোন একটি ব্যাংকের সভাপতিকে ব্যাংক সভাপতি হিসাবে শ্রেণীবিভক্ত না করে ব্যাকিং এর অধীনে শ্রেণীবিভাগ করা হয়।শ্রেণীবিভগের নীতিটি ব্যবসা এবং শিল্প প্রতিষ্ঠানগুলিকে উৎপাদন, বন্টন, খুচরা বিক্রয়, এবং পরিষেবা জাতীয় স্বতন্ত্র কাজের ভিত্তিতেও আলাদা করা যায়।






# ROTARY MEMBERS



## রোটারি ক্লাব সদস্য

রোটারির হার্ট হচ্ছে তার সদস্য যারা বন্ধুত্ব এবং সমাজসেবা এইদুটো বিষয়ের জন্য নিজেদের উৎসর্গ করেছেন দারুণ আবেগের সাথে। রোটারির সদস্যরা তাদের নিজেদের মধ্যে আলোচনা করে পরিকল্পনা তৈরী করেন সমাজের কথা শুনে ক্লাব প্রোগ্রাম চলাকালীন বন্ধুদের সাথে যোগাযোগ করেন, যা তাদের সদস্যদের উপর প্রভাব ফেলে। রোটারি ক্লাবের সদস্যদের রোটারিয়ান বলা হয়।

## সদস্য কে হবেন

রোটারি তাদেরই খোঁজে যারা তাদের সমাজকে কিছু ফিরিয়ে দিতে চায়।রোটারি ক্লাব গুলো স্বাগত জানায় রোটার‍্যাক্টরদের, রোটারি পিস ফেলোদের এবং আরো অন্যান্য যারা রোটারি পরিবারের সদস্য আছেন তাদেরকে।



# রোটারির নীতি অনুসারে একজন সম্ভাব্য সদস্য হবেন:



অবশ্যই একজন পেশাজীবি, নির্বাহী, স্বত্বাধিকারী, ব্যবস্থাপনার সাথে সম্পর্কিত সামাজিক ব্যক্তিত্ব।



যিনি ব্যক্তিগত সম্পৃক্ততার মাধ্যমে সেবার মনোভাব প্রদর্শন করেছেন।



যিনি নিয়মিত ক্লাব মিটিং এ উপস্থিত থেকে ক্লাবের বিভিন্ন সামাজিক প্রকল্পে অংশ নেবেন।



যিনি ক্লাব বা তার আশেপাশের অঞ্চলে বসবাস করতে বা কাজ করতে সক্ষম হবেন।

রোটারি ক্লাবগুলি বিভিন্ন জাতি, পেশা এবং বয়স থেকে বিভিন্ন সদস্যদের খুঁজে বের করে তাদের সদস্যপদে বৈচিত্র বাড়ানোর চেষ্ট করে।






# কীভাবে সদস্য হবেন

## ক্লাব নতুন সদস্য গ্রহণ করে আমন্ত্রনের মাধ্যমে

একজন রোটারিয়ান আপনাকে তার ক্লাবে আমন্ত্রন জানাতে পারেন। রোটারি ওয়েব সাইটে 'সম্ভাব্য সদস্য ফরম' দেয়া আছে। নিজের সম্ভাব্য সদস্য ফরমটি পূরণ করে জমা দিলে সেটি একটি স্থানীয় ক্লাবে পাঠিয়ে দেয়া হবে। আপনার জন্য সঠিক ক্লাব বেছে নিতে সাহায্য করতে আপনাকে আপনার আগ্রহ সম্পর্কে কিছু প্রশ্ন করা হবে। তারপর সেই প্রশ্নের উত্তর গুলো নিয়ে ক্লাব লিডাররা আলোচনা করে আপনার জন্য ক্লাব ঠিক করবে। স্থানীয় কোন ক্লাবের সাথে সরাসরি যোগাযোগের মাধ্যমেও এখন সদস্য হওয়া সম্ভব। আপনার সাথে যোগাযোগ করে রোটারি সম্পর্কে আপনার আগ্রহ নিয়ে আলোচনা করবেন তারপর আপনাকে তাদের ক্লাব মিটিং-এ আমন্ত্রন জানাবেন এবং আপনি ক্লাব মিটিং-এ উপস্থিত থেকে ক্লাবের বিভিন্ন সামাজিক কর্মকান্ড এবং সার্ভিস প্রজেক্ট-এ ভলান্টিয়ার হিসাবে কাজ করতে পারেন এবং

- এর মাধ্যমে ক্লাব এবং রোটারির সর্ম্পকে আরো ভালো ভাবে জানতে পারবেন।
- ক্লাব আপনাকে আমন্ত্রন জানাবে ক্লাবে যোগ দেওয়ার জন্য। এখন আপনি এবং স্থানীয় ক্লাবটি একসাথে কিছু সময় কাটাবেন এবং ঠিক করবেন আপনারা একে অপরের জন্য কতটুকু প্রস্তুত এরপর সবকিছু ঠিক থাকলে ক্লাব আপনাকে ক্লাবে যোগ দেওয়ার প্রস্তাব দেবে।
- প্রত্যেক ক্লাবের নিজস্ব কিছু নিয়মনীতি থাকে। তাদের ক্লাবের নতুন সদস্যদের স্বাগত জানানো বা বরণ করে নেওয়ার জন্য। তারা একটি আনুষ্ঠানিকতার মাধ্যমে এই কাজটি করতে পারে।

আপনি একজন নতুন সদস্য হিসাবে ক্লাবের কর্মকান্ডে সম্পৃক্ত হয়ে ক্লাবকে উপভোগ করুন।

# সদস্য হওয়ার কী সুবিধা

রোটারির সদস্য হওয়ার মাধ্যমে বিভিন্ন পেশাজীবিদের এক বিশাল সাম্রাজ্যের সাথে নিজেকে যুক্ত করলেন। যারা আপনার কর্মশক্তি ও উদ্যম আপনার কাছে বহুগুণে ফিরিয়ে দেয়ার জন্য সকলের মাঝে ছড়িয়ে দিবেন।

- রোটারির নিয়মিত সভা এবং বিভিন্ন কর্মকান্ডের মাধ্যমে আপনি আপনার সমাজের বিভিন্ন সমস্যা বা চাহিদাগুলোকে নিয়ে আলোচনা করে তার সমাধানের পথ বের করতে পারেন।
- যারা এই পৃথিবী বদলে দেওয়ার কাজে অগ্রনী ভূমিকায় আছেন তাদের সাথে সংযোগ স্থাপন করতে পারবেন।
- আপনার নেতৃত্ব ও পেশাগত মানের প্রসার ঘটাতে পারবেন।
- ভালো বন্ধুদের সাথে মিলে নতুন নতুন বন্ধুর দেখা পাবেন।

# সদস্য হওয়ার আরো সুবিধা হলো

- **রোটারি গ্লোবাল/বৈশ্বিক পুরস্কার** - রোটারি 'সদস্য সুবিধা কার্যক্রম'র আওতায় বিভিন্ন সামগ্রী এবং সেবার ক্ষেত্রে ছাড় দেয়া হয়। এটা হচ্ছে রোটারির একটি বিশেষ সুযোগ যার মাধ্যমে রোটারির সদস্যরা কম খরচে বেশী কিছু করার সুযোগ পাবে।
- **রোটারি আন্তর্জাতিক কনভেনশন-** এটি হচ্ছে প্রতিবছর বিশ্বব্যাপী রোটারির সবচেয়ে বড় একটি অনুষ্ঠান। প্রায় ১৩০টি দেশের রোটারিয়ানরা কনভেনশনে প্রতিবছর মিলিত হয়ে তাদের সারা বছরের সাফল্যকে উদ্‌যাপন করে এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনা তৈরি করে।

**রোটারি ফেলোশীপ-** রোটারিয়ানদের সুযোগ করে দেয় বিভিন্ন গ্রুপে সমবেত হওয়ার। সাধারণভাবে একই রকম শখ, আগ্রহ, পেশা-বৃত্তির রোটারিয়ানরা ভিন্ন ভিন্ন গ্রুপে সংঘবদ্ধ হতে পারেন যেমন- চিকিৎসক বা আইনজীবি কিংবা মিউজিসিয়ান রোটারিয়ানরা আলাদা আলাদা গ্রুপে সমবেত হয়ে তাদের নিজেদের ভিতর গড়ে ওঠা ফেলোশীপের মাধ্যমে সমাজকে নতুন কিছু উপহার দিতে পারেন।



- **রোটারিয়ান অ্যাকশন গ্রুপ** - কিছু রোটারিয়ানের একটি বৈশ্বিক গ্রুপ যারা মানবিক ও সেবামূলক বিশেষ ক্ষেত্রে তাদের জ্ঞান ও অভিজ্ঞতা ক্লাব বিশেষ ক্ষেত্রে তাদের জ্ঞান ও অভিজ্ঞতা ক্লাব এবং জেলার সহযোগীতায় কাজে লাগাতে পারে। উদাহরণ স্বরূপ ওয়াটার এন্ড স্যানিটেশন অ্যাকশন গ্রুপ।

# সদস্যপদের স্থায়ীত্ব

যতদিন ক্লাবের অস্তিত্ব থাকবে ততদিন সদস্যপদ চলমান থাকবে যদি না কোন যৌক্তিক কারনে ক্লাবের বোর্ড কর্তৃক সদস্যপদ বাতিল করা হয়।

## রোটারির বার্ষিক চাঁদা

বর্তমানে প্রত্যেক সদস্যকে প্রতি ৬ মাস অন্তর রোটারি ইন্টারন্যাশনালকে ২৫ ডলার চাঁদা দিতে হয়। এছাড়া প্রত্যেক ক্লাব সদস্যদের থেকে ক্লাব এবং জেলার জন্য একটি নির্দিষ্ট হারে চাঁদা নিয়ে থাকে।

## সদস্যদের প্রকারভেদ

রোটারি ক্লাবে দুই ধরনের সদস্যপদ রয়েছে:

**১. সক্রিয় সদস্য**
**২. সম্মানীয় সদস্য**

# সক্রিয় সদস্য



রোটারি ইন্টারন্যাশনাল **সক্রিয় সদস্যদের** সংজ্ঞা দেয় এইভাবে -

- যারা ব্যবসা বা পেশাগত শ্রেনীবিভাগের অধিনে নির্বচিত হন,
- আরআই-এর সংবিধান এবং আইন অনুসারে প্রদত্ত সদস্যপদের সকলপ্রকার বাধ্যবাধকতা, দায়িত্ব এবং সুযোগ সুবিধাগুলি ভোগ করেন,
- যার ক্লাবে ভোটাধিকার আছে এবং কোনও ক্লাব অফিসারের পদে নির্বাচিত হতে পারবেন এবং জেলা ও আন্তর্জাতিক স্তরে আরআই অফিসার হিসাবে রোটারিকে সেবা দিতে পারবেন।

- তারা উপস্থিতির আবশ্যিকতাগুলি পুরন করবেন,
- ক্লাব, জেলা এবং আরআইয়ের পাওনা পরিশোধ করে,
- নতুন সদস্যদের রোটারিতে নিয়ে আসবেন বলে আশা রাখেন।

## সম্মানীয় সদস্যপদ
## HONORARY MEMBERSHIP

- প্রশংসনীয় সেবার মাধ্যমে রোটারির আদর্শকে অগ্রসর করার কাজে নিজেকে যিনি স্বতন্ত্র করে তুলেছেন।
- প্রসিদ্ধ ব্যক্তি, রোটারির বন্ধু হিসাবে বিবেচিত যারা।
- একজন সম্মানীয় সদস্য একবছরের জন্য নির্বাচিত হন তবে সদস্যপদ চালিয়ে যেতে চাইলে তা প্রতিবছর নবায়ন করতে হয়।
- তাঁরা চাদা বা বকেয়া প্রদানের আবশ্যিকতা থেকে অব্যাহতিপ্রাপ্ত।
- তাঁরা ক্লাবে নতুন সদস্যের প্রস্তাব করতে পারবেন না।
- ক্লাবে তাদের ভোটাধিকার নেই।
- ক্লাবে তাদের উপস্থিতির বাধ্যবাধকতা নেই।

রোটারির ডাটাবেইসে কোনও ক্লাবের সদস্যতার সংখ্যা গণনায় অন্তর্ভূক্ত করতে একজনকে অবশ্যই একজন সক্রিয়, আরআই-বকেয়া পরিশোধকারী সদস্য হিসাবে রিপোর্ট করতে হবে। একজন সক্রিয় সদস্য অন্য ক্লাবের অনারারি সদস্য হতে পারে তবে অন্য ক্লাবের সক্রিয় সদস্য হতে পারে না।

## বিকল্প ধরণের সদস্যপদ প্রস্তাব

আপনার ক্লাবের স্বাধীনতা রয়েছে কাউকে বিভিন্ন ধরনের বিকল্প সদস্যপদের প্রস্তাব দেবার, যেমন - পারিবারিক সদস্যপদ, তরুণ পেশাদারদের জন্য সহযোগী সদস্যপদ বা ব্যবসায়ী নেতা ও তাদের কর্মীদের জন্য কর্পোরেট সদস্যপদের প্রস্তাব করতে পারেন। প্রতিটি ক্লাবের সদস্যপদের পাওনা, উপস্থিতি এবং সেবা প্রত্যাশার নিজস্ব নীতিমালা থাকতে পারে, তবে এই নীতিগুলি আপনার ক্লাবের বাই-লজ সংশোধন করে তাতে সংযোজন করে নিতে হবে। রোটারি এই ব্যক্তিগুলিকে আপনার ক্লাবের সদস্য হিসাবে গণনা করবে এবং তারা আরআইয়ে'র বকেয়া অর্থ প্রদান করলে তাদের সক্রিয় সদস্য হিসাবে বিবেচনা করবে।



### বিকল্প সদস্যপদের উপকারিতা

- বিভিন্ন ধরনের চাঁদার কাঠামো এবং ক্লাবে প্রদত্ত সময়ে প্রতিশ্রুতির স্তরসহ সম্ভাব্য সদস্যদের জন্য বিকল্প উপস্থাপন করে।
- স্থানীয় কর্পোরেশনের সাথে অংশীদার হওয়ার সুযোগ সৃষ্টি করে।
- সম্ভাব্য সদস্যদের পরিবারগুলির সাথে তরুণ ব্যবসায়ী এবং অন্যান্য দল যারা ঐতিহ্যবাহী সদস্য হিসাবে যোগদান করতে সক্ষম নয় তাদের আকর্ষণ করে ক্লাবকে বৈচিত্র এনে দিতে পারে।

## কর্পোরেট সদস্যপদ

আপনার ক্লাব যে কোনও ধরণের বিকল্প সদস্যপদ প্রস্তাব দিতে পারে, যতক্ষণ পর্যন্ত নতুন সদস্যকে একজন ব্যক্তি হিসাবে গণনা করা হয়। এই ক্ষেত্রে কর্পোরেট সদস্যরা বরং তাদের সদস্যপদ স্পনসরকারী কর্পোরেশনগুলির চেয়ে সুবিধা ভোগ করে। সদস্যরা আরআইয়ের বকেয়া অর্থ প্রদান করলে, তারা আপনার ক্লাবের অফিসিয়াল সদস্য হিসাবে গণনায় অন্তর্ভুক্ত হবে এবং অন্যান্য সক্রিয়, বকেয়া-প্রদেয় সদস্যরা যে সমস্ত সুবিধা ভোগ করবে, সেগুলি তারা পাবে। আপনার ক্লাবের এই সদস্যদের অন্যান্য আর্থিক বাধ্যবাধকতা (ক্লাব এবং জেলা বকেয়া, খাবারের খরচ ইত্যাদি), উপস্থিতি বাধ্যবাধকতা, বা সেবার প্রত্যাশাগুলির জন্য বিভিন্ন নীতি ক্লাবের বাইলজ -এ অন্তর্ভূক্ত করা যেতে পারে।

## পারিবারিক সদস্যপদ

পারিবারিক সদস্যপদ - যাকে স্পাউস বা অংশীদার সদস্যপদও বলা হয় - কর্পোরেট সদস্যপদের মতো, সেখানে প্রায়শঃই প্রাথমিক সদস্য এবং এক বা একাধিক বিকল্প সদস্য থাকতে পারে। বিকল্প সদস্যরা সাধারনত প্রাথমিক সদস্যের স্ত্রী/স্বামী অথবা তাঁর প্রাপ্তবয়স্ক সন্তান হতে পারে। এই ধরণের সদস্যপদ সম্বলিত ক্লাবগুলি সাধারণত বিকল্প সদস্য/সদস্যদের যোগদানে উৎসাহিত করার জন্য চাঁদার একটি হ্রাসকৃত হার প্রস্তাব করে।

## সহযোগী সদস্যপদ

আপনার ক্লাবটি সহযোগী সদস্যপদের ইচ্ছামত সংজ্ঞা দিতে পারে। কিছু ক্লাব সম্ভাব্য সদস্যদের সম্পৃক্ত করার লক্ষ্যে পরীক্ষামূলক সময়কালের জন্য সহযোগী সদস্যপদ প্রদান করে। সহযোগী সদস্যরা যদি ক্লাবে তাদের অভিজ্ঞতাকে মূল্যবান মনে করেন তবে তারা ক্লাবে যোগ দিতে পারেন। এক্ষেত্রে যোগদানের পরে ক্লাবটি সক্রিয় সদস্য হিসাবে তাদের নথিবদ্ধ করতে পারে এবং তারপরে অন্যান্য সক্রিয় সদস্যরা যে সমস্ত সুবিধা ভোগ করে তারাও সে সুবিধা পাবে এবং ক্লাবের সদস্যপদ গণনায় অন্তর্ভুক্ত হবে।

## তরুণ পেশাদার সদস্যপদ

এই ধরণের তরুণ সদস্যরা ভবিষ্যতে ক্লাবে একটি অবিচ্ছেদ্য ভূমিকা নিতে পারে, তবে তাদের বর্তমান কর্মজীবনের এই সময়ে সাপ্তাহিক সভায় যোগ দেওয়ার জন্য আর্থিক সংস্থান বা উপযুক্ত সময় নাও থাকতে পারে। কিছু ক্লাব তাদের জন্য আরও নমনীয় ও সাশ্রয়ী বকেয়া কাঠামোসহ সদস্যপদের ধরণের নকশা তৈরি করেছে।

### রোটারেক্টরা কি এখন রোটারিয়ান?

না। রোটারি ক্লাবের সদস্যরা রোটারিয়ান এবং রোটার‍্যাক্ট ক্লাবের সদস্যরা রোটার‍্যাক্টর হিসাবে রয়েছেন। ২০১৯ সালের কাউন্সিল অন লেজিসলেশন-এ (১৯-৭২) পাস হওয়া আইনটি রোটার‍্যাক্টরদের পৃথক পরিচয় পরিবর্তন করে না। এটি কেবল রোটারি এবং রোটার‍্যাক্ট ক্লাব উভয়কেই অন্তর্ভুক্ত করার জন্য রোটারি ইন্টারন্যাশনালের সদস্যপদ প্রসারিত করে।

**একজন রোটার‍্যাক্টর যদি একটি রোটারি ক্লাবেরও সদস্য হয়, তবে কি তাকে উভয় ক্লাবে চাঁদা দিতে হবে?**

হ্যাঁ। আপনি উভয় ক্লাবের জন্য প্রয়োজনীয় ক্লাব বা জেলা বকেয়া পরিশোধ করবেন এবং রোটারি সদস্যের বকেয়া রোটারি ইন্টারন্যাশনালের কাছে পরিশোধ করবেন। তবে, আপনার ক্লাবের রোটার‍্যাক্টর এবং তরুণ পেশাজীবিদের জন্য বিভিন্ন সদসপদের ধরণ তৈরি করার ক্ষেত্রে নমনীয়তার সুযোগ রয়েছে।




এর মধ্যে রোটার‍্যাক্ট এবং রোটারি উভয়েরই আরআইয়ের পাওনা পরিশোধ করা সাপেক্ষে সদস্যদের হ্রাসকৃত ক্লাব বা জেলার চাঁদা অন্তর্ভুক্ত থাকতে পারে। দ্বৈত সদস্যপদ লাভের সাথে সাথে আরও অনেক সুবিধা পাওয়া গেলেও, এটি মনে রাখতে হবে যে, রোটার‍্যাক্টররা যখন রোটারিতে যোগ দেবে তখন তারা গ্লোবাল অনুদানের বৃত্তি তহবিল, রোটারি পিস ফেলোশিপ এবং রোটার‍্যাক্ট কনভেনশন রেজিস্ট্রেশন হারের জন্য অযোগ্য হয়ে যাবে।

## কোন ব্যক্তিগত সুযোগ সুবিধা নেই

প্রায়শই বন্ধুরা জানতে চায় যে, রোটারিয়ানরা রোটারির সদস্য হওয়ার সুবাদে তাদের ক্লাবের বা অন্য ক্লাবের সদস্যদের নিকট থেকে কোন বিশেষ ব্যবসায়িক সুযোগসুবিধা পান কিনা। স্পষ্টতই উত্তর হলো না। কেননা রোটারির বন্ধুত্বকে সুবিধা বা লাভ পাওয়ার হাতিয়ার হিসাবে যে কোন রুপে ব্যবহার করা রোটারির অন্তর্নিহিত বিশ্বাসের পরিপন্থি।একজন রোটারিয়ান অন্য কোন ব্যবসা বা পেশাদারী সংগঠন বা ব্যক্তিকে যে পরিমাণ সুযোগ সুবিধা দেন অন্য একজন রোটারিয়ান বন্ধুকে এর চেয়ে বেশী সুযোগ সুবিধা দেওয়া যেমন উচিৎ নয়, তেমনি কোন রোটারিয়ানেরও এর চেয়ে বেশী প্রত্যাশা করা কোন অবস্থায়ই উচিৎ নয়। অপর দিকে যদি রোটারিতে গড়ে ওঠা বন্ধুত্বের স্বাভাবিক পরিনতি হিসাবে কোন নতুন বা বর্ধিত ব্যবসা আসে তাহলে এটাকে রোটারির মেম্বারশিপের নৈতিকতার খেলাপ বলে বিবেচনা করা হয় না। এটা মনে রাখা জরুরী যে রোটারি সদস্যপদের প্রধান উদ্দেশ্য হল অন্যের সেবা করা এবং কোনভাবেই এই সদস্যপদকে ব্যক্তিগত ফায়দা বা বিশেষ সুযোগ গ্রহনের উদ্দেশ্যে ব্যবহারের জন্য নয়।

## রোটারির সাংগঠনিক কাঠামো



রোটারি হল এমন একটি সংগঠন যেখানে সবধরনের সেবামূলক কর্মকান্ড পরিচালিত হয় তৃণমূল পর্যায়ে ক্লাবের মাধ্যমে। রোটারি ডিস্ট্রিক্ট বা জেলা এবং রোটারি ইন্টারন্যাশনাল এমন ভাবে গঠিত যে তাদের মূল কাজই হলো ক্লাবগুলোকে স্থানীয় কমিউনিটি থেকে শুরু করে বৃহত্তর পরিসরে আরো বেশি করে সেবার সুযোগ করে দেয়া।

## ক্লাবের দায়িত্ব

ক্লাব হচ্ছে রোটারির মূল ভিত্তি যার দায়িত্ব হলো রোটারির উদ্দেশ্য বাস্তবায়ন করা। প্রতিটি কার্যকর রোটারি ক্লাবকে ৪টি মূল কাজ দায়িত্ব নিয়ে করতে হয়।

- ক্লাবের সদস্য সংখ্যা অক্ষুন্ন রাখা অথবা সদস্য সংখ্যা বৃদ্ধির মাধ্যমে রোটারির অগ্রগতিতে ভূমিকা রাখা।
- রোটারির ৫ টি সার্ভিস এভিনিউ এর উপর ভিত্তি করে গৃহীত সেবামূলক প্রকল্পগুলোকে সফলভাবে বাস্তবায়ন করা।
- দি রোটারি ফাউন্ডেশন -এ অর্থনৈতিক ভাবে সহায়তা করা এবং ফাউন্ডেশনের বিভিন্ন কর্মকান্ডে অংশ গ্রহন করা।
- ক্লাব পর্যায়ের বাইরেও রোটারিকে নেতৃত্ব দেওয়ার মতো যোগ্য নেতা গড়ে তোলা।

## বন্ধুত্বের সুযোগ

অধিকাংশ রোটারিয়ানই হলেন সফল পেশাজীবি বা ব্যবসায়ী তারা সুযোগের আহ্বান শুনতে পান এবং সেগুলির সদ্ব্যবহার করেন। সপ্তাহে একবার প্রতিটি ক্লাব সভায় রোটারির বন্ধুত্বের সুযোগ আসে। সাপ্তাহিক ক্লাব সভাগুলি রোটারি সদস্যদের জন্য একটি বিশেষ সুযোগ। এটি বন্ধু রোটারিয়ানদের সাথে দেখা করার এবং নতুন সদস্যদের সংগে সাক্ষাতের সুযোগ করে দেয়। যে রোটারি ক্লাবগুলির বন্ধুত্বপূর্ণ ক্লাব হিসাবে সুনাম আছে সেগুলি কতগুলি সরল পদক্ষেপ অনুসরণ করে। সদস্যরা যে সকল সদস্যদের খুব একটা ভাল করে জানেন না তাদের সঙ্গে পাশের আসনে বা এক টেবিলে বসতে প্রতি সপ্তাহে তাদের উৎসাহ দেওয়া হয়। কেবলমাত্র নীরবে না খেয়ে এবং তাদের পাশে বসা ব্যক্তির সঙ্গে ব্যক্তিগতভাবে কথা না বলে সদস্যদের নতুন সদস্য বা তার সাথে আসা বন্ধুদের তাদের টেবিলে যোগ দেওয়ার এবং আলোচনায় অংশ নেওয়ার জন্য আমন্ত্রণ জানাতে বলা হয়। ক্লাব বন্ধুত্বের আরো অগ্রগতি ঘটাতে, ক্লাবের সকল সদস্যদের সঙ্গে পরিচিত হতে চেষ্টা করাকে একটি বিশেষ বিষয় হিসাবে রোটারিয়ানদের গণ্য করা উচিত। যখন রোটারিয়ানরা এই সহজ পদক্ষেপগুলি অনুসরণ করেন, তখন প্রতি সপ্তাহে বন্ধুত্ব করার জন্য সর্ম্পূন একটি নতুন সুযোগ আসে। শীঘ্রই রোটারিয়ানরা উপলব্ধি করেন যে উষ্ণ বন্ধুত্বই হল প্রতিটি বিশিষ্ট রোটারি ক্লাবের ভিত্তি প্রস্তর।



## সদস্য সংগ্রহ ও সংরক্ষন

ক্লাবকে শক্তিশালী করতে প্রত্যেক সদস্যেরই দায়িত্ব ক্লাবে নতুন সদস্য আনয়নে অবদান রাখা। একজন নতুন সদস্যও ক্লাবে অতিথি নিয়ে আসতে পারেন এবং ক্লাবের সেবামূলক কর্মকান্ডে তাকে অন্তর্ভূক্ত করতে পারেন। রোটারির গুরুত্ব বা মান তার নিজের কাজেই প্রকাশ পায় এবং সম্ভাব্য সদস্যেদের আগ্রহের সঞ্চার করার সর্বোত্তম উপায় হলো প্রথমেই তাদেরকে ফেলোশিপ এবং সেবার অভিজ্ঞতা দেওয়া। সদস্যদের রোটারির প্রতি আগ্রহী রাখা একটি গুরুত্বপূর্ণ দায়িত্ব। ক্লাব সদস্যদের মধ্যে ভালো ফেলোশিপ এবং প্রথম থেকেই সেবামূলক কাজের মধ্য অন্তর্ভূক্ত করার মাধ্যমেই সর্বোত্তম ক্লাব মেম্বারশীপ ধরে রাখা যায়। একটি রোটারি ক্লাবের আদর্শ গঠন বা বিন্যাস পেশা, লিঙ্গ, বয়স এবং জাতিসত্তা সহ সকল সম্প্রদায়ের জনসংখ্যার প্রতিফলন ঘটায়।

## নতুন সদস্যদের সঙ্গে রোটারি সম্পর্কে মতবিনিময় করা

কোন একজন ব্যক্তি একটি রোটারি ক্লাবে যোগদান করলে যে সকল বাধ্যবাধকতাগুলি তাকে মেনে নিতে হয়, তার মধ্যে যেটিতে অধিকাংশ রোটারিয়ানই ব্যর্থ হন তা হল রোটারি সম্পর্কে মতবিনিময় করা। রোটারি ইন্টারন্যাশনাল প্রত্যেক রোটারিয়ানের জন্য যে ব্যবস্থাটিকে স্পষ্টরূপে সমর্থন করে তা হল - অন্যদের সঙ্গে রোটারি সম্পর্কে মতবিনিময় করা এবং রোটারি ক্লাবের সদস্যপদের জন্য উপযুক্ত ব্যক্তিদের প্রস্তাব দেওয়ার মাধ্যমে রোটারির প্রসারণে সাহায্য করা। এটি হিসাব করে দেখা গেছে যে, অধিকাংশ রোটারি ক্লাবের ৩০ শতাংশেরও কম সদস্য একটি নতুন সদস্য তৈরি করার জন্য কখনও সচেষ্ট হয়েছেন। এইভাবে, প্রত্যেক রোটারি ক্লাবে, অনেক রোটারিয়ান আছেন যারা অন্যান্য ব্যক্তিদের সঙ্গে তাদের রোটারি সদস্যপদের ইতিবাচক অভিজ্ঞতাগুলি খুব কমই বিনিময় করেছেন। আরআই সংবিধানটি ক্লাব সদস্যপদ সম্পর্কে বলে, প্রত্যেক ক্লাবের একটি সু-সামঞ্জস্যপূর্ণ সদস্যপদ নীতিমালা থাকা উচিত যাতে কোন একটি ব্যবসা বা পেশা প্রাধান্য না পায়। রোটারির প্রতিষ্ঠিত নীতিগুলির মধ্যে একটি হল এই যে, এটি কমিউনিটির সকল পেশাগত এবং ব্যবসাগত জনগণের পক্ষপাতহীন এবং সমদর্শী উপস্থাপন সমর্থন করে। প্রাসঙ্গিক থাকার জন্য, রোটারি ক্লাবগুলির উচিত কমিউনিটির মধ্য থেকে সকল পেশা এবং ব্যবসাগুলিকে অন্তর্ভুক্ত করা এবং তাদের সদস্যপদের বৈচিত্র আরো বৃদ্ধি করতে পারে।

## নিয়মিত উপস্থিতি

শক্তিশালী এবং সক্রিয় রোটারি ক্লাবের জন্য নিয়মিত উপস্থিতি গুরুত্বপূর্ণ। উপস্থিতির ব্যাপারে গুরুত্ব দেওয়ার বিষয়টি ১৯২২ সালে ফিরে দেখা যেতে পারে, যখন রোটারি ইন্টারন্যাশনাল হাজার হাজার রোটারিয়ানদের বছরের পর বছর ধরে শতভাগ উপস্থিতির জন্য উৎসাহ দিতে একটি বিশ্বব্যাপী উপস্থিতি প্রতিযোগিতার ঘোষণা করা হয়। অনেক রোটারিয়ানই তাদের নিজেদের ক্লাবে বা অন্য রোটারি ক্লাবের সমাবেশগুলিতে উপস্থিত থেকে তাদের শতভাগ উপস্থিতির রেকর্ড বজায় রাখতে গর্ববোধ করেন। তবে বিভিন্ন গবেষণায় দেখা যায় যে কঠোর নিয়ম এবং নীতিমালার কারণে নতুন সদস্যদের ক্লাবে আকর্ষণের ক্ষেত্রে বাধা হয়ে দাড়ায় এবং বর্তমান সদস্যরাও ক্লাব কর্মসূচিতে অংশগ্রহণের ক্ষেত্রে অনিহা বোধ করে। পাশাপাশি যারা নতুন পেশাজীবি এবং যারা সদ্য পারিবারিক বন্ধনে আবদ্ধ হয়েছেন তারাও এই কড়াকড়ি নিয়মকানুনে স্বাচ্ছন্দবোধ করেনা। সভাগুলিতে অংশ নেওয়া একটি সুযোগ, বাধ্যবাধকতা নয়। নিয়মিত ক্লাব সভায় উপস্থিত হওয়ার মধ্যে দিয়ে একজন সদস্য

- ক্লাব ফেলোশিপকে উপভোগ করতে পারে।
- তাদের নিজেদের পেশাগত এবং ব্যক্তিগত জ্ঞান বাড়ানোর সুযোগ হিসেবে কাজে লাগাতে পারে।
- আর হচ্ছে নির্দিষ্ট অঞ্চলের ব্যবসায়ী নেতৃবৃন্দের সাথে সাক্ষাতের সুযোগ হিসেবে নিতে পারেন। আরআই'র আইন অনুসারে প্রতিটি সদস্যকে তাদের সকল নিয়মিত ক্লাবসভা, স্যাটেলাইট ক্লাবের নিয়মিত সভা, ক্লাবের সার্ভিস প্রজেক্টে এবং অন্যান্য অনুষ্ঠানে উপস্থিত থাকা উচিৎ।

### একজন সদস্যকে নিয়মিত উপস্থিত তখনই বলা হবে যখন সে

ক্লাবের সকল সভা-সমাবেশের মধ্যে থেকে ৬০ শতাংশ সভায় উপস্থিত (স্বশরীরে, টেলিফোনে অথবা অনলাইনে) থাকে।

এক সপ্তাহের মধ্যে ক্লাবের ওয়েব সাইটে পোস্ট করা নিয়মিত অনলাইন সভা বা ইন্টার‍্যাক্টিভ ক্রিয়াকলাপে অংশ নিলে।

তবুও অনেক ক্লাবই আরো বেশি উপস্থিতির জন্য উৎসাহ দেয় কারণ কোন সদস্যের অনুপস্থিতিতে ক্লাবটি এটির সদস্যপদের বৈচিত্রের সুফল, ক্লাবের চলমান কার্যক্রমগুলিতে সকল সদস্যদের অংশগ্রহণ, এবং প্রতিটি সদস্যের ব্যক্তিগত বন্ধুত্ব থেকে বঞ্চিত হয়। ক্লাবের বোর্ড অনুপস্থিতির অজুহাতের যথাযথ কারণ নির্ধারণ করতে পারেন। সময়ে সময়ে, বিভিন্ন কারণের ক্ষেত্রে উপস্থিতির স্বীকৃতি দিতে এবং ন্যূনতম প্রয়োজনীয়তাটি কমানোর জন্য প্রস্তাব করা হয়েছে, কিন্তু এই ধরণের প্রচেষ্টাগুলি কাউন্সিল অন লেজিসলেশন গ্রহণ করেনি।



## মেক আপ

যদি কোন সদস্য তার ক্লাবের নিয়মিত সভায় কোন বিশেষ কারণে উপস্থিত থাকতে না পারেন তখন তাদেরকে উৎসাহিত করা হয় তাদের রোটারির পরিধিকে আরো বেশি প্রসারিত করে পৃথিবীর যে কোন রোটারি ক্লাবের মিটিং এ যোগদান করতে।

- একই রোটাবর্ষের যেকোন সময় অন্য কোন ক্লাবে, প্রভিশনাল ক্লাবে, অন্য ক্লাবের স্যাটেলাইট ক্লাবে শতকরা ৬০ ভাগ সভায় উপস্থিত থাকলে মেক আপ পাবেন।
- কোন কারনে যদি ওই সব ক্লাবের নির্ধারিত মিটিং না হয় তবুও ক্লাবের মিটিং -এর সময় উপস্থিত থাকলেই হবে।
- কিছু কিছু ক্ষেত্রে রোটারিয়ানরা ক্লাব প্রজেক্ট অথবা ক্লাবের বোর্ড মিটিং, রোটার‍্যাক্ট ও ইন্টার‍্যাক্ট ক্লাবের মিটিং এ উপস্থিত হয়েও হাজিরা দিতে পারেন।
- রোটারিয়ানরা অনলাইনে ই-ক্লাবের মিটিং-এ উপস্থিত থেকেও মেক আপ পেতে পারেন।

## ক্লাবগুলির সভা কত ঘন ঘন করা উচিত?

নতুন নিয়ম অনুযায়ী ক্লাবগুলিকে কমপক্ষে মাসে দু'বার সাক্ষাত করার সুযোগ দেওয়া উচিত। এই সভাগুলি প্রথাগত নিয়মিত ক্লাবসভা, সামাজিক ভ্রমণ, সার্ভিস প্রজেক্ট বা পরিষেবা প্রকল্প ইত্যাদি হতে পারে। তবে যে সকল ক্লাব আগের মতো প্রতি সপ্তাহে মিটিং করতে চায় তারা তা করতে পারে। রোটারির ই-ক্লাব এটির সদস্যদের অনলাইন মিটিং করা সহজ করে দিয়েছে। একটি উপস্থিতির স্বীকৃতি পেতে, রোটারিয়ানরা একটি ই-ক্লাবের ওয়েবসাইটে লগঅন করেন, বিভিন্ন বিষয়ের উপর অনলাইন লেখাগুলি পাঠ করেন, মন্তব্যগুলি প্রেরণ করেন এবং ক্লাবের সচিবকে একটি ফর্ম জমা দেন। রোটারি ই-ক্লাবগুলির এবং কথা বলার ভাষাগুলির সর্ম্পূণ তালিকা www.rotary.org এ পাবেন।

২০০১ সালে নবীন পেশাজীবিদের প্রয়োজনীয়তায় আরো বেশি সাড়া দেওয়ার যোগ্য করে ২০০টি পর্যন্ত নতুন ক্লাব গড়ে তুলতে রোটারি ক্লাবের জন্য নতুন পরীক্ষামূলক মডেল কার্যক্রমটি তৈরী করার অনুমোদন দেয়। নতুন মডেল ক্লাবগুলিকে স্ট্যান্ডার্ড রোটারি ক্লাব সংবিধান এবং সুপারিশকৃত রোটারি ক্লাব আইনগুলির মধ্যে থেকে অনেকেই তাদের সভাগুলির সংখ্যা পরিবর্তন করেছে এবং উপস্থিতির প্রয়োজনীয়তা শিথিল করেছে। পরীক্ষামূলক ক্লাবগুলি সফল প্রমাণিত হওয়ায়, ২০১৯ সালের কাউন্সিল অন লেজিসলেশন এই উদ্ভাবনগুলিকে স্থায়ী করার জন্য নীতিগ্রহণ করে।

## ক্লাবসভার সময়

ক্লাবের নিয়মিত সভা এক এক ক্লাবের এক এক সময় হয়ে থাকে এবং এটা নির্ভর করে ক্লাব সদস্যদের পারিবারিক ও পেশাগত অঙ্গিকারের উপর।

- কেউ করে দুপুরে খাবার সময় **লাঞ্চ মিটিং**।
- অনেকে সকালে **ব্রেকফাস্ট মিটিং** করেন।
- কেউ সন্ধ্যেবেলা **সান্ধ্যকালীন মিটিং** করেন।
- কেউ বা রাতের বেলা **ডিনার মিটিং** করেন।

রোটারি ক্লাবগুলির ঐতিহ্যগতভাবে প্রচলিত নিয়ম এবং প্রয়োজনীয়তাগুলির অনেকগুলি যেমন, সাপ্তাহিক সভা, উপস্থিতি প্রয়োজনীয়তা, সকাল বা মধ্যাহ্নভোজ সভা, ঐতিহ্যবাহী সদস্যদের শ্রেণিবিন্যাস এবং উচ্চ ব্যয়, ইত্যাদিকে ক্লাবে যোগ দেয়ার সক্ষমতা বা ইচ্ছাকে তা সীমাবদ্ধ করেছে। আমরা যখন বিভিন্ন দৃষ্টিকোণ এবং পটভূমি, পেশা এবং দক্ষতার ক্ষেত্র, প্রতিভা এবং সংস্থানগুলি একসাথে যোগ করি তখন আমরা নতুন উপায়ে চ্যালেঞ্জ গুলি দেখতে পারি এবং সৃজনশীল সমাধানগুলি সনাক্ত করতে পারি। যেসকল রোটারি ক্লাব নতুন পদ্ধতির চর্চা করতে চায়, স্ট্যান্ডার্ড রোটারি ক্লাব সংবিধানের অনুমোদিত বিধানগুলি সংশোধন করে এটি করতে পারে। তবে ক্লাবগুলি সভা, উপস্থিতি, কাঠামো এবং সদস্যতার বিভাগগুলির জন্য তাদের বর্তমান প্রয়োজনীয়তা অনুসরণ করতে পারে। নমনীয় বিকল্পগুলি আপনার ক্লাবের সদস্যতার প্রয়োজনগুলি মোকাবেলায় সহায়তা করতে পারে কিনা তা নির্ধারণ করতে আপনার ক্লাব সদস্যদের সাথে আলোচনা করুন।

## সভার বিন্যাস পরিবর্তন

ক্লাবগুলি বিভিন্ন ধরণের নতুন ফর্ম্যাটের সাথে প্রথাগতভাবে 'একজন বক্তা এবং খাবার' এই মিটিং ফর্ম্যাটটি প্রতিস্থাপন করে নতুনত্ব এবং নমনীয়তা প্রদর্শন করছে। কিছু ক্লাব তাদের কোনও সদস্যের বাড়িতে ঘুরে ঘুরে বা একটি স্থানীয় রেস্তোঁরা বা স্থানীয় ব্যবসার মতো অন্যান্য "অফসাইট" লোকেশনে মিলিত হয়ে সভা করে । কিছু ক্লাব কার্যত মিলছে বা তাদের কিছু সদস্যকে ব্যক্তিগত সভায় ডেকে আনার অনুমতি দিচ্ছে। অনেকগুলি ক্লাব তাদের সেবা-প্রকল্প এবং তহবিল সংগ্রহকারীদের পরিকল্পনা এবং পরিচালনা করার জন্য সভাগুলি ব্যবহার করছে এবং অন্যান্য সদস্যদের আরও ভালভাবে জানতে সামাজিক অনুষ্ঠানগুলি করছে। আপনার সদস্যরা ক্লাবের নতুন আঙ্গিকের আগ্রহী কিনা সেগুলি দেখার জন্য জরিপের বিষয়টি বিবেচনা করে দেখতে পারেন।



## উপকারিতা

- ক্লাবের সভাগুলিকে আরও আকর্ষণীয় করে তোলে যা সদস্য এবং অতিথিদের ক্লাবে সম্পৃক্ত করতে সাহায্য করে।
- এমন সংস্কৃতি তৈরি করে যেখানে সাবলীলতা এবং সৃজনশীলতা মূল্যায়িত ও প্রদর্শিত হয়।
- সদস্যরা পেশা বিকাশের দক্ষতা অর্জন করতে পারেন।

## নতুন ধরণের ক্লাব

### স্যাটেলাইট ক্লাব/ ই-ক্লাব

রোটারি ক্লাবগুলি স্বায়ত্তশাসিত এবং সকলের নিজস্ব সংস্কৃতি রয়েছে। আপনি এমন একটি ক্লাব তৈরি করতে পারেন যা আপনাকে একটি ক্লাব অভিজ্ঞতা দেয় যা আপনার এবং অন্যদের জন্য অনুরূপ প্রয়োজন মিটাতে কাজ করে। উদাহরণস্বরূপ, রোটারি ই-ক্লাব - যেখানে সকল সদস্যরা প্রাথমিকভাবে অনলাইনে মিলিত হয়। আবার আপনি আপনার ক্লাবের কম নিয়মিত সদস্যদের জন্য স্যাটেলাইট ক্লাব শুরু করতে পারেন এবং আপনার ঐতিহ্যবাহী নিয়মিত সদস্যরা স্পনসর ক্লাবে থাকতে পারেন।



## স্যাটেলাইট ক্লাব কীভাবে কাজ করবে?

- স্যাটেলাইট ক্লাবগুলি স্পনসর ক্লাবের শাখা ক্লাব।
- স্যাটেলাইট ক্লাবের সদস্যরা রোটারিয়ান এবং স্পনসর ক্লাবের সদস্য হিসাবে বিবেচিত হবে।
- স্যাটেলাইট ক্লাব শুরু করতে কেবল আট সদস্য এবং স্পনসর ক্লাবের সমর্থন প্রয়োজন।
- তারা প্রায়শঃই তাদের স্পনসর ক্লাব থেকে আলাদা ক্লাবের পরিবেশ বা মিটিংয়ের সময় এবং অবস্থান নির্ধারণ করে।
- রোটারি ক্লাবের মতো স্যাটেলাইট ক্লাবগুলি নিয়মিত সভা করে, তাদের ক্লাবের বাই লজ এবং একটি বোর্ড থাকে এবং সামাজিক পরিষেবা প্রকল্পগুলিতে জড়িত হয়। স্পনসর ক্লাবটি পরামর্শ এবং সহায়তা সরবরাহ করে।
- কিছু ক্ষেত্রে স্যাটেলাইট ক্লাবগুলি বড় হয়ে আলাদা আলাদা রোটারি ক্লাব হওয়ার জন্য নিজেদের প্রস্তুত করতে পারে।

### উপকারিতা

- আপনার অঞ্চলে সম্ভাব্য সদস্যদের জন্য নতুন সুযোগ তৈরি করে।
- বঞ্চিত সদস্যদের নতুনধারা অনুশীলন এবং ধারণাগুলি নিয়ে কাজ করার অনুমতি দেয়।
- নতুন নেতৃত্বের সুযোগ সৃষ্টি করে।
- ঐতিহ্যবাহী ক্লাবগুলির সদস্যদের তাদের ক্লাবের অভিজ্ঞতা উপভোগ করার সুযোগ চালু রাখার অনুমতি দেয়।



**এখন যেহেতু রোটারি ই-ক্লাব এবং অন্যান্য ক্লাবগুলির মধ্যে আর পার্থক্য করে না, প্রাথমিকভাবে অনলাইনে মিলিত ক্লাবগুলিকে কি এখন ই-ক্লাব বলা হয়**

?

এটি ক্লাবের উপর নির্ভর করে। রোটারি মুখোমুখি সভা করা ক্লাব এবং অনলাইনে মিলিত ক্লাবগুলির মধ্যে আর পার্থক্য করে না । এটির কারণ এখন সমস্ত ক্লাবের কাছে ব্যক্তিগতভাবে, অনলাইনে (যেমন স্কাইপ, জুম বা ফেসটাইম ইত্যাদি অ্যাপস ব্যবহার করে), বা উভয়ের সংমিশ্রণের বিকল্প রয়েছে। যদি তারা চয়ন করে, যে ক্লাবগুলি একচেটিয়াভাবে বা প্রাথমিকভাবে অনলাইনে মিলিত হয় তারা সেই শব্দটি তাদের নামে রাখতে পারে এবং তাদের পছন্দসই বৈঠকের বিন্যাসকে জোর দেওয়ার জন্য একটি ই-ক্লাব হিসাবে নিজেদের ব্র্যান্ড করে চালিয়ে যেতে পারে।

## পাসপোর্ট ক্লাব কী?

পাসপোর্ট ক্লাবগুলি রোটারি ক্লাবগুলির এমন একটি মডেল ব্যবহার করে যা সদস্যদের আরও নমনীয় ক্লাব অভিজ্ঞতা দেয়, যেমন ঘন ঘন অন্যান্য ক্লাব ঘুরে দেখা, একটি স্বাচ্ছন্দ্য উপস্থিতি নীতি, এবং মিটিং যাতে কোনও খাবার এবং স্পিকারকে অন্তর্ভুক্ত করতে হয় না। 'পাসপোর্ট' শব্দটি এক ক্লাব থেকে আরেক ক্লাবের সভাগুলিতে অবাধে বিচরণ বা তাদের ক্রিয়াকলাপে অংশ নেওয়া বোঝায়। যেকোন রোটারিয়ান ভ্রমণের সময় অন্য ক্লাবে যেতে পারেন তবে পাসপোর্ট ক্লাবগুলি তাদের সদস্যদের নিয়মিতভাবে তা করতে উৎসাহিত করে। পাসপোর্ট ক্লাবগুলি এভাবেই তাদের নাম পেল। কোনও জেলায় পাসপোর্ট ক্লাবের সংখ্যার কোন সীমাবদ্ধতা নেই।



# ক্লাবের মিটিং এর প্রার্থনা

অনেক রোটারি ক্লাবেই প্রথাগতভাবে তাদের সাপ্তাহিক সমাবেশগুলি একটি যথাযথ প্রার্থনা বা আর্শীবাদের মধ্যে দিয়ে শুরু করে। সাধারণত, এই ধরণের প্রার্থনাগুলি কোন বিশেষ ধর্মের আখ্যা বা বিশ্বাসের উল্লেখ না করে উপস্থাপন করা হয়। রোটারির নীতি উপলব্ধি করে যে বিশ্ব জুড়ে ছড়িয়ে থাকা রোটারিয়ানরা বহুপ্রকার ধর্মীয় বিশ্বাস, ধারণা এবং ধর্মমতের প্রতিনিধিত্ব করে। প্রতিটি সদস্যের ধর্মীয় বিশ্বাসকে সম্পূর্ণভাবে বাধা দেওয়ার কোন উদ্দেশ্য রোটারির নেই। যেহেতু প্রতিটি রোটারি ক্লাবই স্বাধীন, তাই ক্লাবের সভায় একটি প্রার্থনা উপস্থাপন করার বিষয়টি সম্পূর্ণভাবে স্বতন্ত্র ক্লাবটির ঐতিহ্য এবং প্রথার উপর ছেড়ে দেওয়া হয়। আন্তর্জাতিক সভা এবং সম্মেলনগুলিতে, নীরবে প্রার্থনা করাই ঐতিহ্য।

# ক্লাব নেতৃত্ব পরিকল্পনা

## Club Leadership Plan

জেলা নেতৃত্ব পরিকল্পনার সাফল্যের উপরে ভিত্তি করে আরআই বোর্ড অফ ডিরেক্টররা ২০০৪ এ রোটারি ক্লাবগুলির জন্য প্রশাসনিক কাঠামো হিসাবে ক্লাব নেতৃত্ব পরিকল্পনার অনুমোদন দিয়েছেন।নেতৃত্বের মধ্যে ধারাবাহিকতা নির্মাণে মনোনিবেশ করা, সিদ্ধান্ত গ্রহণ ও পরিকল্পনার ক্ষেত্রে সর্বসম্মতি অর্জন করা এবং ক্লাব প্রজেক্ট ও ক্রিয়াকলাপে সকল সদস্যকে যুক্ত করার মাধ্যমে রোটারি ক্লাবগুলিকে পরিকল্পনা রূপায়ণের জন্য নয়টি ধাপ অনুসরণ করতে হয়, যেগুলি ক্লাবের বিশেষ চাহিদা ও সংস্কৃতি পূরণের জন্য গ্রহণ করা যেতে পারে। এই পরিকল্পনাটিতে ক্লাব প্রশাসন, সদস্যতা, জনসম্পর্ক, সেবামূলক কার্যক্রম এবং রোটারি ফাউন্ডেশনের উপরে মনোনিবেশকারী একটি সুপ্রক্রিয়াকৃত কমিটির গঠন কাঠামো অন্তর্গত।




ক্লাব নেতৃত্ব পরিকল্পনার উদ্দেশ্য হল একটি কার্যকর ক্লাবের প্রশাসনিক কাঠামো প্রদান করে রোটারি ক্লাবকে শক্তিশালী করা। ক্লাব নেতাদের জেলা নেতৃত্বের পরিকল্পনা অনুযায়ী জেলা নেতাদের সাথে পরামর্শ করে ক্লাব নেতৃত্ব পরিকল্পনা বাস্তবায়ন করা উচিত। ক্লাব নেতৃত্ব পরিকল্পনা বার্ষিক পর্যালোচনা করা উচিত।

## সফল/ কার্যকর ক্লাবের বৈশিষ্ট্য

- ক্লাবের সদস্য সংখ্যা টিকিয়ে রাখা এবং নতুন সদস্য বৃদ্ধি করা।
- গৃহীত প্রকল্পগুলির সফল বাস্তবায়ন করা যা অন্যান্য দেশে বা বিদেশে তাদের কমিউনিটির চাহিদা পূরণ করে।
- আর্থিক অনুদান এবং বিভিন্ন TRF প্রোগ্রামে অংশগ্রহণের মাধ্যমে রোটারি ফাউন্ডেশনকে সহায়তা করা।
- ক্লাব স্তরের বাইরে রোটারিতে কাজ করতে সক্ষম এমন নেতা তৈরী করা।

## পরিকল্পনা বাস্তবায়ন

একটি ক্লাব নেতৃত্ব পরিকল্পনা বাস্তবায়ন করতে, বর্তমান, আগত এবং সদ্য বিদায়ী ক্লাব নেতাদের যা করা উচিত:

- একটি দীর্ঘমেয়াদী পরিকল্পনা তৈরি করা যা একটি কার্যকর ক্লাবের উপাদানগুলিকে নির্দেশ করে।
- বার্ষিক লক্ষ্য স্থির করা এবং অনলাইনে রোটারি ক্লাব সেন্ট্রাল এ তা লিপিবদ্ধ করা।
- ক্লাব মিটিংগুলি পরিচালনা করা যা সদস্যদের পরিকল্পনা প্রক্রিয়ায় সম্পৃক্ত করে এবং তাদের রোটারির কার্যক্রম সম্পর্কে অবহিত রাখে।
- ক্লাবের সভাপতি, বোর্ড, কমিটির চেয়ার, ক্লাব সদস্য, জেলা গভর্নর, সহকারী গভর্নর এবং জেলা কমিটির মধ্যে স্পষ্ট যোগাযোগ নিশ্চিত করা।
- ভবিষ্যতের নেতৃত্ব তৈরী নিশ্চিত করার জন্য উত্তরাধিকার পরিকল্পনার ধারণা সহ নেতৃত্বে ধারাবাহিকতা বজায় রাখা।
- ক্লাব কমিটির কাঠামো এবং ক্লাব নেতাদের ভূমিকা ও দায়িত্ব প্রতিফলিত করার জন্য উপবিধি সংশোধন করা।
- ক্লাবের সদস্যদের মধ্যে ফেলোশিপ বাড়ানোর সুযোগ বৃদ্ধি করা।
- প্রতিটি সদস্যের একটি ক্লাব প্রকল্প বা প্রোগ্রামে অংশগ্রহণ নিশ্চিত করা।
- একটি বিস্তৃত প্রশিক্ষণ পরিকল্পনা তৈরি এবং বাস্তবায়ন করা যা নিশ্চিত করবে-
  - ☐ ক্লাবের নেতাদের নির্দিষ্ট জেলা প্রশিক্ষণ প্রোগ্রামে অংশগ্রহণ করা
  - ☐ নতুন সদস্যদের নিয়মিত ধারাবাহিকভাবে ওরিয়েন্টেশন প্রদান করা
  - ☐ চলমান শিক্ষার সুযোগ বর্তমান সদস্যদের জন্য নিশ্চিত করা
  - ☐ সকল সদস্যের জন্য একটি নেতৃত্বের দক্ষতা উন্নয়ন কর্মসূচী গ্রহণ করা

## ক্লাব কমিটি

ক্লাব কমিটিগুলি ক্লাবের বার্ষিক এবং দীর্ঘমেয়াদী লক্ষ্যগুলি সম্পাদনের জন্য দায়বদ্ধ। নেতৃত্ব এবং উত্তরাধিকার পরিকল্পনার ধারাবাহিকতা নিশ্চিত করতে প্রেসিডেন্ট-ইলেক্ট, প্রেসিডেন্ট এবং সদ্য বিদায়ী প্রেসিডেন্ট একসাথে কাজ করা উচিত। যখনই সম্ভব, কমিটির সদস্যদের ধারাবাহিকতা নিশ্চিত করতে তিন বছরের জন্য একই কমিটিতে নিয়োগ করা উচিত। শূন্য পদ পূরণের জন্য কমিটির সদস্যদের নিয়োগ, কমিটির চেয়ার নিয়োগ এবং অফিসে বছরের শুরুর আগে পরিকল্পনা সভা পরিচালনার জন্য প্রেসিডেন্ট ইলেক্ট তদারকি করবেন। কমিটির সদস্য হিসেবে চেয়ারম্যানের পূর্ব অভিজ্ঞতা থাকা বাঞ্ছনীয়।

## প্রশিক্ষণের প্রয়োজনীয়তা

ক্লাব কমিটির সভাপতিদের চেয়ার হিসেবে দায়িত্ব পালনের আগে জেলা প্রশিক্ষণ সমাবেশে উপস্থিত থাকতে হবে।

## জেলা নেতৃত্ব দলের সাথে সম্পর্ক

ক্লাব কমিটিগুলিকে সহকারী গভর্নর এবং প্রাসঙ্গিক জেলা কমিটির সাথে কাজ করা উচিত।

## রিপোর্টিং প্রয়োজনীয়তা

ক্লাব কমিটিগুলিকে ক্লাব বোর্ডের কাছে তাদের কার্যক্রমের রিপোর্ট নিয়মিতভাবে এবং ক্লাব মিটিং এ উপস্থাপন করা উচিত।



# ক্লাব সভাপতির ভূমিকা ও দায়িত্ব

Role & **RESPONSIBILITIES** of Club President




ক্লাবের সভাপতি পরিকল্পনা করেন এবং ক্লাব মিটিং পরিচালনা করেন, লক্ষ্য নির্ধারণ করেন, ক্লাব ও জেলা কমিটির মধ্যে যোগাযোগকে উৎসাহিত করেন, ব্যয় পর্যালোচনা করেন, সিদ্ধান্ত গ্রহনে ভূমিকা রাখেন এবং ক্লাব সদস্যদের অনুপ্রাণিত করেন। তিনি জেলা গভর্নর এবং সহকারী গভর্নরের সাথেও সহযোগিতা করেন। একজন ক্লাব সভাপতি ক্লাবের নেতা এবং ক্লাব সঠিকভাবে পরিচালনার জন্য দায়বদ্ধ।

## নিম্নলিখিত বিষয়গুলো তার দায়িত্বের মধ্যে অন্তর্ভুক্ত

**পরিকল্পনা গ্রহণ**- ক্লাবের বার্ষিক পরিকল্পনায় নেতৃত্ব দেওয়া, কমিটিকে অগ্রাধিকার ভিত্তিতে করণীয় ঠিক করতে সাহায্য করা।

**সিদ্ধান্ত গ্রহণ**- সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়া নির্ধারণ করা, যা সহজ এবং সবার জন্য বোধগম্য হয়।

**মিটিং ম্যানেজমেন্ট**- কার্যকর ব্যবস্থাপনার মাধ্যমে ক্লাব মিটিং পরিচালনা করা- যেমন: মিটিংগুলিতে সভাপতিত্ব করা এবং বিভিন্ন কমিটির সদস্যদের কাজে সহায়তা করা।

**করণীয় নির্ধারণ**- ক্লাবের **করণীয়** নির্ধারণ এবং পর্যবেক্ষণ করা এবং পরিচালনা পর্ষদের সাথে একত্রে স্বল্প- এবং দীর্ঘ- মেয়াদী করণীয় নির্ধারণ করা।

**নিয়োগ**- বিভিন্ন কমিটির চেয়ার এবং সদস্যদের নিয়োগ দেয়া এবং প্রয়োজনীয় দায়িত্ব বুঝিয়ে দেয়া।

**সদস্য সংগ্রহ**- সদস্য সংগ্রহ, প্রশিক্ষণ এবং স্থায়ীকরণ।

**যোগাযোগ**- সকল স্তরের জেলা নেতৃত্বের সাথে নিয়মিত যোগাযোগ বজায় রাখা। বিশেষ করে জেলা গভর্নর এবং সহকারী গভর্নরের সাথে কাজ করা।

**আর্থিক ব্যবস্থাপনা**- একটি বাজেট তৈরি করা এবং বার্ষিক নিরীক্ষা সহ ক্লাবের আর্থিক ব্যবস্থাপনায় স্বচ্ছতা বজায় রাখা।

**সুস্থ পরিবেশ তৈরি করা**- ক্লাবের সকল কর্মসূচীতে অপেক্ষাকৃত তরুণদের অংশগ্রহনের জন্য একটি নিরাপদ পরিবেশ গড়ে তোলা।

**সমন্বয়মূলক কার্যক্রম**- নির্বাহী কমিটি এবং পরিচালনা পর্ষদের মাধ্যমে ক্লাবের কার্যক্রম সমন্বয় করা।

**তদারকি করা**- ক্লাবের কাজগুলি সঠিকভাবে সম্পন্ন হয়েছে কিনা তা নিশ্চিত করা।




# ক্লাব সেক্রেটারির ভূমিকা ও দায়িত্ব

## Role & Responsibilities of Club Secretary

ক্লাব সেক্রেটারি ক্লাবকে সুন্দর এবং কার্যকরভাবে চালাতে সহায়তা করবেন। ক্লাবের উন্নতির জন্য নিয়ামকগুলি সনাক্ত করা এবং বাস্তবায়নে সহায়তা করার জন্য ক্লাবের তথ্যগুলি ক্লাব এবং জেলা নেতাদের সাথে আলোচনা সাপেক্ষে করণীয় নির্ধারণ করবেন।

সকল ক্লাব সেক্রেটারিদের একই ধরনের দায়িত্ব রয়েছে যা আমাদের ক্লাবগুলিকে কার্যকরভাবে পরিচালনা করতে সাহায্য করে।

- ☐ জেলা প্রশিক্ষণ সমাবেশ এবং জেলা সম্মেলনে যোগদান।
- ☐ বিদায়ী সেক্রেটারির সাথে দেখা করা এবং ক্লাব রেকর্ডসমূহ গ্রহণ করা।
- ☐ চলতি বছরের পরিকল্পনা করার জন্য নবনির্বাচিত ক্লাব অফিসার বা পরিচালনা পর্ষদের সাথে সাক্ষাত করা।



- ☐ ক্লাবের রেকর্ড এবং সদস্য তালিকা My Rotary বা ক্লাব ম্যানেজমেন্ট সিস্টেমের মাধ্যমে আপডেট করা।
- ☐ নিশ্চিত করতে হবে যে ক্লাবের কোষাধ্যক্ষের কাছে ক্লাবের ইনভয়েস বা চালান আছে, যা জানুয়ারী এবং জুলাই মাসে পরিশোধ করতে হবে।
- ☐ ক্লাব বোর্ড এবং ক্লাব প্রশাসন কমিটিতে অংশ নেয়া এবং দায়িত্ব পালন করা।
- ☐ ক্লাব মিটিং, বোর্ড মিটিং এবং ক্লাব অ্যাসেম্বলিতে বিবরণী/ রিপোর্ট উপস্থাপনের জন্য প্রস্তুত রাখা।
- ☐ অফিসিয়াল ডিরেক্টরি এবং রোটারির রেকর্ডের জন্য ক্লাব এবং অফিসারের তথ্য আপডেট রাখা ।
- ☐ ক্লাবের চিঠিপত্র পরিচালনা বা আদান প্রদান করা। যেমন: ইমেইলের উত্তর দেয়া, অফিসিয়াল নোটিশ এবং আমন্ত্রণ পাঠানো ইত্যাদি।
- ☐ প্রচারনামূলক আইটেম, নাম ব্যাজ এবং মিটিং ও ইভেন্টগুলিতে ব্যবহৃত অন্যান্য সামগ্রী নিজ হেফাজতে রাখা ।
- ☐ জেলা গভর্নরের কাছে মাসিক উপস্থিতির প্রতিবেদন জমা দেয়া।
- ☐ ক্লাবের ঐতিহাসিক রেকর্ডসমূহ সংরক্ষণ করা।
- ☐ রোটারি বছরের শেষে ক্লাবের জন্য একটি বার্ষিক প্রতিবেদন তৈরী করা ।
- ☐ প্রয়োজনে ক্লাবের সভাপতি, কোষাধ্যক্ষ এবং কমিটিকে সহায়তা করা।
- ☐ পরবর্তী সেশনের ক্লাব সেক্রেটারীর সাথে দেখা করা এবং ক্লাব রেকর্ডসমূহ হস্তান্তর করা।



- ☐ Rotary.org এ My Rotary অ্যাকাউন্ট নিশ্চিত করা।

# ক্লাব ট্রেজারারের ভূমিকা ও দায়িত্ব

## Role & Responsibilities of Club Treasurer




রোটারি ক্লাবের ট্রেজারার/কোষাধ্যক্ষ ক্লাবের অর্থ পরিচালনা করেন, যার মধ্যে বকেয়া আদায়, ফি সংগ্রহ/জমা দেওয়া, আগত এবং বহির্গামী তহবিল ট্র্যাক করা এবং সঠিক আর্থিক রেকর্ড বজায় রাখা। কোষাধ্যক্ষরাও ভাল আর্থিক স্টুয়ার্ডশিপ নিশ্চিত করেন, যা ক্লাবের তহবিল সংগ্রহ, রোটারি ফাউন্ডেশনকে সহায়তা এবং পরিষেবা প্রকল্পগুলি পরিচালনা করার ক্ষমতার জন্য গুরুত্বপূর্ণ।

### রোটারি ক্লাবের কোষাধ্যক্ষের কিছু দায়িত্ব রয়েছে

- ক্লাবের আর্থিক অবস্থার উপর প্রতিবেদন তৈরী করা।
- রোটারি ফাউন্ডেশনের সাথে কাজ করা।
- ক্লাবের চালান পরিশোধ করা।
- প্রেসিডেন্ট ইলেক্ট এবং ক্লাবের বোর্ডের সাথে রোটারি বছরের জন্য একটি বাজেট তৈরি করা।
- আগামী বছরের বাজেট পরিকল্পনা করার জন্য আগত বোর্ডের সাথে কাজ করা।

এছাড়াও:

- ☐ নথি ধারণ সংক্রান্ত আইন সম্পর্কে স্থানীয় কর্তৃপক্ষের সাথে পরামর্শ করা
- ☐ ক্লাবের আর্থিক কার্যকলাপ একজন যোগ্য হিসাবরক্ষকের দ্বারা বার্ষিক পর্যালোচনা করা
- ☐ ক্লাবের পক্ষ থেকে ট্যাক্স ফাইল করা

মূলতঃ রোটারি ক্লাবের কোষাধ্যক্ষ  ক্লাবের পরিষেবা প্রকল্প, তহবিল সংগ্রহ এবং রোটারি ফাউন্ডেশনকে সহায়তা করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকেন।





# নতুন ক্লাব সংগঠন ও রোটারি প্রসারণ

নিরবচ্ছিন্নভাবে নতুন নতুন ক্লাব গঠন রোটারি ইন্টারন্যাশনালের বিশ্বব্যাপী কার্যক্রম ও প্রভাব প্রসারণে জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রকৃতপক্ষে সাম্প্রতিক রোটারির সদস্যতা বৃদ্ধির  পিছনে প্রধান কারণ হলো নতুন রোটারি ক্লাব গঠিত হওয়া। নতুন রোটারি ক্লাব বিশ্বের এমন যে কোন স্থানে স্থাপিত হতে পারে যেখানে রোটারির মৌলিক নীতিগুলি মুক্তভাবে পালন করা যেতে পারে এবং যেখানে একটি সফল ক্লাব যুক্তিসঙ্গতভাবে রক্ষণাবেক্ষণ করা যেতে পারে। উদাহরণস্বরূপ ২০০০ এর পরে গঠিত নতুন ক্লাবগুলির অনেকগুলি স্থাপিত হয়েছে এশিয়া এবং ল্যাটিন আমেরিকায়। যে সকল দেশে আগে কোন ক্লাব ছিল না সেখানে রোটারি সম্প্রসারণ করতে হলে  আরআই বোর্ড  অফ ডিরেক্টর থেকে অবশই অনুমোদন নিতে হবে। ২০০৫-০৬ সালে বোর্ড প্রসারণের জন্য চীন,

কিউবা ও ভিয়েতনামকে উন্মুক্ত করেছে। স্থানীয় আধিকারিকদের সাথে বিভ্রান্তি এড়াবার জন্য আরআই বোর্ডের নীতি অনুযায়ী যে সকল দেশে বর্তমানে রোটারি ক্লাবের অস্তিত্ব নেই সেখানে ক্লাব গঠনের সময়ে রোটায়িানদের আরআই এক্সটেনশন কমিটির মাধ্যমে কাজ করা বাধ্যতামূলক।

একটি ক্লাব গঠনের লক্ষ্য হল ওই বিশেষ অঞ্চলকে সেবা দেয়া এবং যেখানে যথেষ্ট বা ভাল চরিত্রের ব্যবসায়ী ও পেশাজীবি এবং সামাজিকভাবে সুনামের অধিকারী ব্যক্তিবর্গ আছেন এবং যেখানে রোটারির সেবার যথেষ্ট সুযোগ আছে। একটি প্রস্তাবিত নতুন ক্লাবের জন্য কমপক্ষে ২৫ জন সদস্য নথিভুক্ত হতে হবে এবং শতকরা ৫০ ভাগ ওই নির্দিষ্ট অঞ্চলের অধিবাসী হতে হবে। জেলা গর্ভনররা নতুন ক্লাব গঠনের অনুমোদন ও পর্যবেক্ষণের জন্য দায়িত্বপ্রাপ্ত। নতুন ক্লাব সংগঠনের নির্দেশ দেওয়ার জণ্য গর্ভনররা একজন বিশেষ প্রতিনিধি নিয়োগ করেন, যার প্রথম পদক্ষেপ হল স্থানীয় এলাকার সমীক্ষা করে একটি নতুন ক্লাবের সম্ভাবনা যাচাই করা। একটি নতুন ক্লাবকে স্ট্যান্ডার্ড রোটারি ক্লাব কনস্টিটিউশন গ্রহন করতেই হবে, স্পস্টরূপে স্থাপিত শ্রেণিবদ্ধকরণ সমেত নূন্যতম ২০ জন নতুন সদস্য থাকতে হবে, অফিসার নির্বাচন করতে হবে, একটি সনদ মূল্য প্রদান করতে হবে, অস্থায়ী ক্লাবের সাপ্তাহিক সভা আয়োজন করতে হবে এবং ক্লাবের এমন একটি নাম বাছাই করতে হবে যা সেটিকে অবস্থানের সাথে নির্দিষ্টভাবে চিহ্নিত করবে। কোন অস্থায়ী ক্লাবের সনদ আরআই বোর্ড অফ ডিরেক্টরদের দ্বারা অনুমোদিত হওয়ার পর তখন সেটি রোটারি ক্লাবে পরিণত হয়।

নতুন ক্লাব সংগঠন সাহায্য ও সহযোগিতা করা সকল রোটারিয়ানের কাছে একটি মহান সুযোগ ও বিশেষ কর্তব্য । নতুন ক্লাবগুলি রোটারির দীর্ঘকাল টিকে থাকার ক্ষমতা এবং বিশ্বব্যাপী তার মানবতাবাদী সেবার প্রতি অঙ্গিকারকে দৃঢ়তর করে।

## ডিস্ট্রিক্ট/ জেলা

সারা বিশ্বে যতো ক্লাব আছে যেগুলো বিভিন্ন ক্লাবে ভাগ করে তাদের সমন্বয়ে বিভিন্ন ডিস্ট্রিক্ট/জেলা গঠিত হয়। জেলার কর্মকর্তা গভর্নর, এসিস্টেন্ট গভর্নর এবং বিভিন্ন জেলা কমিটি মিলে ক্লাবগুলোকে পরিচালনা এবং সহায়তা করে।

## জেলা গর্ভণর

রোটারির জগতে জেলা গভর্ণর একটি খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়ে থাকেন। তিনি হলেন রোটারি ইন্টারন্যাশনালের জেলা নামক একটি ভৌগলিক অঞ্চলের একক অফিসার। ইন্টারন্যাশনাল আসেম্বলি এবং আঞ্চলিকভাবে নির্বাচিত-গভর্ণরদের প্রশিক্ষণ কেন্দ্রে সম্পূর্ণরূপে প্রশিক্ষণপ্রাপ্ত জেলা গভর্ণরগণ বিশ্বের ৩৫০০০ এর চেয়েও বেশি রোটারি ক্লাবগুলিকে নির্দেশ এবং নেতৃত্ব দিয়ে থাকেন। তারা তাদের জেলার, ক্লাবগুলির উচ্চ কার্যকারিতা বজায় রাখার ব্যাপারে দায়বদ্ধ।



## জেলা গভর্ণর হলেন:

- একজন খুবই অভিজ্ঞ রোটারিয়ান যিনি এক বছর সময়ের জন্য জেলাটিকে নেতৃত্ব দিতে বদ্যনাতার সঙ্গে স্বেচ্ছাসেবকতা করেন,
- বর্তমান রোটারি কার্যক্রম তার উদ্দেশ্য, নীতি এবং লক্ষ্যগুলির বিষয়ে প্রচুর জ্ঞান আছে এবং
- এমন একজন ব্যক্তি যার নিজের পেশাতে, গোষ্ঠীতে, এবং রোটারি ক্লাবে স্বীকৃত উচ্চ স্থান আছে।

## দায়িত্ব:

- গভর্ণরকে জেলার প্রতিটি ক্লাবে কমপক্ষে একবার আধিকারিক পরিদর্শন বা Official Club Visit করতে হবে।
- গভর্ণরকে অবশ্যই নতুন ক্লাব সংগঠন করার তদারকি করতে হবে এবং বিদ্যামান ক্লাবগুলিকে শক্তিশালী করতে হবে।
- রোটারির মান জেলায় যাতে পিছিয়ে না পড়ে তা সুনিশ্চিত করার জন্য তিনি একজন তত্ত্বাবধায়কের ভূমিকা পালন করে থাকেন ।
- আরআই সভাপতি এবং বোর্ড অব ডাইরেক্টরের সকল কার্যক্রম অগ্রসর এবং কার্যকরী করে তোলার জন্য দায়বদ্ধ।
- আগমনোদ্যত জেলা অফিসারদের জণ্য প্রশিক্ষণের পরিকল্পনা ও নির্দেশনা প্রদান করেন এবং
- ডিস্ট্রিক্ট কনফারেন্স সহ অন্যান্য বিশেষ অনুষ্ঠানের আয়োজন করেন।

# সহকারী গভর্ণর

## Assistant Governor


জেলা গভর্ণরদের তাদের ক্লাবগুলিকে আরো ভালভাবে সহায়তা দেওয়ার জন্য সাহায্য করার প্রচেষ্টা নিয়ে আরআই বোর্ডের দ্বারা গৃহীত সকল জেলার জন্য প্রাতিষ্ঠানিক কাঠামোটি হল ডিস্ট্রিক্ট লিডারশিপ প্ল্যান. যেটির মূল উপাদান হিসাবে সহকারী গভর্ণরের পদটি ১৯৯৬ সালে সৃষ্টি করা হয়। নির্দেশিত ক্লাবগুলির পরিচালনায় সহায়তা করার জন্য সহকারী গর্ভণররা জেলা গভর্ণরদের দ্বারা নিয়োজিত হন। এই রোটারি নেতারা আগামি ক্লাব সভাপতিদের তাদের কাজের বছরগুলির জন্য
এবং গভর্ণনরের অফিসিয়াল ক্লাব ভিজিট-এর পরিকল্পনা করতে সাহায্য করেন, লক্ষ্যে পৌঁছানোর জন্য নেওয়া কৌশলগুলোর বিষয়ে ক্লাবকে পরামর্শ দেন এবং এক বছরে কমপক্ষে চারবার তাদের জন্য নির্দেশিত ক্লাবগুলিকে পরিদর্শন করেন।ক্লাবের জন্য আরো প্রতিক্রিয়ামূলক সহায়তা প্রদান করা ছাড়াও, সহকারী গভর্ণররা সু-প্রশিক্ষণপ্রাপ্ত জেলা নেতাদের এমন একটি ভান্ডারও সৃষ্টি করেন যেখান থেকে ভবিষ্যত গর্ভণর নির্বাচন করার জন্য সহায়তা করতে সহকারী গভর্ণর, ক্লাবগুলি এবং জেলা গভর্ণর উভয়ের জন্যই একটি গুরুত্বপূর্ণ সংস্থান হিসাবে কাজ করে।

### District Leadership Team

- District Governor
- PDGs - DGE - DGN
- AG Coordinators
- Assistant Governors
- District Secretary
- District Treasurer
- District Committee Chairpersons
- District Trainers








# জেলা সমাবেশ

## DISTRICT ASSEMBLY

ক্লাব নেতৃত্বের জন্য যারা কাজের দায়িত্ব নিয়েছেন সেগুলির জন্য যথাযথ নির্দেশ দিতে বিশেষ প্রচেষ্টার প্রয়োজন। বাৎসরিক জেলা সমাবেশ হল আগামী ক্লাব অফিসারদের জন্য প্রাথমিক প্রশিক্ষণের অনুষ্ঠান।

জেলা সমাবেশটি ক্লাব অফিসার, ডাইরেক্টর এবং কমিটির সভাপতিদের জন্য উৎসাহ, প্রেরণা, রোটারি সংক্রান্ত তথ্য এবং নতুন ধারণা প্রদান করে। অভিজ্ঞ জেলা নেতারা রোটারি পরিচালনা এবং সেবা প্রকল্পের সকল পর্যায়ের উপরে তথ্যমূলক আলোচনার আয়োজন করে। সভাটি এটির অংশগ্রহনকারীদের তাদের ক্লাবটিকে আরো কার্যকরী এবং আকর্ষণীয়করে তুলতে মূল্যবান নতুন ধারণা দেয়। সাধারণত: প্রতিটি ক্লাব থেকে ৮ থেকে ১০ জন প্রতিনিধিকে প্রশিক্ষণ অধিবেশনটিতে যোগদান করার জন্য আমন্ত্রণ জানানো হয় যেটি এপ্রিল বা মে মাসে অনুষ্ঠিত হয়ে থাকে।

জেলা সমাবেশটি আগামি জেলা গর্ভণরদের আগামি বছরটির জন্য আরআই ভাবনাটি এবং সভাপতিমূলক গুরুত্বের সঙ্গে পরিচিত হওয়ারও একটি সুযোগ প্রদান করে। জেলার লক্ষ্য এবং উদ্দেশ্যগুলির বর্ণনা করা হয় এবং সেগুলি কার্যে প্রয়োগ করার জন্য পরিকল্পনা গড়ে তোলা হয়।

পরবর্তী বছরের জন্য প্রতিটি রোটারি ক্লাবের সফলতায় বাৎসরিক জেলা সমাবেশে অংশগ্রহণ করা খুবই ফলপ্রসূ হয়।

# জেলা সম্মেলন
## DISTRICT CONFERENCE

জেলা সম্মেলনের সকল ক্লাব সদস্য এবং তাদের পরিবার একত্রিত হন- শুধু ক্লাব অফিসার এবং কমিটি প্রতি বছর রোটারি নেতৃত্বের বাৎসরিক পরিবর্তনের উপর দৃষ্টি রেখে, ৩৫০০০ এর চেয়েও বেশি ক্লাবের সদস্যরাই নন- বন্ধুত্ব এবং অনুপ্রেরণাময় বক্তাদের সংসর্গ উপভোগ করার জন্যে এবং যে সকল বিষয়গুলি কোন ব্যক্তির রোটারির সদস্যতাকে আরো বেশি অর্থপূর্ণ করে তোলে সেইগুলি নিয়ে আলোচনার জন্যে জেলা সম্মেলনে উপস্থিত সকল ব্যক্তিই মনে হয় যে নতুন অভিজ্ঞতা, অন্তর্দৃষ্টি এবং সম্মেলনে গড়ে ওঠা পরিচিতির কারণে রোটারিয়ান হওয়া এমনটি আরো বেশি সন্তোষজনক হয়ে ওঠে। যারা একবার সম্মেলনে হাজির থাকেন তারা বারবার বছরের পর বছর সম্মেলনে ফিরে আসতে পছন্দ করেন।

প্রত্যেক রোটারি জেলাতেই বাৎসরিক একটি সম্মেলন হয়। এই সভাগুলিকে এত বেশি গুরুত্বপূর্ণ বলে বিবেচনা করা হয় যে আরআই সভাপতি প্রত্যেক সভাতে উপস্থিত থাকা ও সম্বোধন করার জন্য একজন বিজ্ঞ রোটারিয়ানকে ব্যক্তিগত প্রতিনিধি রূপে মনোনীত করেন। কার্যক্রমে সর্বদাই কয়েকটি অসাধারণ বিনোদনমূলক বৈশিষ্ট্য, আগ্রহজনক আলোচনা এবং অনুপ্রেরণামূলক কর্মসূচী থাকে। জেলা সম্মেলনে উপস্থিত থাকার অন্যতম একটি বাড়তি সুবিধা হল সদস্যরা একটি প্রথাবহির্ভূত ব্যবস্থায় নিজের ক্লাবের সদস্যদের সাথে আরো ভালভাবে পরিচিত হতে পারেন। জেলা সম্মেলনের বন্ধুত্বের সময় থেকে দীর্ঘস্থায়ী বন্ধুত্ব গড়ে ওঠে।






# নির্বাচিত সভাপতি প্রশিক্ষণ কর্মশালা (PETS)

রোটারি ইন্টারন্যাশনালের আইনানুযায়ী পরবর্তী ক্লাব সভাপতিকে বর্তমান গভর্ণরের সহযোগিতায় জেলার নির্বাচিত গর্ভণর দ্বারা প্রশিক্ষণ কর্মশালাটি আয়োজিত হয়। সভাপতিকে অবশ্যই 'নির্বাচিত সভাপতি প্রশিক্ষণ কর্মশালা'য় উপস্থিত থাকতে হয়। এটা সাধারনত: মার্চ মাসে হয়, এই ২ বা ৩ দিন ব্যাপী উৎসাহবর্ধক ও নেতৃত্ব প্রশিক্ষণ সমাবেশটি আগামি ক্লাব সভাপতিকে অফিসের দায়িত্বের জন্য প্রস্তুত করে। যা তিনি পরবর্তি ১ জুলাই থেকে গ্রহণ করবেন। এর অধীন বিষয়গুলির মধ্যে আছে আসন্ন বছরের জন্য আরআই বিষয়ভাবনা, কার্যকরী সেবা কর্মসূচী এবং রোটারী ফাউন্ডেশন। আগামী ক্লাব সভাপতিরা তাদের ভূমিকা ও দায়িত্ব, লক্ষ্য নির্ধারণ, ক্লাব কর্মকর্তা নিয়োগ ও প্রস্তুত করা, সদস্য সংগ্রহ ও সংরক্ষন, জনসর্ম্পক এবং আরআই ও জেলার সংস্থান সম্পর্কে শেখেন।

# রোটারি ইন্টারন্যাশনাল আরআই বোর্ড (RI Board)

১৯ সদস্য বিশিষ্ট্য আরআই বোর্ড অব ডিরেক্টর যার মধ্যে আছেন আরআই প্রেসিডেন্ট, প্রেসিডেন্ট ইলেক্ট বা নির্বাচিত প্রেসিডেন্ট। প্রতি ৩মাস পরপর অর্থাৎ বছরে ৪ বার আরআই ১৯ সদস্য বিশিষ্ট্য আরআই বোর্ড অব ডিরেক্টর যার মধ্যে আছেন আরআই প্রেসিডেন্ট, প্রেসিডেন্ট ইলেক্ট বা নির্বাচিত প্রেসিডেন্ট। প্রতি ৩মাস পরপর অর্থাৎ বছরে ৪ বার আরআই সভায় মিলিত হয় বিভিন্ন নীতি নির্ধারনের জন্য। ঐতিহ্য গত ভাবে আরআই প্রেসিডেন্ট প্রতিবছর নির্বাচিত হন এবং সে নির্বাচন হয় যে বছর তিনি প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করবেন তার ১ বছর আগে। তিনি নির্বাচনের পরেই তার বছরের জন্য একটি প্রতিপাদ্য বিষয় ঠিক করবেন যাকে ঘিরে সেই বছরের কর্মকান্ড পরিচালিত হবে।

# সম্পাদকমণ্ডলি

## Secretariate

রোটারি ইন্টারন্যাশনাল এবং রোটারি ফাউন্ডেশনকে স্বচ্ছন্দে এবং কার্যকরভাবে পরিচালনা করতে একজন সেক্রেটারি জেনারেল এবং ৬ শতাধিক সংখ্যক কর্মীর সমগ্র ক্রিয়াকলাপকে বর্ণনা করে এই সেক্রেটারিয়েট। সেক্রেটারিয়েট এর মূল উদ্দেশ্য হল রোটারি ইন্টারন্যাশনাল এবং রোটারি ফাউন্ডেশন ও এর ক্লাব, জেলা এবং প্রশাসনিক আধিকারিকদের সহায়তা করা। ওয়ান রোটারি সেন্টার নামের একটি অট্টালিকায় অবস্থিত আরআই ওয়ার্ল্ড হেডকোয়ার্টারটি হল সেক্রেটারিয়েট এর সদর দপ্তর। আমেরিকার ইলিনয় অঙ্গরাজ্যর ইভাস্টোনের শিকাগোতে রোটারি ইন্টারন্যাশনাল এর প্রধান কার্যলয় অবস্থিত এবং আর্জেন্টিনা, অস্ট্রেলিয়া, ব্রাজিল, ভারত, জাপান, কোরিয়া, সুইজারল্যান্ড সহ ৭ টি দেশে ইন্টারন্যাশনাল অফিস অবস্থিত। এছাড়াও ইংল্যান্ডে আছে **RIBI** অর্থাৎ রোটারি ইন্টারন্যাশনাল ইন গ্রেড ব্রিটেন ও আয়ারল্যান্ড এর অফিস ওই অঞ্চলের ক্লাব ও ডিস্ট্রিক্টগুলোর দায়িত্ব পালন করে।

# রোটারি ইন্টারন্যাশনাল এর কার্যক্রম

রোটারি ইন্টারন্যাশনাল এর কার্যক্রম-এ সেবার সুযোগ এমনভাবে তৈরী করা হয় যাতে রোটারিয়ানরা তাদের কমিউনিটির চাহিদাপূরণ এবং আন্তর্জাতিকভাবে পৃথিবীর যেকোন স্থানে বিপদগ্রস্থ মানুষের চাহিদা মিটানোর জন্য পৌঁছে যেতে পারেন।

# গ্লোবাল নেটওয়ার্কিং গ্রুপস

রোটারি ফেলোশিপ গ্রুপ যেখানে বৃত্তিমূলক এবং বিনোদনে আগ্রহী রোটারিয়ানরা সমবেত হবেন এবং রোটারিয়ান অ্যাকশন গ্রুপ যেখানে সেবামূলক কাজে আগ্রহী সকল রোটারিয়ানরা সমবেত হবেন। তবে রোটারি-স্পাউস (স্ত্রী/স্বামী) এবং রোটার‍্যাক্টদের জন্য এই গ্রুপের দরজা খোলা। প্রায় ৯০টিরও বেশি গ্রুপ এই গ্লোবাল নেটওয়ার্কিং এ অর্ন্তভূক্ত।



# রোটারি বন্ধুত্ব বিনিময়

## Rotary Friendship Exchange

এক দেশের রোটারিয়ান এবং তাদের পরিবার অন্য দেশের রোটারিয়ান বন্ধুদের আতিথেয়তা গ্রহণ, সেখানে কিছু দিন অবস্থান করে তাদের সভ্যতা ও কৃষ্টি সম্পর্কে সম্যক ধারণা গ্রহণ করে এবং উল্টোভাবে অন্যদেশের পরিবার সহ রোটারিয়ান বন্ধুদের নিজ বাড়িতে অতিথি হিসেবে রাখার ব্যবস্থা করাই হচ্ছে রোটারি বন্ধুত্ব বিনিময় (Rotary Friendship Exchange) |



# গ্রুপ-স্টাডি এক্সচেঞ্জ

## GSE

রোটারি ফাউন্ডেশনের একটি অন্যতম জনপ্রিয় ও লাভ জনক কার্যক্রম হল গ্রুপ-স্টাডি এক্সচেঞ্জ। ১৯৬৫ সালে ক্যালিফোর্নিয়া ও জাপানের জেলাগুলি মধ্যে প্রথম বিনিময়ের পর থেকে এই কর্মসূচিটি ৫২০০০ এর বেশি ব্যবসায়িক ব্যক্তি ও পেশাদারের জন্য শিক্ষামূলক অভিজ্ঞতা প্রদান করেছে, যারা প্রায় ১২০০০ দলকে সেবা দিয়েছেন। জিএসই কার্যক্রম রোটারি জেলাগুলিকে জোড়ায় জোড়ায় একজোট করে অধ্যয়ন দল পাঠায় ও গ্রহণ করে। ১৯৬৫ পর থেকে গ্রুপ-স্টাডি এক্সচেঞ্জে অনুদানের জন্য রোটারি ফাউন্ডেশন ৮৮ মিলিয়নের বেশি অর্থ বন্টন করেছে। জিএসই ভ্রমণরত দলের সদস্যদের রোটারিয়ানদের ও তাদের পরিবারের সাথে বন্ধুত্ব ও আতিথেয়তার উষ্ণ পরিবেশে সাক্ষাত করা, কথা বলা ও বসবাসের সুযোগ প্রদান করে। চাষের ক্ষেত, স্কুল, শিল্প কারখানা, পেশাদারি অফিস এবং সরকারি ভবন পরিদর্শনের মাধ্যমে অপর একটি দেশের বিষয়ে শেখা ছাড়াও জিএসই দলের সদস্যরা মঙ্গলকামনার দূত হিসাবে কাজ করেন। কিছু জিএসই দল তাদের দেশগুলির মধ্যে মানবতাবাদী কর্মসূচী তৈরিতে সাহায্য করেছে। অধিকাংশ ব্যক্তিগত যোগাযোগ দীর্ঘস্থায়ী বন্ধুত্বে পরিণত হয়।

### বৃত্তিমূলক প্রশিক্ষণ দল

#### VOCATIONAL TRAINING TEAM

দক্ষ পেশাজীবীদের দল এক দেশ থেকে অন্য দেশে যান, স্থানীয় বা ঐ নির্দিষ্ট অঞ্চলের পেশাজীবীদের হাতে কলমে শেখানো অথবা স্থানীয় পেশাজীবীদের থেকে নিজেরা শিক্ষা নেয়ার জন্য। এই গ্রুপে রোটারিয়ান বা রোটারির বাইরের পেশাজীবীরাও থাকতে পারেন। এদের এই পেশাগত দক্ষতা অর্জন অথবা ছড়িয়ে দেয়ার জন্য ভ্রমণের খরচ রোটারি ফাউন্ডেশন থেকে বহন করা হয়।



# রোটারি কমিউনিটি কর্পস

## RCC

রোটারি ক্লাবগুলো জামিনদার হয়ে নন-রোটারিয়ান বা রোটারি ক্লাবের সদস্য নয় এমন লোক যারা সমাজের উন্নয়নে কাজ করে তাদের নিয়ে রোটারি কমিউনিটি কর্পস RCC গঠন করে।
রোটারির বিশ্বব্যাপী সেবার বিস্তৃত শ্রেণীর অন্যতম একটি কার্যক্রম হল রোটারি কম্যুনিটি কর্পস RCC। আরআই প্রেসিডেন্ট এম এ টি ক্যাম্পারাস ১৯৮৬ সালে পূর্বে রোটারি ভিলেজ কর্পস (অথবা শহরের এলাকায় রোটারি কম্যুনিটি সার্ভিস কপর্স) নামে পরিচিত এই ধরনের তৃণমূল স্তরের স্বেচ্ছাসেবা কর্মসূচি চালু করেছিলেন গ্রাম, প্রতিবেশী এলাকা এবং সম্প্রদায়ের জীবন মান উন্নয়নের উপায় হিসাবে। RCC কার্যক্রমটি এই ভিত্তিতে নির্মিত হয়েছিল যে প্রায়শঃই এই এলাকায় প্রাপ্য শ্রমের প্রাচুর্য দেখা যায় কিন্তু সম্প্রদায়ের উন্নতি সাধনের উপযোগী কর্মসূচী হিসাবে পুরুষ ও মহিলাদের সংঘবদ্ধ করার কোন প্রক্রিয়া নেই। রোটারি কমিউনিটি কর্পস রোটারিয়ানদের এই রকম দারুণ চাহিদা সম্পন্ন স্থানে সেবা দেওয়ার আরেকটি সুযোগ তৈরি করে দেয়।





# রোটারি স্বেচ্ছাসেবক

## Rotary Volunteers

রোটারিয়ান এবং অন্যান্য দক্ষ পেশীজীবিদের জন্য এক বিশাল সুযোগ যে তারা চাইলে তাদের সেবা এবং অভিজ্ঞতা স্থানীয় এবং আন্তর্জাতিক পরিসরে আর্ত মানবতার কাজে উৎসর্গ করতে পারবেন। দূরবর্তী ক্লিনিক, শরণার্থী ক্যাম্প, অস্থায়ী হাসপাতাল, অনগ্রসর গ্রাম এবং তাদের নিজস্ব সম্প্রদায়ে আপনি তাদের কাজ করতে দেখতে পাবেন। তারা হলেন প্রশাসন, সম্প্রদায়ের উন্নয়ন, শিক্ষা, খাদ্য প্রস্তুতকরণ, স্বাস্থ্য সেবা এবং জল ও পয়োঃনিষ্কাশনের ক্ষেত্রে বিশেষজ্ঞ। এরা হলো রোটারি ভলান্টিয়ার্স। রোটারি ভলান্টিয়ার্স কার্যক্রম রোটারির স্বার্থের উর্ধ্বে সেবার আদর্শকে কার্যকর করে স্বেচ্ছা সেবা উৎসাহ এবং সহজতর করে দেয়। ক্লাব, জেলা ও আন্তর্জাতিক স্তরে রোটারি ভলান্টিয়ার্স কমিটিগুলি এই কার্যক্রম পরিচালনা করে। সারা বিশ্বব্যাপী রোটারি ভলান্টিয়ার্স বিভিন্ন মানবতাবাদী কর্মসূচিতে অংশগ্রহণ করে তাদের অভিজ্ঞতা ভাগাভাগি করে।

# রোটারি যুব বিনিময়

## Rotary Youth Exchange

ক্লাব এবং ডিস্ট্রিক্টের সাংস্কৃতিক বিনিময় কর্মসূচির আওতায় এক সপ্তাহ থেকে এক বছরের জন্য ১৫ থেকে ১৯ বছর বয়সী ছাত্র-ছাত্রীদের তাদের নিজের দেশ থেকে ভিন্ন দেশে প্রেরন করতে বা গ্রহণ করতে পারেন। বছরে প্রায় ৯ হাজার ছাত্র-ছাত্রী এই কর্মসূচির আওতায় বিদেশ ভ্রমণ করে থাকে।

# রোটারি যুব নেতৃত্ব পুরস্কার

## Rotary Youth Leadership Awards-RYLA

ক্লাব এবং জেলাগুলো ১৪-৩০ বছর বয়সী তরুণ-যুবকদের নেতৃত্ব বিকাশের লক্ষ্যে সেমিনারের আয়োজন করে তাদের উৎসাহ ও স্বীকৃতি প্রদান করা হয়।

# বিশ্ব সমাজ সেবা

## World Community Service-WCS

দু'টি ভিন্ন দেশের রোটারি ক্লাব এবং জেলা অংশীদারিত্বের মাধ্যমে সেবামূলক কর্মকান্ড পরিচালনা করে। WCS প্রজেক্ট বিনিময় রোটারি ওয়েবসাইট www.rotary.org এর মাধ্যমে প্রকল্পের বৈশিষ্ট্য বর্ণনা প্রদর্শন করে আন্তর্জাতিক অংশীদার খুঁজতে পারে।

# সেবামূলক কাজের তালিকা

## Menu of Service Opportunities

রোটারি ইন্টারন্যাশনাল সুপারিশ করে যে, ক্লাবগুলো নিম্নলিখিত ৯টি বড় চাহিদা বা বিষয় সেবার খাত হিসাবে বিবেচনা করতে পারে।

১ বিপদগ্রস্ত শিশু
২ প্রতিবন্ধী মানুষ
৩ স্বাস্থ্য সেবা
৪ আন্তর্জাতিক সমঝোতা ও কল্যান
৫ জনসংখ্যা বিষয়ক
৬ ক্ষুধা ও দারিদ্র
৮ শহুরে উদ্বেগ
৭ পৃথিবী ও পরিবেশ রক্ষা

# জনহিতকর অনুদান

## Humanitarian Grants Program

জনহিতকর অনুদান রোটারিয়ানদের আন্তর্জাতিক সেবামূলক কর্মকান্ড যেমন সুপেয় পানি সরবরাহ, স্বাস্থ্য সেবা নিরক্ষরতা দুরিকরণ সহ অন্যান্য প্রয়োজনীয় ক্ষেত্রগুলোতে সহযোগিতা বৃদ্ধিতে সক্ষম করে। এসকল প্রজেক্টের সফলতা নির্ভর করে রোটারিয়ানের অংশগ্রহণের উপর।



# ম্যাচিং গ্র্যান্টস

## (Matching Grants)

রোটারি ফাউন্ডেশনের অন্যতম একটি জনপ্রিয় কার্যক্রম হলো ম্যাচিং গ্র্যান্টস, যা রোটারি ক্লাব ও জেলাগুলোকে অন্য দেশের ক্লাবগুলোর সাথে মিলে বিভিন্ন জনহিতকর প্রকল্প তৈরী করতে সহায়তা করে।

# জেলা সরলিকৃত অনুদান

## (District Simplified Grants)

জেলা সরলিকৃত অনুদান District Simplified Grants রোটারি জেলা গুলিকে স্থানীয় এবং আন্তর্জাতিক কমিউনিটির উপকারে গৃহীত সেবামূলক কাজ এবং জনহিতকর উদ্যোগ গ্রহণে সক্ষম করে।

# স্বেচ্ছাসেবা অনুদান

## Volunteer Service Grants

স্বেচ্ছাসেবা অনুদান Volunteer Service Grants -দক্ষ রোটারিয়ান যারা দেশীয় বা আন্তর্জাতিক সমাজে প্রয়োজনীয় সেবা দেয়ার জন্য প্রকল্প পরিকল্পনা করেন তাদেরকে পরিবার সহ ভ্রমনে সাহায্য করে।

# স্বাস্থ্য, ক্ষুধা ও মানবতা অনুদান

## Health, Hunger and Humanity Grants - 3-H Grants

১৯৭৮ সালে রোটারি ফাউন্ডেশন তার সর্বাঙ্গীন মানবতাবাদী সেবা সংক্রান্ত কর্মকান্ড শুরু করেছিল স্বাস্থ্য, ক্ষুধা ও মানবতা অনুদান কার্যক্রমের মাধ্যমে। 3-H অনুদান কার্যক্রমের পরিকল্পনা করা হয়েছিল রোটারি ক্লাব বা ক্লাব গোষ্ঠীর সাধ্যের বাইরে বিশাল-মাত্রার সেবা কর্মসূচী সম্পাদনের জন্য। এই কর্মসূচির উদ্দেশ্য হল বিশ্বব্যাপী মানুষের মধ্যে স্বাস্থ্যের উন্নয়ন, ক্ষুধা দুরিকরণ এবং মানবিক সাংস্কৃতিক ও সামাজিক বিকাশ প্রসারিত করা। অর্থাৎ মানবিক প্রয়োজনগুলির সমাধানের জন্য একটি টেকশই সমন্বিত পদ্ধতির মাধ্যমে দীর্ঘমেয়াদী স্বনির্ভর এবং তৃণমূল উন্নয়ন প্রকল্পগুলিকে তহবিল প্রদান করা। যার চূড়ান্ত লক্ষ্য হল আন্তর্জাতিক বোঝাপড়া, মঙ্গল কামনা ও শান্তিকে অগ্রসর করা।

# অ্যামবাসেডরিয়াল স্কলারশিপ

## EMBASSADORIAL SCHOLARSHIP

রোটারি ফাউন্ডেশন অ্যামবাসেডরিয়াল স্কলারশিপ কার্যক্রম হল বিশ্বের বৃহত্তম ব্যক্তিগত অনুদানে পরিচালিত আর্ন্তজাতিক বৃত্তি কার্যক্রম।

বৃত্তি কার্যক্রমের উদ্দেশ্য হল বিভিন্ন দেশের মানুষের মধ্যে আন্তর্জাতিক বোঝাপড়া ও বন্ধুত্বপূর্ণ সর্ম্পক বিস্তৃত করা। ছাত্ররা প্রথাবর্হির্ভূত ও প্রথামাফিক উপস্থিতির মাধ্যমে রোটারি ও নন-রোটারি উভয় গোষ্ঠীর মধ্যেই মঙ্গলকামনার অসাধারণ দূত হয়ে উঠেবেন বলে প্রত্যাশা করা হয়।

প্রত্যেক ছাত্রকে একজন আমন্ত্রণকর্তা রোটারিয়ান পরামর্শদাতা নির্দিষ্ট করে দেয়া হয় যাতে  আতিথেয়তা প্রদানকারী দেশের সংস্কৃতি ও রোটারি সম্পর্কে সম্যক ধারনা  এবং অনুপ্রাণিত করতে পারে।

The Rotary Foundation

- Abbassadorial Scholarship
- Rotary World Peace Fellowship
- Group Study Exchange
- Rotary Foundation Volunteers
- Rotary Peace & Conflict Studies Program Participant

# রোটারি শান্তি ফেলোশিপ

## ROTARY PEACE FELLOWSHIPS

১৯৯৯ সালে রোটারি ফাউন্ডেশন যৌথভাবে বিশ্বের ৭টি প্রথমসারির বিশ্ববিদ্যালয়ের সাথে বিশ্ব শান্তি ও বিরোধ মীমাংসা বিষয়ের উপর পড়াশোনার জন্য রোটারী সেন্টার স্থাপন করে । প্রতি বছর ১০০ জনকে দুই বছরের স্নাতকোত্তর পর্যায়ের ডিগ্রি বা সার্টিফিকেট কার্যক্রমের জন্য নির্বাচিত করা হয়। প্রতিটি রোটারি জেলা প্রতি বছর বিশ্ব প্রতিযোগিতামূলক  নির্বাচন প্রক্রিয়ার জন্য একজন করে প্রার্থী মনোনয়ন করতে পারে।

রোটারি ওয়ার্লড পিস ফেলোদের প্রথম শ্রেণী ২০০৪ সালে  স্নাতক হয়েছেন এবং তারা ইতোমধ্যেই বিভিন্ন উপায়ে বিশ্ব সম্প্রদায়ে গুরুত্বপূর্ণ অবদান দিচ্ছেন- কুটনীতিক, বিদেশ সেবার অফিসার, অর্থনীতিবিদ এবং নীতি বিশ্লেষক হিসাবে জাতিসংঘ বা সরকারের মত আন্তর্জাতিক সংস্থার হয়ে কাজ করার মাধ্যমে।



The Rotary Foundation

# রোটারি ফাউন্ডেশন

## The Rotary Foundation

**উদ্দেশ্য:** রোটারি ফাউন্ডেশন হলো একটি অলাভ জনক সংস্থা যার মূল উদ্দেশ্য হলো বিশ্বব্যাপী মানুষের স্বাস্থ্য উন্নয়ন, ক্ষুধা দূরীকরণ এবং শিক্ষা বিস্তারে সহায়তার মাধ্যমে উন্নত বিশ্ব সমঝোতা, কল্যাণ ও শান্তি প্রতিষ্ঠার কাজে রোটারিয়ানদেরকে সক্ষম করে গড়ে তোলা।

**নীতিবাক্য:** Doing Good in the World অর্থ্যাৎ বিশ্বে ভালো কাজ করা।



# রোটারি ফাউন্ডেশনের সূত্রপাত

কয়েকটি দুর্দান্ত কর্মসূচী খুব ছোট বীজ থেকেই বেড়ে ওঠে। রোটারি ফাউন্ডেশনেরও এই জাতীয় সাধারণ সূত্রপাত হয়েছিল। ১৯১৭ সালে আরআই প্রেসিডেন্ট আর্চ ক্লাম্প আটলান্টা সম্মেলনে আগত অতিথিদের বলেছিলেন যে এটা নিশ্চিতভাবেই যথাযথ যে আমাদের বিশ্বে ভাল কাজ করার উদ্দেশ্যের জন্য অর্থ সংগ্রহ করতে হবে। এর প্রতিক্রিয়া ছিল নম্র ও ইতিবাচক কিন্তু ধীরগতিতে তহবিল গড়ে উঠেছিল। ১৯১৭ সালে গঠিত রোটারি এনডাওমেন্ট ফান্ড, এটাই রোটারি ফাউন্ডেশনের প্রাথমিক নাম ছিল, রোটারি ক্লাব অফ কানসাস সিটি, মিসৌরি, ইউএসএ'র থেকে মাত্র ২৬.৫ ডলার প্রথম অনুদান পেয়েছিল। প্রতি বছর খুব অল্প পরিমাণে অনুদান পাওয়া যাচ্ছিল। ছয় বছর পরে তহবিল মাত্র ৭০০ ডলার স্পর্শ করেছিল। ১৯২৮ এর মিনিয়াপোলিস সম্মেলনে প্রথামাফিক রোটারি ফাউন্ডেশন স্থাপিত হয়েছিল। পরবর্তী চার বছরে ফাউন্ডেশনের তহবিল বেড়ে ৫০ হাজার ডলারে পরিণত হয়েছিল। ১৯৪৭ সালে পল হ্যারিসের মৃত্যুর পরে রোটারির প্রতিষ্ঠাতার স্মরণে প্রচুর উপহার আসায় রোটারি ফাউন্ডেশনের জন্য এক নতুন যুগের সূচনা হয়েছিল। তারপর থেকে রোটারি ফাউন্ডেশন বিভিন্ন দেশের মানুষের মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক ও বোঝাপড়ার বিস্তারের মহান উদ্দেশ্য অর্জন করে চলেছে। ১৯৫৪ এর মধ্যে ফাউন্ডেশন প্রথমবারের জন্য এক বছরে ৫ লক্ষ ডলার অনুদান পেয়েছিল এবং ১৯৬৫ সালে এক মিলিয়ন ডলার অনুদান পেয়েছিল। এটা অনুধাবন করা বিষ্ময়কর যে 'পৃথিবীতে ভাল কিছু করার' অভিপ্রায়ে মাত্র ২৬.৫ ডলার দিয়ে শুরু করে রোটারি ফাউন্ডেশন বর্তমানে এক বিলিয়ন ডলারেরও বেশী তহবিল গঠন করতে সক্ষম হয়েছে।

# পল হ্যারিস ফেলো

## PHF

নিঃসন্দেহে রোটারি ফাউন্ডেশনকে স্বেচ্ছায় অনুদানের প্রচারের সবচেয়ে গুরুত্বপূর্ণ পদক্ষেপ ছিল ১৯৫৭ সালে যখন 'পল হ্যারিস ফেলো' স্বীকৃতির ধারণাটি গৃহীত হয়েছিল। যদিও ফাউন্ডেশনকে ১০০০ ডলার উপহার দেওয়ার ধারণাটি গড়ে উঠতে সময় লেগেছিল তবে ১৯৭০ দশকের শুরুতে এটি জনপ্রিয়তা পেতে শুরু করে। এই অনন্য পল হ্যারিস ফেলো মেডেলিয়ন, ল্যাপেল পিন এবং আকর্ষনীয় সার্টিফিকেট বিশ্বব্যাপী রোটারিয়ান ও বন্ধুদের রোটারি ফাউন্ডেশনের প্রতি মূল্যবান আর্থিক দায়বদ্ধতার সম্মানীয় প্রতীক হয়ে উঠেছে। এ পর্যন্ত পল হ্যারিস ফেলোর সংখ্যা দশ লক্ষ ছাড়িয়ে গেছে।

যে ব্যক্তি ১০০ ডলার অনুদান দেন এবং অনুদানের পরিমাণ ১০০০ ডলার স্পর্শ না করা অবধি অনুদান দেওয়ার বাসনা প্রকাশ করেন তাকে **'রোটারি ফাউন্ডেশন সাস্টেইনিং মেম্বার'** স্বীকৃতি দেওয়া হয়, এটি পল হ্যারিস ফেলো স্বীকৃতির সঙ্গী। (অন্য কারো সম্মানেও এই অনুদান দেওয়া যায়)। অনুদানের পরিমাণ ১০০০ ডলার স্পর্শ করলে সেই সময়ে সাস্টেইনিং মেম্বার 'পল হ্যারিস ফেলো'য় পরিণত হন।

যে সকল পল হ্যারিস ফেলো ফাউন্ডেশনকে অতিরিক্ত ১০০০ ডলার উপহার দেন তাদের একটি বিশেষ স্বীকৃতি পিন দেওয়া হয়।



এই বিশিষ্ট সোনার পিনটিতে প্রতি ১০০০ ডলার অনুদানের প্রতীক স্বরূপ একটি করে নীল পাথর থাকে ২০০০ ডলার থেকে ৬০০০ ডলার অবধি। লাল পাথরের পিনের অর্থ হল ৭০০০ থেকে ৯৯৯৯ ডলার উপহার দেওয়া। রোটারি ফাউন্ডেশন বিশ্ব সমঝোতা ও সুনাম গড়ে তোলার জন্য চলমান কর্মসূচীগুলি ধারাবাহিকভাবে অব্যাহত রাখার জন্য খরচ জোগাতে এই পল হ্যারিস ফেলো স্বীকৃতি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রনোদনা হিসাবে কাজ করছে।

# রোটারি ফাউন্ডেশনের তহবিল

DONOR RECOGNITION

| | |
|---|---|
| RFSM | US$ 100+ |
| PHF | US$ 1000 |
| MPHF | US$ 2000+ UPTO US$ 9999 |
| MD | US$ 10,000 |
| AKS | US$ 2,50,000+ |

রোটারি ফাউন্ডেশনের জনক আর্চ ক্লাম্ফ বলেছিলেন আমাদের উচিত ফাউন্ডেশনকে আজকের বা আগামীকালের বিষয় হিসাবে না ভেবে আগামী বছর ও প্রজন্মের বিষয় হিসাবে ভাবতে হবে। এই দূরদৃষ্টির কারণেই ফাউন্ডেশনের স্থায়ী তহবিলকে রোটারির শিক্ষামূলক ও মানবতাবাদী কার্যক্রমের ভবিষ্যৎ সুনিশ্চিত করার সবচেয়ে গুরুত্বপূর্ণ উপায় হিসাবে বিবেচনা করা হয়। এই তহবিলের অনুদানগুলি ভবিষ্যতের জন্য বিনিযোগ করা হয় এবং শুধুমাত্র এই বিনিয়োগের থেকে প্রাপ্ত উপার্জনগুলিই ফাউন্ডেশনের কার্যক্রমকে সমর্থনের জন্য ব্যবহার করা হয়। স্থায়ী তহবিল ফাউন্ডেশন সহায়তার দৃঢ় ও নিরাপদ পরিপূরক হিসাবে কাজ করে এবং ভবিষ্যতের নতুন ও প্রসারিত কার্যক্রমের সম্ভাবনাও তৈরি করে। ফাউন্ডেশন স্থায়ী তহবিলের দাতাদের আর্চ ক্লাম্ফ সোসাইটি মেম্বার, মেজর ডোনার, বিকোয়েস্ট সোসাইটির মেম্বার এবং বেনিফ্যাক্টর হিসাবে বিশেষ স্বীকৃতি দেয়। আর্চ ক্লাম্প সোসাইটি মেম্বাররা ২৫০০০০ ডলার বা তার বেশি, মেজর ডোনাররা ১০০০০ ডলার বা তার বেশি উপহার দেন, বিকোয়েস্ট সোসাইটি সদস্যরা স্থায়ী তহবিলকে তাদের সম্পত্তির পরিকল্পনায় ১০০০০ ডলার বা তার বেশি মূল্যে অন্তর্ভূক্ত করেন এবং ফাউন্ডেশন বেনিফ্যাক্টররা হয় তাদের উইলে ব্যবস্থা করেন বা সরাসরি অনুদান হিসাবে তহবিলে ১০০০ ডলার অনুদান দেন। ২৫০০০ ডলার পর্যায়ের উপরে অনুদান প্রদান করলে বিশেষ নামোল্লেখ সুবিধা পাওয়া যায়। স্থায়ী তহবিলের দাতারা রোটারির উত্তরাধিকার তৈরি করছেন এবং সুনিশ্চিত করছেন যেন রোটারি ফাউন্ডেশন সুদূর ভবিষ্যতেও ভাল কাজের জন্য এক ক্ষমতাশালী শক্তি হয়েই থাকে।

## রোটারিয়ানরা তাদের প্রদত্ত অনুদান নিম্ন লিখিত ৩টি ভিন্ন ভিন্ন তহবিলে জমা করতে পারেন:

- **বার্ষিক কর্মসূচি তহবিল (Annual Program Fund),** এই তহবিল বছরব্যাপী বিভিন্ন কার্যক্রমে অনুদান দেয় এবং এই ফাউন্ডেশন কর্মসূচির মাধ্যমে যারা অনুদান দিয়েছে তাদেরকে স্বীকৃতি প্রদান করে।

- **স্থায়ী তহবিল (Permanent Fund),** এই তহবিলের আওতায় একজন ব্যক্তি তার আয়ের একটি অংশ এই ফাউন্ডেশনের বিভিন্ন কর্মসূচির সাহায্যার্থে ব্যয়ের জন্য জমা করে রাখে যা ফাউন্ডেশনের দীর্ঘমেয়াদী কার্যকারীতা বজায় রাখতে সাহায্য করবে।

- **পোলিও প্লাস তহবিল (Polio Plus Fund),** এর মাধ্যমে রোটারির স্বপ্ন পোলিও মুক্ত বিশ্ব গঠনে সহায়তা প্রদান করে।

## আরআই ওয়ার্ল্ড হেডকোয়ার্টার

রোটারি ইন্টারন্যাশনাল হেডকোয়ার্টারগুলি সর্বদাই শিকাগো অঞ্চলে থেকেছে। প্রথম সাতটি অফিস শিকাগোর কেন্দ্রস্থলে অবস্থিত ছিল, কিন্তু ১৯৫৪ সালে শহরতলি ইভাস্টন, ইলিনয়েস এ রোটারি একটি নতুন অট্টালিকা গড়ে। ১৯৮৭ সালে, ইভাস্টনের কেন্দ্রস্থলে একটি আধুনিক ১৮-তলা বিশিষ্ট অফিস বিল্ডিং রোটারি ইন্টারন্যাশনাল কিনে নেয় যাতে কাঁচ এবং স্টীলের কাঠামোটিতে প্রায় ৪০০,০০০ বর্গফুট (৩৭,১৬১ বর্গমিটার) অফিস এবং ব্যবহারযোগ্য স্থান আছে। ওয়ান রোটারি সেন্টার হিসাবে খ্যাত এই ভবনে ১৯০ আসনযুক্ত অডিটোরিয়াম, বড় পার্কিং গ্যারেজ, ২০০ আসনযুক্ত ক্যাফে, একইসঙ্গে আরই ওয়ার্ল্ড হেডকোয়ার্টার এ ৫০০ জনেরও বেশি কর্মচারীর জন্য অফিসের স্থান আছে। আরআই সভাপতি, নির্বাচিত সভাপতি, মনোনীত সভাপতি, দি রোটারি ফাউন্ডেশন ট্রাস্টির সভাপতি, এবং জেনারেল সেক্রেটারির অফিসগুলি ছাড়াও ১৮ তলার এক্সিকিউটিভ স্যুইটটিতে আর আই বোর্ড অফ ডিরেক্টর, রোটারি ফাউন্ডেশন ট্রাস্টি এবং আরআই এবং ফাউন্ডেশন কমিটিগুলি মিটিং এর জন্য কনফারেন্স রুম আছে।

## অফিসিয়াল ডাইরেক্টরি

রোটারি ইন্টারন্যাশনালের অফিসিয়াল ডাইরেক্টরি - প্রায় ৯০০ পৃষ্ঠার বাৎসরিক প্রকাশনাটি - যা সিডিরম-এও প্রকাশিত - রোটারিয়ান এবং রোটারি ক্লাব সংক্রান্ত বাৎসরিক তথ্যে পূর্ণ থাকে। ৩৫০০০ এর চেয়েও বেশি সংখ্যক প্রতিটি ক্লাবের সভার দিন, সময় এবং অবস্থান তালিকাভূক্ত করা থাকে। অফিসিয়াল ডাইরেক্টরিটি প্রতিটি ক্লাবের সদস্য সংখ্যা এবং সনদের তারিখ সহ রোটারি ক্লাবের সভাপতি এবং সচিবের নাম, ঠিকানা এবং ই-মেল ঠিকানা প্রদান করে।
অফিসিয়াল ডাইরেক্টরীটি সকল অফিসিয়াল আরআই কমিটিগুলি এবং ট্রাস্ক ফোর্স এর গঠন এবং উদ্দেশ্য সহ প্রায় ৫৩০টি রোটারি জেলা সম্পর্কিত তথ্য সম্পদের নথিভূক্ত করে। বর্তমান আরআই পরিচালকদের বোর্ড এবং সকল ভূতপূর্ব বোর্ডের সদস্যদের নাম এবং



ঠিকানাও এর অন্তর্ভূক্ত। এখানে সকল প্রাক্তন প্রেসিডেন্টদের কাজের বর্ষগুলির ভাবনাসহ তাদের একটি তালিকা থাকে। এটি সমগ্র বিশ্ব জুড়ে হোটেলগুলির একটি চমৎকার নির্দেশিকা এবং রোটারি পণ্যগুলি বিক্রয় করার জন্য লাইসেন্সপ্রাপ্ত বিক্রেতাদের একটি তালিকা হল এটির অতিরিক্ত বৈশিষ্ট্য। আপনার ভ্রমণকালে রোটারি সংক্রান্ত যোগাযোগ করার জন্য এটি একটি আদর্শ পথনির্দেশিকা।
অফিসিয়াল ডাইরেক্টরির জন্য আরআই ওয়ার্লড হেডকোয়ার্টার বা ইন্টারন্যাশনাল অফিসগুলিতে ফরমাশ করা যেতে পারে। রোটারিয়ানরা www.rotary.org এই ওয়েব পেইজে ক্লাব লোকেটির অ্যাপস'র মাধ্যমে ক্লাবের সভাগুলির বিষয়ে তথ্য পেতে পারেন।

## আন্তর্জাতিক সমাবেশ

### International Assembly

১ জুলাই থেকে দায়িত্ব নেয়ার জন্য ডিস্ট্রিক্ট গভর্নর ইলেক্ট বা জেলা নির্বাচিত গভর্ণরকে প্রস্তুত করতে প্রতি বছর ১৫ ফেব্রুয়ারির পূর্বে আন্তর্জাতিক সমাবেশের আয়োজন করা হয়। তাদের স্পাউসদের সঙ্গে নিয়ে সমগ্র বিশ্বের প্রত্যেক জেলা থেকে নির্বাচিত গর্ভণর এক সপ্তাহের প্রশিক্ষণ এবং প্রেরণাদায়ক অধিবেশনগুলির জন্য এক সারি অভিজ্ঞ রোটারিয়ান নেতাদের সঙ্গে যোগ দেন। সভায়, তারা ১ জন বিশেষ রোটারিয়ানের সঙ্গে মিলিত হন যিনি আরআই সভাপতি হিসাবে তাদের সাথে কাজ করবেন এবং তারা পরবর্তী বছরের জন্য আরআই ভাবনা সম্পর্কে জানবেন যার উপরে ভিত্তি করে স্ব স্ব জেলার কর্মপরিকল্পনা করবেন।
প্রথম আন্তর্জাতিক সমাবেশটি ১৯১৯ সালে শিকাগোতে হয়েছিল। তারপর থেকে, সমগ্র আমেরিকা জুড়ে সমাবেশ আয়োজিত হয়েছে, কিন্তু সভাস্থলটি ছাড়া, সভ্যপূর্ণ হলের উপরে লেখা চিহ্নিটির উপরের বার্তাটি অপরিবর্তিত থেকে গেছে-
**"শেখার জন্য প্রবেশ করুন সেবার জন্য অগ্রসর হন"**
Enter to learn...Go forth to serve

# রোটারি আন্তর্জাতিক সম্মেলন

## RI Convention

প্রতি মে বা জুন মাসে রোটারি ইন্টারন্যাশনাল সকল রোটারিয়ানকে উৎসাহ দেওয়া উদ্বুদ্ধ করা এবং অবহিত করার জন্য বিশ্বব্যাপী একটি সম্মেলন আয়োজন করে। এই সম্মেলনটি সাধারণত: প্রতি বছর বিশ্বের ভিন্ন কোন অংশে অনুষ্ঠিত হয় এবং এটি সংস্থার কর্মকান্ড পরিচালনার জন্য একটি বাৎসরিক সভা। পরিকল্পনা প্রক্রিয়াটি সাধারণত: বহু বছর থেকেই শুরু হয়।

সম্মেলনগুলি প্রকৃতই আন্তর্জাতিক এতে ২০০০০ থেকে ৪০০০০ রোটারিয়ান ও অতিথি হাজির হন। মজাদার অনুষ্ঠানের পাশাপাশি আন্তর্জাতিক সম্মেলন রোটারিয়ানদের ছুটির ভ্রমণের অন্যান্য সুযোগ প্রদান করে। রোটারির প্রকৃত আন্তর্জাতিকতা আবিষ্কার করার জন্য সকল সদস্যের উচিত আরআই সম্মেলনে অংশগ্রহণ করা। এটা এমন এক অভিজ্ঞতা যা আপনি কখনো ভুলবেন না।

# প্রেসিডেন্ট নির্বাচন

প্রতি বছর একজন বিশিষ্ট রোটারিয়ান রোটারি ইন্টারন্যাশনালের বিশ্বজনীন প্রেসিডেন্ট নির্বাচিত হন। এই প্রক্রিয়া এক বছর আগে শুরু হয় যখন বিশ্বের বিভিন্ন অঞ্চলগুলি থেকে ১৭ সদস্যের মনোনয়ন কমিটি নির্বাচিত হয়। মনোনয়ন কমিটির জন্য যোগ্যতা মান পেরোতে একজন রোটারিয়ানকে অবশ্যই আরআই বোর্ড অফ ডিরেক্টর সেবা দিতে সক্ষম না হন তাহলে রোটারি ফাউন্ডেশনের একজন প্রাক্তন ট্রাস্টি অথবা প্রাক্তন জেলা গভর্নর যিনি আরআই কমিটিতে সেবারত ছিলেন, তিনি মনোনয়ন কমিটিতে নিযুক্ত হতে পারেন। মনোনয়ন কমিটি সফল প্রাক্তন আরআই ডিরেক্টরকে প্রার্থীপদের জন্য  বিবেচনা করতে পারে। মনোনয়ন কমিটির সদস্যরা এবং বর্তমান ডিরেক্টররা এই পদের জন্য যোগ্য নন। যে কোন রোটারি ক্লাব একজন প্রাক্তন আরআই ডিরেক্টরের নাম বিবেচনার জন্য কমিটির কাছে সুপারিশ করতে পারে। প্রেসিডেন্ট পদে কোন রোটারিয়ানকে মনোনীত করার জন্য এই কমিটি সেপ্টেম্বরে মিলিত হয় এবং মনোনীত ব্যক্তির নাম সকল ক্লাবের কাছে ঘোষণা করা হয়। যে কোন রোটারি ক্লাব ডিসেম্বরের আগে একটি অতিরিক্ত মনোনয়ন করতে পারে, তারপর সারা বিশ্বের সকল রোটারি ক্লাবগুলির এক শতাংশ (প্রায় ৩৫০টি ক্লাব) এটিকে সমর্থন করতে হবে। এমন কোন ঘটনা ঘটলে মেইল ব্যালটে নির্বাচন অনুষ্ঠিত হয়। কোন ক্লাব যদি অতিরিক্ত মনোনয়ন জমা না দেয় তাহলে মনোনয়ন কমিটি দ্বারা নির্বাচিত ব্যক্তিকে প্রেসিডেন্ট মনোনীত ঘোষণা করা হয়।






# কাউন্সিল অন লেজিসলেশন

রোটারির প্রাথমিক দিনগুলিতে আরআই আইন বা সংবিধানের যে কোন পরিবর্তনের বিষয়ে প্রস্তাব ও ভোট করতে হত বার্ষিক কনভেনশনে। কনভেনশনগুলিতে উপস্থিতি বৃদ্ধি পাওয়া এবং খোলামেলা আলোচনা আরো বেশি কঠিন হয়ে পড়ার সাথে সাথে কনভেনশনে কোন প্রস্তাবের উপরে নির্বাচন করার আগে সেগুলি নিয়ে বিতর্ক ও বিশ্লেষণ করার জন্য পরামর্শদাতা গোষ্ঠী হিসাবে ১৯৩৪ সালে আইন বিষয়ক কাউন্সিল স্থাপিত হয়েছিল।

পরিশেষে ১৯৭০ সালের আটলান্টা সম্মেলনে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল যে কাউন্সিল অন লেজিসলেশন প্রকৃতপক্ষে রোটারির আইনগত ও সংসদীয় সংস্থা হয়ে উঠবে। প্রতিটি রোটারি জেলা থেকে একজন করে প্রতিনিধি নিয়ে কাউন্সিলটি গঠিত হয় এছাড়া কয়েকজন পদস্থ সদস্যও থাকেন। এই বিষয়ে সম্মতি হয়েছিল যে কাউন্সিলটি প্রতি তিন বছর অন্তর আরআই সম্মেলন ব্যতীত অন্য কোন সময়ে কোন একটি স্থানে মিলিত হবে।

যে সকল আইনগুলি আরআই আইন ও সংবিধান এবং স্ট্যান্ডার্ড রোটারি ক্লাব সংবিধানের পরিবর্তন রূপে প্রস্তাবিত এবং যে সকল অঙ্গীকারগুলি নীতি, কার্যক্রম ও প্রক্রিয়াগত পরিবর্তনের জন্য আরআই বোর্ডের নিকটে সুপারিশ করা হয়, কাউন্সিলের সেগুলি বিবেচনা ও সেই বিষয়ে পদক্ষেপ নেওয়ার দায়িত্ব আছে। যে কোন রোটারি ক্লাব বা জেলা বা আরআই বোর্ড প্রস্তাবগুলি জমা দিতে পারে। কাউন্সিলের পদক্ষেপগুলি চূড়ান্ত হয়ে ওঠার আগে সেগুলিকে বিশ্বব্যাপী রোটারি ক্লাবগুলির দ্বারা পর্যালোচিত হতে হবে। যদি ক্লাবগুলির মোট ভোট ক্ষমতার ১০ শতাংশ কাউন্সিলের কোন পদক্ষেপের বিরোধিতা করে, তাহলে সেই আইনটি বিলম্বিত করা হয় এবং চূড়ান্ত ভোটের  জন্য সেটিকে সকল ক্লাবের কাছে জমা করতে হয়।

কাউন্সিল অন লেজিসলেশন রোটারির সদস্যদের রোটারি ইন্টারন্যাশনালের কর্মকান্ডের আইনি পরিবর্তনের গণতান্ত্রিক প্রক্রিয়া প্রদান করে।




## রোটারি ইন্টারন্যাশানালের সদস্যপদ

আপনি যদি কোন একজন রোটারিয়ানকে জিজ্ঞাসা করেন যে তিনি রোটারি ইন্টারন্যাশনালের অন্তর্ভুক্ত কিনা, তাহলে ব্যক্তিটি হয়ত বিভ্রান্ত হবেন এবং উত্তর দেবেন, অবশ্যই আমি রোটারি ইন্টারন্যাশনালের একজন সদস্য। কিন্তু এক্ষেত্রে, দৃঢ় বিশ্বাসী রোটারিয়ানটি পরিভাষাগত দিক থেকে ভুল বলে থাকবেন। কোন রোটারিয়ানই রোটারি ইন্টারন্যাশানালের সদস্য হতে পারেন না।

এই আপাত সংঘাতের ব্যাখ্যাটি সরল। আরআই এর সংবিধান বলে যে, রোটারি ইন্টারন্যাশনালের মেম্বারশিপ রোটারি ক্লাবগুলির জন্য সীমিত। ৩৫০০০ এর চেয়েও বেশি রোটারি ক্লাবগুলি যে প্রতিষ্ঠানের অন্তর্ভূক্ত তাকেই আমরা রোটারি ইন্টারন্যাশনাল বলে থাকি।

একটি রোটারি ক্লাব সচ্চরিত্রের উপযুক্ত যোগ্যতা এবং সুখ্যাতিসম্পন্ন এবং একটি ব্যবসা বা পেশাগত শ্রেণী বিশিষ্ট এবং একটি সম্পাদনমূলক বা পরিচালনামূলক ক্ষমতায় কাজ করেন এমন ব্যক্তিদের নিয়ে গঠিত। একজন রোটারিয়ান রোটারি ক্লাবের সদস্য। আর রোটারি ক্লাব রোটারি ইন্টারন্যাশনাল সদস্য বা এর অন্তভুর্ক্ত।






## উৎকৃষ্ট সেবার স্বীকৃতি এবং বিশিষ্ট সেবা পুরস্কার

যে সকল রোটারিয়ান ফাউন্ডেশনকে অসাধারণ সেবা দেন, রোটারি ফাউন্ডেশনের ট্রাস্টিরা মাঝে মধ্যে তাদের স্বীকৃতিস্বরূপ দুটি অত্যন্ত বিশেষ পুরস্কার প্রদান করে থাকেন। রোটারি ফাউন্ডেশনের সাইটেশন ফর মেরিটোরিয়াস সার্ভিস একজন রোটারিয়ানের গুরুত্বপূর্ণ ও সমর্পিত পরিষেবাকে স্বীকৃতি দেয়, যাতে ফাউন্ডেশনের কার্যক্রমে উৎসাহ দেওয়া যায় এবং এই ভাবে বিশ্ববাসীর মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক এবং উন্নততর বোঝাপড়ার ফাউন্ডেশনের লক্ষ্যে এগিয়ে নিয়ে যাওয়া যায়।

রোটারি ফাউন্ডেশন 'বিশিষ্ট সেবা পুরস্কার' (ডিস্টিঙ্গুইসড সার্ভিস এওয়ার্ড) এমন একজন রোটারিয়ানকে প্রদান করা হয় যিনি সাইটেশন ফর মেরিটোরিয়াস সার্ভিস পেয়েছেন এবং যার রোটারি ফাউন্ডেশনের অসাধারণ সেবার রেকর্ড বর্ধিত সময় ধরে জেলার বাইরে পৌঁছে গেছে।

উভয় নির্বাচিত পুরস্কারই অনন্য ব্যক্তিগত সেবা ও শুধুমাত্র আর্থিক অনুদানের জন্যই নয় বরং ফাউন্ডেশনের প্রতি সমর্পণের জন্য প্রদান করা হয়। কোন এক বছরে একটি জেলায় শুধু একজন রোটারিয়ানই 'সাইটেশন ফর মেরিটোরিয়াস সার্ভিস' পেতে পারেন, কোন একটি বছরে ট্রাস্টিরা সারা বিশ্বে ৫০ জনের বেশি লোককে 'বিশিষ্ট সেবা পুরস্কার' দেন না। সাইটেশন ফর মেরিটোরিয়াস সার্ভিসের একজন প্রাপক চারটি সর্ম্পূণ বছর অতিক্রান্ত না হওয়া অবধি বিশিষ্ট সেবা পুরস্কারের জন্য মনোনয়নের যোগ্য বলে বিবেচিত হন না।

রোটারি ফাউন্ডেশন ট্রাস্টিদের দ্বারা এই গুলির মধ্যে যে কোন একটি উচ্চপর্যায়ের স্বীকৃতির জন্য নির্বাচিত হওয়া যে কোন রোটারিয়ানের পক্ষেই অত্যন্ত গর্বের বিষয়।




## রোটারিয়ানরা একে অপরকে যে নামে ডাকেন

রোটারির প্রারম্ভের দিনগুলি থেকে, সদস্যরা প্রথম নামের উপর ভিত্তি করেই একে অপরকে উল্লেখ করেছেন। যেহেতু ব্যক্তিগত পরিচিতি এবং বন্ধুত্ব হল রোটারির দৃঢ় ভিত্তি, তাই সদস্যদের মধ্যে কথোপকথনের সময়ে প্রথাগত উপাধিগুলি দূরে সরিয়ে রাখার অভ্যাসটিকে অনেক ক্লাবই গ্রহণ করবে এটাই স্বাভাবিক। ব্যক্তিগতভাবে যাদেরকে সাধারণত ডাক্তার, মিস্টার, প্রফেসর, মহাশয়, জনাব বা স্যার বলে ডেকে থাকেন তাদের অপর রোটারিয়ানরা নিয়মিতভাবে প্রথম নাম ধরেই ডাকেন।

## বার্ষিক আরআই ভাবনা
## Annual RI Themes

১৯৪৯-৫০ সালে আরআই প্রেসিডেন্ট পার্সি সি হজসন তার দলের জন্য চারটি উদ্দেশ্য নির্ধারণ করেছিলেন এবং বার্ষিক ভাবনার রোটারির ঐতিহ্য চালু করেছিলেন। তারপর থেকে আরআই ভাবনাগুলির স্থায়িত্ব ও বার্তার তারতম্য হয়েছে, কিন্তু সবগুলিই রোটারিয়ানদের আরো ভালভাবে কাজ করতে উদ্বুদ্ধ করেছে।
১৯৬১-৬২ তে জোসেফ অ্যাবি 'কাজ' এই সংক্ষিপ্ততম ভাবনাটি নির্বাচন করেছিলেন। রোটারির জন্মের একশ বছর পর ২০০৫-০৬ এ কার্ল-উইলহেম স্টেনহ্যামার রোটারির মূলমন্ত্র 'স্বার্থের উর্ধ্বে সেবা'কে আরআই ভাবনা হিসাবে ব্যবহার করে ঐতিহ্য থেকে সামান্য সরে এসেছিলেন।
মূলত: আরআই প্রেসিডেন্টরা রোটারিয়ানদের একটি নির্দিষ্ট বিষয়বস্তু দিয়ে ওই নির্দিষ্ট বছরের কাজে বিশেষ উদ্দীপনা প্রদান করেন।



## গভর্ণরদের রঙীন জ্যাকেট

সাম্প্রতিক রোটারি ঐতিহ্যগুলির অন্যতম এই প্রথাটি শুরু হয়েছিল ১৯৮৪-৮৫ সালে যখন আরআই প্রেসিডেন্ট কার্লোস ক্যানসেকোর সাথে জেলা গভর্ণররা রোটারির অফিসিয়াল অনুষ্ঠানে একটি বিশেষ হলুদ রঙের স্পোর্টস কোট পরার সিদ্ধান্ত নিয়েছিলেন। রোটারি ইন্টারন্যাশনালের প্রেসিডেন্ট পরবর্তী বছরগুলিতে জেলা গভর্ণর ও রোটারির অন্যান্য আন্তর্জাতিক অফিসারদের জন্য একটি রঙীন জ্যাকেট নির্বাচন করে থাকেন। ইন্টারন্যাশনাল অ্যাসেম্বলি ঘোষিত হওয়ার পর থেকেই পরবর্তী আরআই প্রেসিডেন্টের পরিহিত জ্যাকেটের রঙ কি হবে তা নিয়ে রোটারিয়ান নেতাদের মধ্যে জল্পনা-কল্পনা শুরু করেন।




## দি রোটারিয়ান এবং রোটারি ওয়ার্ল্ড ম্যাগাজিন প্রেস

দি রোটারিয়ান প্রায় ১৯১১ সাল থেকেই রোটারিয়ানদের সঙ্গে যোগাযোগ এবং কার্যক্রম ও রোটারির লক্ষ্যের অগ্রগতি ঘটানোর মাধ্যম হিসাবে বিদ্যমান আছে। ম্যাগাজিনটির প্রাথমিক উদ্দেশ্য হল রোটারির মূল কার্যক্রমগুলির প্রচারে সহায়তা করা। এছাড়াও বাৎসরিক আরআই'র ভাবনা এবং আরআই প্রেসিডেন্টের দর্শন, গুরুত্বপূর্ণ সভাগুলির খবর এবং রোটারি ক্যালেন্ডারে রোটারি কর্তৃক নির্ধারিত মাসগুলিতে গুরুত্ব আরোপ করে প্রচার করে।
দি রোটারিয়ান রোটারি সম্পর্কিত এবং সাধারণ আগ্রহের বিষয় উভয়ের জন্যই নির্দিষ্ট স্থান প্রদান করে। রোটারি ক্লাবের সভাগুলি এবং জেলা সম্মেলনের কার্যক্রমগুলির তথ্য এবং ধারণার উৎকৃষ্ট একটি উৎস হিসাবে ম্যাগাজিনটি কাজ করে। অনেকগুলি প্রবন্ধই আন্তর্জাতিক বন্ধুত্ব, সুনাম এবং বোঝাপড়ার উন্নতি বৃদ্ধি করে। নিয়মিত পাঠকরা সাধারণত রোটারির কার্যক্রম সম্পর্কে খুব ভাল জ্ঞান রাখে এবং বিশ্বব্যাপী পাঁচটি সেবার পথে প্রতিটি রোটারিয়ান কিভাবে আরো সম্পূর্ণভাবে যুক্ত হতে পারেন তা তারা বোঝেন।
দি রোটারিয়ান ছাড়াও সম্মিলিতভাবে ৭৫০০০০ এরও বেশি প্রচার সমেত ২৫টি ভাষায় মুদ্রিত ৩০টি আঞ্চলিক ম্যাগাজিন রোটারি ওয়ার্লড ম্যাগাজিন প্রেসের অন্তর্গত। প্রতিটি আঞ্চলিক প্রকাশনার নিজস্ব অদ্বিতীয় রীতি এবং বিষয়বস্তু থাকা সত্ত্বেও তা সকল রোটারিয়ানদের একেবারে সাম্প্রতিক তথ্য উপস্থাপন করে এবং সারা বছর জুড়েই সুপাঠ্য হিসাবে বিবেচিত।



# রোটারির জনসম্পর্ক

ঐতিহাসিকভাবে রোটারিয়ানরা একটি মিথ বিশ্বাস করতেন যে রোটারির প্রচার চাওয়া উচিত নয় বরং আমাদের ভাল কাজগুলিই তাদের হয়ে কথা বলবে। ১৯২৩ এর একটি নীতি অনুযায়ী সমাজসেবামূলক কোন কাজ নির্বাচনের সময়ে প্রচার পাওয়াই রোটারির প্রধান লক্ষ্য হওয়া উচিত নয়, অবশ্য প্রায়শই এর অর্থ এই অনুধাবন করা হত যে রোটারি ক্লাবকে প্রচার ও জনসম্পর্কের প্রচেষ্টা এড়িয়ে চলতে হবে। বস্তুতপক্ষে ১৯২৩ এর এই বিবৃতিটি আরো উল্লেখ করেছিল যে রোটারির প্রভাব বাড়াবার উপায় হিসাবে সুসম্পন্ন একটি যথাযোগ্য কর্মসূচীকে সঠিক প্রচার দিতে হবে।


১৯৭০ এর দশকের মাঝামাঝি একটি আরো আধুনিক জনসর্ম্পক দর্শন গৃহীত হয়েছিল যা দৃঢ়ভাবে জানায় যে, যদি রোটারিকে তার উদ্দেশ্য ও কর্মসূচীর অনুধাবন, প্রশংসা ও সমর্থন লালন করতে হয় এবং মানবতার প্রতি রোটারির সেবাকে প্রসারিত করতে হয় তবে ভাল প্রচার, অনুকুল জনসংযোগ এবং একটি ইতিবাচক ভাবমূর্তি বাঞ্জনীয় এবং এটি রোটারির একটি জরুরি লক্ষ্য। আজ অধিকাংশ রোটারিয়ান বুঝতে পারেন যে সক্রিয় জনসংযোগ রোটারির সাফল্যের জন্য আবশ্যক।

একটি সুসম্পন্ন সেবা কর্মসূচীকে রোটারির অন্যতম জনসর্ম্পক বার্তা বলে বিবেচনা করা হয়। এটা জরুরি যেন রোটারি ক্লাবগুলি এই ধরনের কর্মসূচীর বিষয়ে জনগণকে অবহিত করার সর্বপ্রকার চেষ্টা করে। ক্লাবগুলিকে কমিউনিটিতে তাদের কর্মসূচীর প্রচার করতে এবং জনগণকে বিশ্বব্যাপী কাজের বিষয়ে আরো সচেতন করে তুলতে সেক্রেটায়িট তাদের অনেক হাতিয়ার প্রদান করে। আপনার এলাকায় সেবাদানরত সেক্রেটারিয়েটের কাছে টেলিভিশনে এক সারি জনসেবার ঘোষণা, প্রত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ এবং নয়টি ভাষায় বিলবোর্ডের নকশা অর্ডার করা যেতে পারে।

যেহেতু রোটারি ক্লাব এবং জেলাগুলি কার্যকরী জনসম্পর্ক গড়ে তুলতে চায় তাই এটা মনে রাখা জরুরি যে রোটায়িানরা যখন রোটারির বিষয়ে ভাবেন তখন তারা তাদের মহান লক্ষ্য ও উদ্দেশ্য'র কথা ভাবেন।

কিন্তু যখন বিশ্ব রোটারির কথা ভাবে তখন তারা কেবলমাত্র আমাদের কার্য্যকলাপ ও আমাদের সম্পন্ন সেবার বিষয়েই ভাবে।






# আরআই ওয়েব সাইট

নব্বই দশকের শেষ দিক থেকে রোটারি ইন্টারন্যাশনাল তার সদস্যদের সাথে মতবিনিময়ের জন্য ইন্টারনেট ব্যবহার করছে। রোটারির বহু কার্যক্রম ও কর্মসূচী প্রদর্শন করছে www.rotary.org -এই অফিসিয়াল ওয়েবসাইটটি। এটি সদস্যদের রোটারির কার্যকলাপ অনলাইনে করার সুযোগ করে দেয় যেমন, প্রকাশনা অর্ডার করা, রোটারি ফাউন্ডেশনে অনুদান দেওয়া থেকে শুরু করে আরআই সম্মেলনে নাম নথিভুক্ত করা অবধি।

সদস্যদের ব্যবহারের বৈশিষ্ট্যের মাধ্যমে ক্লাব অফিসাররা তাদের ক্লাবের সদস্যপদের তথ্য পরিবর্তন করতে পারেন এবং সকল রোটারিয়ান সম্মেলনের জন্য রেজিস্ট্রেশন করতে পারেন এবং রোটারি ফাউন্ডেশনে অনুদান দিতে পারেন। ক্লাব লোকেটর অ্যাপস ব্যবহার করে সদস্যরা সহজেই সভার স্থান চিহ্নিত করতে পারেন। রোটারিয়ানরা এই সাইট ব্যবহার করে রোটারির প্রকাশনা, ভিডিও, ফর্ম এবং অন্যান্য সরবরাহগুলির অর্ডার করতে পারেন এবং বিনামূল্যে এক সারি প্রকাশনা ও ফর্ম ডাউনলোড করতে পারেন, এর ফলে রোটারিয়ানদের পক্ষে কম খরচে ও বেশি সুবিধাজনক উপায়ে রোটারির বিষয়বস্তু ব্যবহার করা সম্ভব হয়ে উঠেছে। ভাষা সম্প্রদায়গুলি ইংরেজী ব্যতীত অন্য ভাষাভাষী রোটারিয়ানদের জন্য নয়টি ভাষায় আবশ্যিক রোটারি সংক্রান্ত তথ্য প্রদান করে এবং বিশ্বব্যাপী রোটায়িানদের দ্বারা ব্যবহৃত অন্য সাইটের লিংক প্রদান করে।

আরআই ওয়েবসাইট বিশাল পরিমাণ তথ্য প্রদান করে, যার মধ্যে সর্বশেষ রোটারি সংবাদও আছে। www.rotary.org পরিদর্শন করলে তা সকল রোটারিয়ানের পক্ষেই শিক্ষামূলক হবে।




## স্বাক্ষরতা কর্মসূচী

বিশ্বের পূর্ণবয়স্ক জনসংখ্যার আনুমানিক ৭০ কোটি মানুষ যারা পড়তে পারেন না। সাড়ে সাত কোটি শিশু শিক্ষার আলো থেকে বঞ্চিত। পূর্ণবয়স্ক মানুষ এবং শিশুদের মধ্যে নিরক্ষরতা উচ্চ শিল্পায়িত রাষ্ট্র এবং উন্নয়নশীল দেশগুলিতে একটি বিশ্বজনীন উদ্বেগের বিষয়।

দারিদ্রের কারণে যারা পড়তে পারেন না তাদের ব্যক্তিগত স্বাধীনতা দিতে অস্বীকার করা হয় এবং তারা অসাধু কারসাজি, দারিদ্র্য এবং মানবিক মর্যদাহানির শিকার হন। নিরক্ষরতা অপমানকর। এটা অর্থনৈতিক, রাজনৈতিক, সামাজিক ও ব্যক্তিগত বিকাশের পথে প্রধান বাধা এবং আন্তর্জাতিক বোঝাপড়া, সহযোগিতা ও শান্তির পথে বাধা।

অনেকগুলি রোটারি ক্লাব সাক্ষরতা প্রশিক্ষণের জন্য তাদের সম্প্রদায়ের চাহিদার সমীক্ষা করেছে এবং এই চাহিদাগুলি পূরণের জন্য কর্মসূচী গ্রহন করেছে। কিছু ক্লাব পড়তে শেখানোর জন্য মৌলিক পুস্তক প্রদান করে। অন্যরা পঠনপাঠন ও ভাষা ক্লিনিকে সহায়তা দেয়, স্বেচ্ছাসেবী শিক্ষাগত সহায়তা প্রদান করে এবং পাঠ্যসংক্রান্ত বিষয়বস্তু ক্রয় করে। রোটারিয়ানরা তাদের সম্প্রদায়ে এবং উন্নয়নশীল দেশে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে, পড়ার সক্ষমতার থেকে যে সুযোগগুলি আসে সেগুলি খুলে দেওয়ার জন্য কর্মসূচি

প্রচার করার মাধ্যমে। যেমন অস্ট্রেলীয় 'রোটারিয়ানরা লাইটহাউস ফর লিটারেসি' প্রকল্প উদ্ভাবন করেছিলেন থাইল্যান্ডের চারটি স্কুলের জন্য। প্রকল্পটির উদ্ভাবনশীল শিক্ষণপদ্ধতি এত বেশি সফল প্রমাণিত হয়েছিল যে থাই সরকার সে দেশের সকল স্কুলগুলির জন্য এই পদ্ধতি গ্রহণ করেছিল। অন্য রোটারি ক্লাবগুলি বাংলাদেশ, ব্রাজিল, দক্ষিণ আফ্রিকা এবং অন্যান্য দেশে সাক্ষরতা কর্মসূচীর বিকাশের জন্য এই নকশা ব্যবহার করেছে।






## পোলিও ও রোটারি

পোলিওমায়েলাইটিস (Poliomyelitis) এক ধরণের ভাইরাস জনিত সংক্রামক রোগ এটি সচরাচর পোলিও নামেই সর্বাধিক পরিচিত। এই রোগটি এক ব্যক্তি থেকে অন্য ব্যক্তির মধ্যে ভাইরাসের মাধ্যমে সংক্রমিত হয়। পোলিও ভাইরাস আন্ত্রিক ভাইরাস (Enterovirus) দলেরই অন্তর্ভূক্ত কারণ এটি শরীরের অন্ত্র পথেই দেহে প্রবেশ করে থাকে। দূষিত খাবার ও পানির সাথে প্রবেশ করার পর পোলিও ভাইরাস রক্ত কোষের মধ্যে দ্রুত বংশবৃদ্ধি করে রক্তে সংক্রামন ঘটায়। পরবর্তিতে ভাইরাস প্রান্তীয় স্নায়ু নিওরনের মায়েলিন সমূহকে ধ্বংস করে ফেলে, এর ফলে মাংস পেশী অবশ হয়ে যাওয়াকেই প্রক্ষাঘাত বা পোলিও বলে। এ রোগে আক্রান্ত ব্যক্তি সাময়িক কিংবা স্থায়ীভাবে শারীরিক ক্ষতির সম্মূখীন হন। শতকরা ৯৫ ভাগ ক্ষেত্রেই এ রোগের কোন উপসর্গ দেখা যায় না। সাধারণত শিশুরাই পোলিও রোগে আক্রান্ত হয় বেশী। তবে আমেরিকার সাবেক প্রেসিডেন্ট ফ্রাংকলিন রুজভেল্ট ১৯২১ সালে তার ৩৯ বছর বয়সে এই রোগে আক্রান্ত হয়ে পঙ্গুত্ব বরণ করেছিলেন। তবে প্রচন্ড মনেবলের কারনে তিনি এ রোগকে পরাজিত করেন। তিনিই একমাত্র প্রেসিডেন্ট যিনি হুইল চেয়ার ব্যবহার করতেন।

১৮৪০ সালে জার্মান অর্থোপেডিক সার্জন জ্যাকব হেইন সর্বপ্রথম পোলিওমাইলিটিজ আবিষ্কার করেন। ১৮৯৪ সালে আমেরিক্যার ভারমন্ট শহরে ব্যাপকভাবে পোলিও মহামারী আকারে ছড়িয়ে পড়ে। যেখানে ১৮ জন মানুষ মারা যায় ১৩২ জন স্থায়ী ভাবে বিকলাঙ্গ হয়। ১৯০৮ সালে এর প্রধান উপাদান পোলিওভাইরাস জীবাণুর উপস্থিতি চিহ্নিত করেন কার্ল ল্যান্ডস্টেইনার ও এরউইন পপার। ১৯১৬ সালে আমেরিকা জুড়ে পোলিও প্রায় ৬,০০০ মানুষের প্রাণ নিয়েছিল এবং আরও হাজারো

হাজারো পঙ্গু হয়ে পড়েছিল। ১৯৫০ সালে হিলারী কপরোভস্কি ২০জন শিশুর উপর ওরাল পোলিও ভ্যাকসিন এর পরীক্ষা করে সাফল্য পান। পরবর্তিতে ১৯৫৪ সালে আমেরিকায় ২ মিলিয়ন শিশুর উপর এই টিকা প্রয়োগে ব্যাপক সুফল পাওয়া যায়। টিকা আবিষ্কারের পূর্বে প্রতি বছর বিশ্বে ১৫ থেকে ২০ হাজার শিশু পোলিও রোগে মৃত্যুবরণ করতো। ১৯৭৯ সালে রোটারি ইন্টান্যাশনাল পোলিও কার্যক্রমে যোগ দেয়।

## পোলিওপ্লাস কর্মসূচী

বিশ্ব থেকে পোলিওমায়েলিটিস দূর করার জন্য পোলিওপ্লাস হল রোটারির বিশাল প্রচেষ্টা। উন্নয়নশীল দেশের শিশুদের পোলিওর বিরুদ্ধে টীকাদান কার্যক্রমের জন্য পাঁচ বছরের জন্য ১২০ মিলিয়ন ডলার সংগ্রহের লক্ষ্য নিয়ে ১৯৮৫ সালে এটা শুরু হয়েছিল। ১৯৮৮ বিশ্ব স্বাস্থ্য সংস্থা তাদের বার্ষিক সভায় পৃথিবী থেকে পোলিও নির্মূলের প্রকল্প হাতে নেয় এবং রোটারি ইন্টান্যাশনালও এই কার্যক্রমে যোগ দেয়।
বিশ্ব স্বাস্থ্য সংস্থা, ইউনিসেফ এবং ইউএস সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন, জাতীয় সরকার এবং অন্যান্যদের সাথে অংশীদারিতে বিশ্বজনীন পোলিও দূরীকরণ অভিযানে রোটারি ইন্টারন্যাশনালও যুক্ত হয়ে বিশ্ব থেকে পোলিও নির্মূলে নিরলস কাজ করে যাচ্ছে। এই প্রচেষ্টার সাথে এখন যুক্ত হয়েছে বিল ও মিলিন্ডা গেটস ফাউন্ডেশন। ২০১৯ সালে পোলিও নির্মূলে ৫ বছর মেয়াদি যে বাজেট ঘোষনা করা হয়েছে তার পরিমান হলো ৪.২ বিলিয়ন ডলার। যা এই প্রচেষ্টাকে বিশ্বে সবচেয়ে ব্যয়বহুল সরকারী-বেসরকারী স্বাস্থ্য সংস্থা করে তুলেছে। সারা পৃথিবী এখন প্রায় পোলিওমুক্ত। সর্বশেষ ২টি দেশের মধ্যে আফগানিস্থানে সেপ্টেম্বর ২০২৩ থেকে এবং পাকিস্তানে অক্টোবর ২০২৩ থেকে নতুন কোনও পোলিও রোগী পাওয়া যায়নি। পোলিও প্লাস কার্যক্রমের অর্থ হচ্ছে রোটারিয়ানরা শুধু পোলিও নিমূল করেই শেষ করবে না তারা পোলিও পরবর্তী সংক্রামক রোগ প্রতিরোধে অবকাঠামো গড়ে তুলতে কাজ করবে। আজ পর্যন্ত বিশ্ব যত মানবতবাদী পরিষেবা দেখেছে এটি তার মধ্যে বৃহত্তম । প্রত্যেক রোটারিয়ান এই সাফল্যের গর্বিত অংশীদার।






# রোটারির কৌশলগত পরিকল্পনা

## Rotary's Strategic Plan

### রোটারির রূপকল্প বর্ণনা Rotary's Vision Statement

সবাই মিলে, আমরা এমন এক পৃথিবী দেখি যেখানে মানুষ ঐক্যবদ্ধ হয়ে নিজের, সমাজের তথা সারা বিশ্বের স্থায়ী পরিবর্তনের জন্য পদক্ষেপ নেয়। ১৯০৫ সালে রোটারি প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে রোটারির অভিজ্ঞতার কেন্দ্রবিন্দুতে ছিল ব্যক্তিগত এবং পেশাগত যোগাযোগ তৈরি করা এবং অন্যের প্রয়োজন মেটানো । বিশ্বব্যাপী ক্লাবগুলিতে এই অভিজ্ঞতা ছড়িয়ে দেওয়ার আমাদের সক্ষমতাই রোটারির শক্তির প্রমাণ। পোলিও নির্মূলের দ্বারপ্রান্তে দাঁড়িয়ে রোটারি পরবর্তী চ্যালেঞ্জের জন্য নিজেকে প্রস্তুত বলে মনে করে। একটি নতুন রূপকল্প নিয়ে সামনে এগিয়ে যাওয়ার এখনই সঠিক সময় যেখানে আরও বেশি লোককে একত্রিত করে, এর প্রভাব আরও বৃদ্ধি করে বিশ্বব্যপী স্থায়ী পরিবর্তনের সূচনা করবে। আজকের পৃথিবীর সাথে ১৯০৫ সালের তুলনা করলে চলবে না। জনসংখ্যার সাথে সম্পর্কিত বিভিন্ন সূচকের পরিবর্তন হয়েছে, পরিবর্তনের গতি ত্বরান্বিত হয়েছে এবং প্রযুক্তি সংযোগ এবং সেবার ক্ষেত্রে নতুন সুযোগ তৈরি করেছে। যা পরিবর্তন হয়নি তা হলো রোটারিকে সংজ্ঞায়িত করার অন্তর্নিহিত মানগুলির, যথা: **ফেলোশিপ, অখন্ডতা, বৈচিত্র্য, সেবা এবং নেতৃত্ব**। আমাদের অতীতকে সম্মান আর ভবিষ্যতকে আলিঙ্গন করার মাধ্যমে, আমরা রোটারিটিকে কেবল প্রাসঙ্গিকই নয়, উন্নত করতে পারি।
রোটারি ইন্টারন্যাশনাল এবং দি রোটারি ফাউন্ডেশনের রূপকল্প অর্জন করতে, চারটি অগ্রাধিকার নির্ধারণ করা হয়েছে যা আগামী পাঁচ বছরে আমাদের কাজকে নির্দেশ করবে।

### আমাদের প্রভাব বৃদ্ধি করা (Increase Our Impact)

রোটারি অন্যের জীবনের ইতিবাচক পরিবর্তনের জন্য চেষ্টা করে। সদস্যরা বিস্তৃত সেবা কার্যক্রমের জন্য স্বেচ্ছাশ্রম এবং অর্থ বিনিয়োগ করে, তবে রোটারি আরও ভালভাবে আমাদের কাজের ফলাফল এবং এর পরিনাম সঠিকভাবে পরিমাপ করতে পারবে । রোটারি কার্যক্রমে নিবদ্ধ থেকে এবং এর স্থায়ী প্রভাবের প্রমাণ তৈরি করার মাধ্যমে তার সদস্য, অংশীদার এবং দাতাদের আকর্ষণ করে যেতে পারে।

**উদ্দেশ্য:**

- পোলিও নির্মূল এবং উত্তরাধিকার উত্তোলন।
- কর্মসূচী ও উপহারগুলিকে সুনির্দিষ্ট করে তুলে ধরা।
- আমাদের অর্জন এবং তার প্রভাব পরিমাপের সক্ষমতার উন্নতিসাধন করা।

### আমাদের পরিধির বিস্তৃতি ঘটানো (Expand Our Reach)

মানুষ পৃথিবীতে পার্থক্য গড়ার এবং অন্যদের সাথে যোগাযোগের উপায় খুঁজে। রোটারিতে তারা যা খুঁজছে তা পেতে আমরা কীভাবে তাদের সহায়তা করব? আরও বেশি লোক এবং সংস"াকে সম্পৃক্ত করার অনন্য সুযোগ তৈরি করে।

ক্লাবগুলির গুরুত্ব সবসময় থাকবে। তবে রোটারির বিশ্বব্যাপী পরিধি বিস্তারের লক্ষ্যে, আমরা নতুন উদ্ভাবনী মডেল তৈরী করে আমাদের বর্তমান কাঠামোটিকে প্রসারিত করব যা রোটারিতে আরও যোগদানকারীদের স্বাগত জানাবে এবং তাদের ঐক্যবদ্ধ হয়ে কিছু করার অর্থপূর্ণ পথ দেখাবে।

**উদ্দেশ্য:**

- সদস্যপদের বৈচিত্র এবং অংশগ্রহন বৃদ্ধি।
- রোটারিতে নতুন চ্যানেল তৈরি করা।
- রোটারির উন্মুক্ততা এবং আবেদন বৃদ্ধি।
- আমাদের প্রভাব এবং ব্র্যান্ড সম্পর্কে সচেতনতা বৃদ্ধি।

**অংশগ্রহনকারীদের সম্পৃক্ততা বৃদ্ধি (Enhance Participant Engagement)**

বর্তমান পরিবর্তিত বিশ্বে ক্লাবগুলি যে সমস্ত চ্যালেঞ্জের মুখোমুখি হয়েছে তার স্বীকৃতি দেওয়ার মাধ্যমে, রোটারি তাদের সদস্যদের সম্পৃক্ত করে ধরে রাখার অভিজ্ঞতা প্রচারে ক্লাবগুলির প্রচেষ্টাকে সমর্থন করবে। আমরা যখন ক্লাবগুলিকে সদস্যদেরকে দেয়া তাদের অভিজ্ঞতা এবং মূল্যবোধের দিকে মনোনিবেশ করতে সহায়তা করি, আমরা রোটারিয়ান এবং অন্যান্য অংশগ্রহণকারীদের একসাথে সেবা করার, একে অপরের সাথে সংযুক্ত হওয়ার এবং রোটারির সাথে আরও সন্তোষজনক অভিজ্ঞতা অর্জনের সুযোগ দিয়ে থাকি।

**উদ্দেশ্য:**

- তাদের সদস্যদের আরও ভালভাবে জড়িত করার জন্য ক্লাবগুলিকে সহায়তা করা।
- মান প্রদানের জন্য একটি অংশগ্রহণকারী-কেন্দ্রিক পদ্ধতির বিকাশিত করা।
- ব্যক্তিগত ও পেশাগত যোগাযোগের জন্য নতুন সুযোগগুলি সরবরাহ করা।
- নেতৃত্বের বিকাশ এবং দক্ষতার প্রশিক্ষণের ব্যবস্থা করা।

**আমাদের মানিয়ে নেয়ার সক্ষমতা বৃদ্ধি করুন (Increase Our Ability to Adapt)**

রোটারির রূপকল্প অর্জনের লক্ষ্যে এবং পরিবর্তনশীল বৈশ্বিক প্রবণতার সাথে তাল মিলিয়ে চলার স্বার্থে আমাদের কাঠামো ও সংস্কৃতির বিকাশ প্রয়োজন। আমরা নিশ্চিত করব যে, আমাদের পরিচালনা ও নিয়ন্ত্রণ কাঠামো আমাদের অংশগ্রহণকারী সকলকে সেবা প্রদানের ক্ষেত্রে দক্ষ, নমনীয় এবং কার্যকর হবে।

**উদ্দেশ্য:**

- গবেষণা, উদ্ভাবন ও ঝুঁকি নেওয়ার জন্য প্রস্তুত থাকার সংস্কৃতি গড়ে তোলা।
- পরিচালনা, কাঠামো এবং প্রক্রিয়ায় সুশাসন প্রতিষ্ঠা করা।
- সিদ্ধান্ত গ্রহণে দৃষ্টিভঙ্গিগত বৈচিত্র আনতে প্রশাসনের পর্যালোচনা করা।

রোটারির কৌশলগত পরিকল্পনার আরও তথ্য পেতে রোটারি ওয়েবসাইট ভিজিট করুন www.rotary.org



# 7 ROTARY'S AREAS OF FOCUS

## রোটারির দৃষ্টিতে ৭টি বিশেষ জনগুরুত্বপূর্ণ কাজের ক্ষেত্র

রোটারির সকল কাজ হলো কমিউনিটিকে ঘিরে। প্রত্যেক কমিউনিটির নিজস্ব কিছু চাহিদা বা বিষয় আছে। যদিও রোটারী সমাজে নানা উপায়ে বিভিন্ন রকম কাজ করে কিন্তু তার মূল দৃষ্টি থাকে ৬টি মৌলিক বিষয়ের দিকে যার মাধ্যেমে সমাজে সর্বাধিক প্রভাব রাখা বা প্রভাব ফেলার বিষয় থাকে। এটা আমাদের দীর্ঘ দিনের অভিজ্ঞতায় দেখা গেছে, পৃথিবীর যেকোনো স্থানের সবচেয়ে মানবিক এবং আলোচিত চাহিদাগুলো মূলত এই ৬টি মৌলিক বিষয়কে ঘিরে ঘুরপাক খায়। এই ৬টি গুরুত্বপূর্ণ বিষয় হলো :

১ **শান্তি ও বিরোধ প্রতিরোধ মীমাংসা।**
Peace and conflict prevention/resolution.

২ **রোগ প্রতিরোধ ও চিকিৎসা**
Disease prevention and treatment.

৩ **পানি ও পয়ঃনিষ্কাশণ**
Water and sanitation.

৪ **মাতৃ ও শিশু স্বাস্থ্য**
Maternal and child health.

৫ **মৌলিক শিক্ষা ও স্বাক্ষরতা**
Basic education and literacy.

৬ **অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন।**
Economic and community development.

৭ **পরিবেশ সংরক্ষণ।**
Supporting the environment

রোটারিয়ানদের ও রোটারি ক্লাবগুলোর কর্ম পরিকল্পনা এবং বিভিন্ন সেবামূলক কর্মকান্ড গ্রহনের ক্ষেত্রে এই ৭টি বিষয়কে প্রাধান্য দিয়ে গ্রহন করতে উৎসাহিত করা হয়।

# শান্তি ও যুদ্ধ বা বিরোধ মীমাংসা

এখানে দুইটি বিষয়ের উপর গুরুত্ব দিতে হবে সেগুলো হলোঃ

## ক) বিরোধ বা সংঘাতকে চিহ্নিত করা

### বাস্তব চিত্র

২০ হাজার লোক প্রতিবছর মারা যায় ভূমি মাইনের বিস্ফোরণে।
যুদ্ধ বা সশস্ত্র সংগ্রামের কারণে পৃথিবীর বিভিন্ন দেশে প্রায় ৫ কোটি ১০ লক্ষ মানুষ তাদের মাতৃভূমি থেকে বিতারিত হয়ে শরণার্থী হিসেবে বাস করছে।
যুদ্ধের কারণে মৃত্যুর শতকরা ৯০ জনই হচ্ছে বেসামরিক বা সাধারণ মানুষ এবং এর প্রায় অর্ধেকই শিশু।

### করণীয়

এই যুদ্ধ বা বিরোধের মূল কারণ খুঁজে বের করা।
এই যুদ্ধ বা বিরোধ জিইয়ে রাখার ক্ষেত্রে কোন কোন ফ্যাক্টর কাজ করছে তা নির্ণয় করা এবং মিটিয়ে ফেলার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা।
এই যুদ্ধ বা বিরোধের কারণে যারা হিংস্রতা বা নির্যাতনের শিকার হচ্ছে তাদেরকে সাহায্য করা।
এই যুদ্ধ বিদ্ধস্ত এলাকায় ত্রাণ সামগ্রী দিয়ে সহায়তা করা।
যুদ্ধের কারণে যেসকল শিশু এতিম হচ্ছে বা আহত হচ্ছে তাদেরকে সাহায্য সহযোগীতা করা।

### সাফল্যের পরামর্শ

গৃহীত প্রজেক্টগুলোতে সমাজের নারী, ধর্মীয় ও ক্ষুদ্র জাতিগোষ্ঠি সহ প্রান্তিক মানুষের প্রতিনিধিসহ সকল স্তরের মানুষের প্রতিনিধিত্ব থাকা বাঞ্চনীয়। এমনকি সংঘাতের পরস্পর বিরোধী গ্রুপের প্রতিনিধিদেরও অন্তর্ভুক্ত করা যেতে পারে।
উল্লেখিত কমিউনিটির প্রচলিত আচার ও নিয়মকানুনকে সম্মান করতে হবে।



## খ) সংঘাত প্রতিরোধ, বিরোধ মীমাংসা এবং শান্তি স্থাপন

### বাস্তব চিত্র

- প্রায় ৩ লক্ষ শিশু বা নাবালক যোদ্ধা (১২ বছরের কম বয়সী ছেলে-মেয়ে) আছে যারা এই যুদ্ধে অংশ নিয়েছে।

### করণীয়

- বিরোধ নিস্পত্তি এবং মধ্যস্ততার কৌশল হিসেবে সার্ভিস প্রজেক্ট গুলোকে সংঘবদ্ধ করতে হবে এবং এ কাজে স্থানীয় স্কুল, এতিমখানা, কারখানা এবং কমিউনিটি সেন্টারগুলোকেঅন্তর্ভুক্ত করা যেতে পারে।
- সেই সব প্রজেক্টগুলোই অর্ন্তভুক্ত করতে হবে যেগুলো এই যুদ্ধ বা বিরোধের অর্ন্তনিহিত কারণ, যেমন - দারিদ্র, অসমতা, জাতিগত সমস্য, নিরক্ষরতা, সম্পদের অসম বন্টন।
- শান্তির বার্তা বিশ্বের অপর প্রান্তে পৌঁছে দিতে হবে বন্ধুত্ব ও সেবামূলক কর্মকান্ডের মাধ্যমে।
- এখান থেকে রোটারি পিস ফেলোশিপ এর জন্য যোগ্য প্রার্থী নির্বাচন করুন।

### সাফল্যের পরামর্শ

- অভিনয় এবং খেলাধুলার মাধ্যমে শিশু এবং তরুণ-যুবকদের সামাজিক সংঘাত ও বিরোধের মিমাংসা করা যেতে পারে।
- সার্ভিস প্রজেক্টের অংশ হিসেবে কমিউনিটি লিডার বা সামাজিক নেতৃত্বকে প্রশিক্ষন দিয়ে সংঘাত নিরসনে পারস্পারিক আলোচনায় মধ্যস্ততার ভূমিকা নিয়ে সংকট সমাধানের চেষ্টা করা যেতে পারে।
- রোটারি পিস ফেলো সহ বিভিন্ন সংগঠনকে সাথে নিয়ে সংকট নিরসনের চেষ্টা করতে হবে।
- কলেজ পর্যায়ের ছাত্র-ছাত্রীদের নিয়ে মডেল জাতিসংঘ অধিবেশন আয়োজন করা যেতে পারে।
- সামাজিক বা পারিবারিক পর্যায়ে ভাঙ্গা পরিবার/সম্পর্ক মীমাংসার উদ্যোগ নেয়া।

# রোগ প্রতিরোধ ও চিকিৎসা



এখানে দুইটি বিষয়ের উপর গুরুত্ব দিতে হবে সেগুলো হলোঃ

## ক) রোগ প্রতিরোধ

### বাস্তব চিত্র

- বিশ্বে প্রায় ১০০ কোটি মানুষ ট্রপিক্যাল ডিজিজ যেমন - ডেঙ্গু, লেপ্রসিসহ ইত্যাদি রোগের সঠিক চিকিৎসা থেকে বঞ্চিত।

### করণীয়

- স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম গ্রহণ করা।
- ডেঙ্গু, লেপ্রসিসহ বর্তমান সময়ের মহামারি কোভিড-১৯ ইত্যাদি রোগের বিস্তার এবং এর প্রতিরোধ এর উপায় নিয়ে জনসচেতনতা মূলক কার্যক্রম গ্রহন করা যেতে পারে।
- এই সকল সংক্রামক রোগের বিরুদ্ধে টিকা নিতে সাহায্য করা।

### সাফল্যের পরামর্শ

- রোটারির সদস্যদের মধ্যে যারা চিকিৎসক বা জনস্বাস্থ্য বিশেষজ্ঞ আছেন তাদের পরার্মশ নিবেন।
- স্থানীয় এবং আঞ্চলিক হাসপাতাল, ক্লিনিক, বিশ্ববিদ্যালয় এবং স্বাস্থ্যমন্ত্রনালয়ের সাথে যোগাযোগ রাখবেন।
- কমিউনিটি স্বাস্থ্যকর্মিও মেডিকেল ভলান্টিয়ার্সদেরকে টিকাদান কর্মসূচীতে সম্পৃক্ত করা যেতে পারে।
- চলমান প্রজেক্টগুলোতে সকল সামাজিক স্বাস্থ্যসেবা প্রদানকারী সংস্থা সমূহকে সাথে নিয়ে কাজ করা যেতে পারে।



## খ) স্বাস্থ্য সেবা

### বাস্তব চিত্র

- ২৪ লক্ষ ডাক্তার, নার্স ও স্বাস্থ্যকর্মীর প্রয়োজন।
- ৫৭ টি দেশে প্রতি ১০ হাজার লোকের জন্য ২৩ জনের কম স্বাস্থ্যকর্মী আছে।
- ১০ কোটি মানুষ প্রতি বছর তাদের স্বাস্থ্য ব্যয় মিটাতে গিয়ে দারিদ্রতার মুখে পতিত হচ্ছে।
- সারা বিশ্বে ৬ জনে ১ জন তার স্বাস্থ্য সেবার ব্যয় পরিশোধ করতে পারে না।

### করণীয়

- স্বল্প মূল্যে স্বাস্থ্য সেবা পৌছে দেওয়ার ব্যবস্থা করা।
- স্বাস্থ্যকর্মীদের স্কলারশীপ বা বৃত্তি প্রদানের মাধ্যমে শিক্ষা বা প্রশিক্ষনের ব্যবস্থা করা এবং তাদের কাজের স্বীকৃতি প্রদানের ব্যবস্থা করা।

### সাফল্যের পরামর্শ

- স্থানীয় হেল্থ সেন্টার বা স্বাস্থ্যসেবাদানকারী প্রতিষ্ঠান সমূহের সাথে এক সাথে কাজ করতে পারেন যাতে ভিন্ন ভিন্ন বিষয়ের চিকিৎসক বা স্বাস্থ্যকর্মি আকৃষ্টবোধ করেন।
- ট্রেইনিং গ্রহণকারীরা যেখানে অবস্থান করেন তার আশেপাশেই প্রশিক্ষনের স্থান হাওয়া বাঞ্চনীয়।

# পানি ও পয়ঃনিষ্কাশন

এখানে দুইটি বিষয়ের উপর গুরুত্ব দিতে হবে সেগুলো হলোঃ

## ক) পয়ঃনিষ্কাশন ও পরিষ্কার পরিচ্ছন্নতা

### বাস্তব চিত্র

- ২৫ কোটি মানুষ জনস্বাস্থ্য সেবা থেকে বঞ্চিত।
- প্রতিদিন ১৪শ শিশু মারা যায় অনিরাপদ পানি ও পয়নিষ্কাশন ব্যবস্থার কারণে।

### করণীয়

- টয়লেট এবং পায়খানা নির্মাণ/প্রদানের মাধ্যমে জনস্বাস্থ্য ও পয়নিষ্কাশন ব্যবস্থার উন্নতি ঘটাতে হবে।

- পরিষ্কার পরিচ্ছন্নতা এবং সাধারণ স্বাস্থ্যবিধি মেনে চলার অভ্যাস গঠনের উপর গুরুত্ব প্রদান করে নানা প্রকার শিক্ষামূলক কার্য্যক্রম গ্রহন করা যেমন- সঠিকভাবে সাবান ও পানি দিয়ে হাত ধোয়ার মাধ্যমে আমরা ডায়ারিয়ার প্রকোপ শতকরা ৩৫ ভাগ কমিয়ে আনতে পারি।

### সাফল্যের পরামর্শ

- নির্দিষ্ট এলাকায় না গিয়ে ঐ এলাকার সমস্যা সমাধানে কোন উপদেশ দিবেন না।
- পরিষ্কার পরিচ্ছন্নতা এবং পানি সম্পদকে একটা কথা মনে রাখবেন খুব কম লোকই তৃষ্ণার্ত হয়ে মৃত্যুবরণ করে কিন্তু লক্ষ লক্ষ লোক মারা যায় প্রতিরোধ যোগ্য পানি বাহিত রোগের কারণে।

## খ) বিশুদ্ধ পানির নিশ্চয়তা ও সরবরাহ

### বাস্তব চিত্র

- ৭৪ কোটি ৮০ লক্ষ মানুষ এখনো বিশুদ্ধ পানি থেকে বঞ্চিত।
- এখনো আফ্রিকার কোন কোন স্থানে দিনের ৬ ঘন্টা ব্যয় হয় কোন দূরবর্তী স্থান থেকে খাবার পানি সংগ্রহ করতে।

### করণীয়

- নলকূপ স্থাপনের মাধ্যমে আমরা মাটির তলদেশ থেকে পরিষ্কার পানি উত্তোলন করতে পারি।
- বৃষ্টির পানিকে ধরে রেখে খাবার পানি হিসেবে ব্যবহারের উপযুক্ত করার প্রক্রিয়া গ্রহন করা যেতে পারে।
- ফিল্টার, সোলার পদ্ধতিতে পানি জীবানুমুক্তকরণ পদ্ধতির মাধ্যমে খাবার পানি বিশুদ্ধ করার উপকরণ সরবরাহ করা।
- ক্লোরিন টেবলেট এবং প্লাস্টিক বোতল সূর্যালোকে রেখে খাবার পানি বিশুদ্ধ করণের মতো সাশ্রয়ী প্রকল্প গ্রহন করা।

### সাফল্যের পরামর্শ

- কমিউনিটির সাথে একত্রে একটা পানি বিষয়ক কমিটি গঠন করবেন এবং একটা ফি এর ব্যবস্থা রাখবেন যা দিয়ে এই প্রজেক্টের কার্যক্রম অব্যাহত রাখা যায়।
- নতুন কোন নলকূপ স্থাপনের আগে ঐ অঞ্চলের নিরাপদ পানির প্রাপ্যতার সম্পর্কে নিশ্চিত হতে হবে এবং পরিবেশগত ভাবে যাতে দীর্ঘস্থায়ী হয় সেদিকে খেয়াল রাখতে হবে।
- সরকার অনুমোদিত টেকনোলজি এবং যন্ত্রপাতির ব্যবহার করুন যাতে পরবর্তিতে অতিরিক্ত যন্ত্রাংশ পেতে সমস্যা না হয়।






## মাতৃ ও শিশু স্বাস্থ্য

এখানে দুইটি বিষয়ের উপর গুরুত্ব দিতে হবে সেগুলো হলোঃ

## ক) শিশু স্বাস্থ্য সেবা

### বাস্তব চিত্র

- প্রতিবছর ৫ বছরের কম বয়সী প্রায় ৬৩ লক্ষ শিশু মারা যায় অপুষ্টি অপর্যাপ্ত স্বাস্থ্যসেবা ও দূর্বল পয়নিষ্কাশন ব্যবস্থার কারণে।
- হাম, ম্যালেরিয়া, নিউমোনিয়া, এইডস এবং ডায়রিয়া ৫ বছরের কম বয়সী শিশুদের মৃত্যুর প্রধান কারণ।
- অপরিষ্কার পানির মাধ্যমে ডায়রিয়া সহ পেটের পিড়া সহ শিশুর পুষ্টিহীনতা বৃদ্ধি পায়।

### করণীয়

- হাম, ম্যালেরিয়া, নিউমোনিয়া, এইডস এবং ডায়রিয়া এইসব রোগের টিকা এবং এন্ডিবায়োটিক প্রদান করার মাধ্যমে এসকল শিশুদের স্বাস'্যসেবা উন্নয়ন করা যেতে পারে।
- মায়ের থেকে শিশুর মধ্যে যাতে এইচ আই ভি সংক্রমন না হয় সে জন্য এন্টিরেট্রোভাইরাল ড্রাগের ব্যবহার ও হর্মোলা খাওয়ানো নীতিমালা প্রদান করা।
- পরিষ্কার পানি সরবরাহ, স্বাস'্যসম্মত পয়নিষ্কাশন ব্যবস'া ও পরিষ্কার পরিচ্ছন্নতা বিধান বিষয়ক কর্মকান্ডের মাধ্যমে শিশুর অপুষ্টি, ডায়রিয়া প্রতিরোধ করা সম্ভব।
- ভালো পুষ্টিকর খাবার সরবরাহ করা।
- শিশুদের বুকের দুধ খাওয়াতে মায়েদের উৎসাহিত করতে হবে।

## সাফল্যের পরামর্শ

●কাজ শুরুর পূর্বে জন্মনিয়ন্ত্রণ সম্পর্কে সুবিধাভোগী জনগোষ্ঠির বিশ্বাস এবং খোলামেলা রায় নিতে হবে যাতে করে সবার সাথে কাজের ক্ষেত্রে ভালো সম্পর্ক বিরাজ করে।

# খ) মাতৃ স্বাস্থ্য

## প্রসবপূর্ব গর্ভকালীন সেবা ও প্রসবকালীন সেবা

### বাস্তব চিত্র

- নিরাপদ ও কার্যকর জন্মনিয়ন্ত্রন পদ্ধতির অভাবের কারণে বিশ্বে ২২ কোটি ২০ লক্ষ নারী তাদের ইচ্ছে মতো গর্ভধারণ করা থেকে বিরত থাকতে হচ্ছে।
- কার্যকর জন্মনিয়ন্ত্রন ব্যবস্থা গ্রহণের ফলে মাতৃ মৃত্যু হার একতৃতীয়াংশ কমিয়ে আনা সম্ভব।
- আফ্রিকা এবং সাহারা মরুভূমি অঞ্চলে প্রতি ৩৯ জন এর মধ্যে ১ জন নারী গর্ভধারণ অথবা প্রসবকালীন জটিলতায় মৃত্যুবরণ করে।
- প্রসুতিকালীন স্বাস্থ্যসেবা এবং প্রশিক্ষিত স্বাস্থ্য কর্মি নিশ্চিত করা গেলে শতকরা ৮০ ভাগ মাতৃর মৃত্যু প্রতিরোধ করা সম্ভব।

### করণীয়

- জন্মনিয়ন্ত্রন ব্যবস্থা সম্পর্কে সচেতন করা।
- জন্মনিয়ন্ত্রনের বড়ি ও অন্যান্য উপকরণ সরবরাহ করা।
- স্বাস্থ্য কর্মিদের বাচ্চা প্রসব করানোর ব্যাপারে প্রয়োজনীয় প্রশিক্ষনের ব্যবস্থা করা এবং প্রসব কার্যে ব্যবহৃত সরঞ্জাম সরবরাহ করা।

### সাফল্যের পরামর্শ

- স্থানীয় জনগোষ্ঠিকে এই প্রশিক্ষন কার্যক্রমে সম্পৃক্ত করার মাধ্যমে কর্মসূচির স্থায়ীত্ব নির্ভর করবে।
- রোটারিয়ানদের মধ্যে যারা স্ত্রীরোগ ও ধাত্রী বিদ্যা বিশেষজ্ঞ আছেন তাদের সাথে পরামর্শ করবেন।
- মাতৃ ও শিশু স্বাস্থ্য বিষয়ে অভিজ্ঞতা সম্পন্ন স্থানীয় যেসব সংস্থা আছে তাদের সাথে নিয়ে কাজ করা যেতে পারে।



# মৌলিক শিক্ষা ও স্বাক্ষরতা

এখানে দুইটি বিষয়ের উপর গুরুত্ব দিতে হবে সেগুলো হলোঃ

## ক) শিক্ষক প্রশিক্ষণ

### বাস্তব চিত্র


- সার্বজনীন প্রাথমিক শিক্ষার লক্ষ্য মাত্রা অর্জন করতে হলে বিশ্বব্যাপী এখনো ১৭ লক্ষ শিক্ষক প্রয়োজন।

### করণীয়

- শিক্ষক প্রশিক্ষন এবং ক্লাস রুম নির্মাণ।
- বৃত্তিমূলক প্রশিক্ষনের জন্য প্রশিক্ষক টিম  প্রেরণ।

### সাফল্যের পরামর্শ

- শিক্ষকদের সাথে দীর্ঘমেয়াদী সম্পর্ক স্থাপন করবেন যাতে তারা নিয়মিত ট্রেইনিং এর বিষয়বস্তু নিয়ে চর্চা করতে পারে।
- শিক্ষা অফিসারদের সাথে পরামর্শ করে প্রশিক্ষন কর্মসূচি ও পাঠক্রম ঠিক করবেন।



## খ) ছাত্রদের সহযোগীতা

### বাস্তব চিত্র

- ১৫ বছরের বেশি ৭৮ কোটি ১০ লক্ষ মানুষের মধ্যে শতকরা ৬০ জন নারী নিরক্ষর।
- সারাবিশ্বে প্রায় ৫ কোটি ৭০ লক্ষ শিশু স্কুলে যেতে পারেনা।

### করণীয়

- গ্রাম এলাকায় পাঠক্রম উন্নয়নে প্রশিক্ষনের ব্যবস্থা করা।
- ক্লাসে এবং ক্লাসের পরে শিক্ষা কার্যক্রম পরিচালনার জন্য স্বেছাসেবক শিক্ষক টিমের ব্যবস্থা করা।
- বয়স্ক শিক্ষা কার্যক্রম শুরু করা।
- সিএলই শিক্ষা কার্যক্রমকে সহায়তা করা।
- আপনার কমিউনিটিতে ছাত্রদের মাঝে একজন মেন্টরের দায়িত্ব দেয়া যেতে পারে।
- শিক্ষার্থীদের দুপুরের টিফিন এবং বিশুদ্ধ খাবার পানি ও পরিচ্ছন্নতা উপকরণ বিতরণ করা।

### সাফল্যের পরামর্শ

- মেয়েদের শিক্ষা কার্যক্রমে অংশ গ্রহণের বাধা সমূহ দূর করতে হবে যেমন সাংস্কৃতিক আচরণ, নিরাপত্তা এবং মেয়েদের গৃহস্থালী কাজে অংশগ্রহণজনিত সমস্যা।
- মনে রাখতে হবে লিঙ্গ বৈষম্য দূর করতে না পারলে কোন কাজই সামাজিক উন্নয়নে ভূমিকা রাখতে পারবে না।
- ছাত্র, অভিভাবক, শিক্ষক এবং প্রশাসকদের সম্পৃক্ত করতে হবে।
- স্থানীয় সংগঠন সমূহ যারা CLE প্রোগ্রামে উপদেশ এবং জনবল দিয়ে সাহায্য করতে পারে তাদেরকে সাথে নিয়ে কাজ করতে হবে।



# অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন

এখানে দুইটি বিষয়ের উপর গুরুত্ব দিতে হবে সেগুলো হলোঃ

## উপার্জন এবং সঞ্চয়

### বাস্তব চিত্র

- প্রায় ১৯ কোটি মানুষের ব্যবসায়িক উদ্যোগে অর্থ যোগান দিচ্ছে মাইক্রো ফাইনান্স।

### করণীয়

- স্থানীয় অর্থলগ্নীকারক বা অর্থ যোগানদাতার সাথে অংশীদারিত্বের মাধ্যমে অর্থ সেবা প্রদান ব্যবস্থার উন্নতি ঘটানো এবং সমাজে অর্থনৈতিক অবকাঠামো তৈরি করা।
- মোবাইল ব্যাংকিং ব্যবস্থার সাথে মানুষকে সম্পৃক্ত করার মাধ্যমে সহজে টাকা সঞ্চয় ও অর্থ লেনদেনে সহযোগীতা করা।
- যন্ত্রপাতির যোগান দিয়ে কো-অপারেটিভ গুলোকে উৎপাদনে সহায়তা করা এবং উৎপাদিত পণ্য স্থানীয় বাজারে বিক্রিতে সহায়তা করা।
- বিভিন্ন কো-অপারেটিভদের সাথে অংশীদার হয়ে তাদের প্রশিক্ষন, যৌথ অর্থনৈতিক উদ্যোগ গ্রহণ, সদস্যদের সম্পদের যৌথ মালিকানা প্রদানের মাধ্যমে কো-অপারেটিভগুলোকে গণতান্ত্রিকভাবে পূর্নগঠন করা।

### সাফল্যের পরামর্শ

- যখন কোন উন্নয়নশীল সমাজের সার্ভিস প্রজেক্টকে সহায়তা করবেন তাদের অর্থনীতিকে চাঙ্গা করার জন্য সে ক্ষেত্রে মালামাল ক্রয় এবং সরবরাহ করবেন স্থানীয়ভাবে এবং অপ্রয়োজনীয় খরচ কমাতে চেষ্টা করবেন।
- রোটারি কমিউনিটি কর্পস (RCC) স্থাপন করুন এবং তাদের সদস্যদেরকে কাজের স্বাধীনতা দিবেন।
- RCC সদস্যরাই সমাজের অর্থনৈতিক উন্নয়নের বাধাগুলোকে চিহ্নিত করে স্থায়ী সমাধানের ব্যবস্থা করতে পারবেন।

# পরিবেশ সংরক্ষণ



## বাস্তব চিত্র

- প্রতিবছর ১ কোটি ৩০ লক্ষ মানুষের মৃত্যু হয় পরিবেশ বিপর্যয়ের কারণে।
- জলবায়ু পরিবর্তনের প্রভাব একক ভাবে মানুষের স্বাস্থ্যের জন্য বড় হুমকি। জলবায়ু সংকট আসলে স্বাস্থ্য সংকট।
- জলবায়ু পরিবর্তনের প্রভাব যেসব দেশের ওপর বেশি পড়ছে, এমন দেশগুলোর তালিকার প্রথম দিকে বাংলাদেশ। জলবায়ু পরিবর্তনের কারণে দেশে ঝড়-জলোচ্ছ্বাসের পরিমান বৃদ্ধি এবং প্রাকৃতিক দুর্যোগে মানুষের প্রানহানি, মানুষের ঘড়বাড়ি, ফসলের ক্ষতি হয়। নদী ভঙ্গনের কারণে দেশে প্রতিবছর ২০ থেকে ২৫ হাজার মানুষ গৃহহীন হয়। আবাসনসংকট, দারিদ্র ও নিরাপদ পানির অভাবের কারণে এসব মানুষ নানা ধরনের শারীরিক ও মানসিক স্বাস্থ্য সমস্যায় ভোগে।
- কৃষি উৎপাদন বাড়াতে জমিতে সার ও কীটনাশক এর অনিয়ন্ত্রিত ব্যবহার এবং সেই সার ও কীটনাশকের অবশেষ যায় জলাশয়, খাল-বিল ও নদীতে। এছাড়াও বড় শিল্প কারখানার অপরিশোধিত বর্জ্য নদীতে মাছ ও জলজ প্রাণীর উপর বিরুপ প্রভাব ফেলে।



## করণীয়

- পরিবেশ সংরক্ষণের মাধ্যমে আমরা বিশুদ্ধ বায়ু, পরিস্কার জল এবং স্বাস্থ্যকর মাটি পেতে পারি।
- প্রকৃতি ও পরিবেশ সুরক্ষিত থাকলে মানুষ ভালো থাকবে।
- মানুষ, জীবজন্তু ও উদ্ভিদের মধ্যকার সম্পর্ক এবং তাদের বসবাসের পরিবেশের স্বীকৃতির মাধ্যমে স্বাস্থ্যের সর্বোচ্চ ফলাফল অর্জন করাই এক স্বাস্থ্যের উদ্দেশ্য।

## সাফল্যের পরামর্শ

- শুধু মানুষের স্বাস্থ্যে মনযোগ দিলে, মানুষের স্বাস্থ্যে বিনিয়োগ করলে সুরক্ষা পাওয়া যাবে না। মানুষের পাশাপাশি প্রকৃতি-পরিবেশ, জীবজন্তু-পশুপাখি সবার স্বাস্থ্যকে গুরুত্ব দিতে হবে। সবার জন্য হবে এক স্বাস্থ্য।
- রোটারি ফাউন্ডেশন বৈশ্বিক অনুদান তহবিলের ১৮ মিলিয়নেরও বেশি ডলার গত ৫ বছরে পরিবেশ সম্পর্কিত প্রকল্পগুলোতে বরাদ্দ দিয়েছে।

# পরিশেষ

ব্যবসা ও পেশাগত কারণে আমরা একে অপরের সাথে গড়ে তুলি বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আর এ বন্ধুত্বের মধ্যে অবশ্যই থাকতে হবে বিশ্বাসযোগ্যতা-এটাই ছিলো রোটারি সৃষ্টির মূলভিত্তি। পেশাগত বন্ধুত্ব ও সৌহার্দ্যের সম্পর্কের কারণেই পরবর্তীতে সেবার আদর্শকে ধারণ করা সম্ভব হয়েছিলো। এ বন্ধুত্ব, সৌহার্দ্য ও সেবার আদর্শে বলীয়ান হয়ে একেকজন রোটারিয়ান ব্যক্তির উর্ধ্বে উঠে দেশের সীমানা ছাড়িয়ে আন্তর্জাতিকতাবাদের মন্ত্রে দীক্ষিত হতে পেরেছেন এবং সমগ্র মানবজাতির কল্যাণে সামর্থ্যের সবটুকু দিয়ে নিজকে উৎসর্গ করতেও পিছ পা হন না।

এসব কিছুই সম্ভব হয়েছে রোটারির মত একটি বৈশ্বিক সংগঠন আছে বলে। রোটারির প্রাথমিক সাংগঠনিক ইউনিট হলো ক্লাব, সারাবিশ্বের সকল রোটারি ক্লাবগুলোকে একটি ছাতার নিচে আনার জন্যই রোটারি ইন্টারন্যাশনাল গঠিত হয়। তবে রোটারির কর্মকান্ডকে সুন্দরভাবে পরিচালনার লক্ষ্যে ক্লাব ও রোটারি ইন্টারন্যাশনালের মাঝামাঝি রোটারি জেলা গঠিত হয়।

রোটারি শুধুই একটি ক্লাব নয় এটি একটি জীবনদর্শন। রোটারি সম্পর্কে জানার কোন শেষ নেই, জেনে বুঝে রোটারি করার মাঝে অন্যরকম আনন্দ নিহিত। অনেকেই নিছক আনন্দলাভের জন্য রোটারিতে আসলেও যখন পুরোপুরি জানার সুযোগ হয় তিনি হয়ে উঠেন মানবতার কল্যাণে অগ্রপথিক। সুতরাং

বাংলাভাষি মানুষের কাছে রোটারির আদর্শ, সংগঠন ও কর্মকান্ড পৌছে দেয়ার এই প্রয়াস ক্ষুদ্র হলেও প্রক্রিয়াটি ক্ষুদ্র নয়...

মাদার তেরেসা যেমন বলেছেন

**"The whole work is only a drop in the ocean. But if I didn't put the drop in, the ocean would be one drop less."**

সূত্র


- Rotary Mannual of Procedure.
- A Centuru of Service : The story of Rotary International
- The ABCs of Rotary
- Rotary Basics -A guide for New Members
- The Rotarian
- Rotary's Area of Focus
- Whats Rotary By Principal Lt.Col. (Retd.) M Ataur Rahman Pir
- আমি হৃদয়ের কথা বলিতে ব্যাকুল - রোটারিয়ান গোলাম মুস্তাফা